ⓚ to monitor a ceasefire ⓛ in monitoring a ceasefire
ⓜ for monitor a ceasefire ⓝ in order to monitor a ceasefire
Hints : *বাক্যের অর্থসংগতি রক্ষার জন্য পরবর্তী অংশে preposition + verb-এর ing হবে।*
চবি ইউনিট ডি (বিকাল; সেট-১) ২০২০-২১
উত্তর : খ

60. The sun — the tourists went to the hotels.
ⓚ set ⓛ being set
ⓜ having set ⓝ has set
Hints : *দুটি clause-এর subject ভিন্ন হলে প্রথম clause-এর have/had-এর পরিবর্তে having বসে + দ্বিতীয় clause বসে। সঠিক উত্তর (গ)।*
চবি ইউনিট ডি (বিকাল; সেট-১) ২০২০-২১
উত্তর : গ

61. The girl has been — by doing a full-time job and preparing for her exams.
ⓚ burning the candle at one end ⓛ burning the candle at both ends
ⓜ burning the candle ⓝ burning the candle in the day light
Hints : *Burn the candle at both ends– অপচয় করা। সঠিক উত্তর (খ)।*
চবি ইউনিট ডি (বিকাল; সেট-১) ২০২০-২১
উত্তর : খ

62. All that glitters— not gold.
ⓚ are ⓛ were ⓜ is ⓝ have
Hints : *All + of + plural noun/pronoun হলে 'all' plural হয় কিন্তু শুধু all pronoun হিসেবে বসলে 'all' singular verb গ্রহণ করে। তাছাড়া প্রদত্ত বাক্যটি একটি প্রচলিত প্রবাদ বাক্য, যেখানে শূন্যস্থানে is-ই বসবে। তাই সঠিক উত্তর (গ)।*
চবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট বিজ্ঞান ২০২০-২১
উত্তর : গ

63. — the work yet?
ⓚ Will you finish ⓛ Had you finished
ⓜ Have you finished ⓝ Do you finish
Hints : *কোনো বাক্যে yet, just, just now, ever, lately, recently থাকলে যেটি সর্বদা present perfect tense হবে। তাই, সঠিক উত্তর (গ)।*
চবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট বিজ্ঞান ২০২০-২১
উত্তর : গ

64. Be careful, don't – your keys.
ⓚ lose ⓛ loose ⓜ loss ⓝ lost
Hints : *Lose অর্থ হারানো যা verb-এর base form। প্রদত্ত প্রশ্নে don't থাকায় এটি present indefinite হিসেবে verb-এর base form গ্রহণ করবে ফলে, (ক) সঠিক।*
চবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট বাণিজ্য ২০২০-২১
উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

65. The host was— the number of guests.
ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট বাণিজ্য ২০২০-২১
উত্তর : গ
ⓚ count ⓛ counted ⓜ counting ⓝ counts
Hints : *Host অর্থ অতিথিসেবক। প্রদত্ত বাক্যে was থাকায় verb-এর সাথে ing যুক্ত হবে। Past continuous tense-এর নিয়ম অনুসারে সঠিক উত্তর (গ)।*

66. Use the right form of verb. She never (eat) anything in luncheon.
ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট কলা ও সামাজিক বিজ্ঞান ২০২০-২১
উত্তর : খ
ⓚ eat ⓛ eating ⓜ been eating ⓝ eats
Hints : *Third person singular number-এর পরে verb-এর সাথে s/es যুক্ত করতে হয়।*

67. By this time next year, I— all my exams.
ঢাবি ইউনিট ক ২০২০-২১
উত্তর : গ
ⓚ will taken ⓛ have taken
ⓜ will have taken ⓝ took
Hints : *নির্দিষ্ট সময়ের মধ্যে এবং ভবিষ্যত বুঝালে future perfect tense হবে। সুতরাং সঠিক উত্তর (গ) will have taken।*

68. The accident— last night. Choose the one that appropriately completes the sentence.
রাবি ইউনিট A; (গ্রুপ-৩) ২০২০-২১
উত্তর : গ
ⓚ was occurred ⓛ is occurred ⓜ occurred ⓝ has occurred
Hints : *Last, yesterday ইত্যাদি উল্লেখ থাকলে past indefinite tense হয়। প্রদত্ত প্রশ্নে last night উল্লেখ থাকায় verb-এর past form হিসেবে (গ) occurred হবে সঠিক উত্তর।*

69. Mary didn't do well in the class becuase —.
চবি ইউনিট-A (Shift-1; Set-2) ২০২০-২১
উত্তর : গ
ⓚ she studied bad ⓛ she was a badly student
ⓜ she studied badly ⓝ she succeeded to study properly
Hints : *Because যুক্ত প্রথম clause টি past indefinite-এ থাকায় পরের টিও একই tense-এ হবে। আবার studied-এর পর bad না হয়ে badly হবে। তাই সঠিক উত্তর (গ)।*

70. — we approached the house, we heard the sound of music.
চবি ইউনিট-A (Shift-2; Set-2) ২০২০-২১
উত্তর : গ
ⓚ Though ⓛ Then ⓜ When ⓝ because
Hints : *When (যখন) বসিয়ে বাক্যটি অর্থপূর্ণ হয় when + simple past + simple past। যার অর্থ হবে 'যখন আমরা বাসায় আগমন করেছিলাম, আমরা গানের শব্দ শুনেছিলাম'।*

71. Did he know — ?
চবি ইউনিট-A (Shift-2; Set-2) ২০২০-২১
উত্তর : Note
ⓚ When Mr. Khan will arrive at the airport
ⓛ when Mr. Khan would arrive at the airport
ⓜ when will Mr. Khan arrive at the airport
ⓝ when Mr. Khan would arrive at the airport
[Note : *When যুক্ত পূর্বের clause টি past-এ থাকায় পরেরটিও past হবে। এক্ষেত্রে (খ) ও (ঘ) দুটোই সঠিক।*

71. The changes in Bangladesh—
চবি ইউনিট A (শিফট-৩) ২০২০-২১
উত্তর : ঘ
ⓚ has occured in rapid ways ⓛ have been occured fasty
ⓜ have occured in rapid ways ⓝ have occured rapidly
Hints : *Changes plural হওয়ায় plural verb হবে এবং Present perfect এর গঠন প্রণালী (sub + have/has + v.p.p + ext) অনুসারে (ঘ) সঠিক।*

72. No sooner had he left— I came.
চবি ইউনিট A (শিফট-৩) ২০২০-২১
উত্তর : ক
ⓚ where ⓛ after ⓜ before ⓝ than
Hints : *No sooner যুক্ত past perfect tense এর structure হলো— No sooner + had + sub + vpp + than + sub + verb এর past form + ext। সুতরাং শূন্যস্থানে than বসবে উক্ত গঠন প্রণালী অনুসারে।*

Scanned with CamScanner

73. Only when each of the committee members — reading the instructions then can you — them to the hall.

ⓚ finishes, take ⓛ would finish, took
ⓜ finish, take ⓝ finished, take

Hints : *প্রদত্ত বাক্যটিতে 'each of the' থাকায় subjectটি singular এবং sentenceটি present indefinite tense হওয়ার কারণে verb যথাক্রমে 'finishes, take' হবে।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; সেট-১ (কর্ণফুলী-১) ২০২০-২১
উত্তর : ক

74. My wife — the dinner, because I had already cooked it.

ⓚ needn't have cooked ⓛ didn't have to cook
ⓜ wouldn't cook ⓝ may not have cooked

Hints : *কোনো বাক্যে একটি clause past perfect-এ থাকলে অপর clauseটি past indefinite হয়। অর্থাৎ অতীতে দুটি কাজ হবে, যেটা আগে হবে সেটা past perfect আর যেটা পরে হবে সেটা past indefinite।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; সেট-১ (কর্ণফুলী-১) ২০২০-২১
উত্তর : খ

75. It seems to me that they never gave a thought to probable future problems when the plans— five years ago.

ⓚ they laid down ⓛ were not laid down
ⓜ to be laid down ⓝ were being laid down

Hints : *প্রদত্ত বাক্যটির প্রথম clause past indefinite-এ থাকার কারণে পরের clauseটির passive form 'Were not laid down' হবে।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; সেট-১ (কর্ণফুলী-১) ২০২০-২১
উত্তর : খ

76. The physician insisted that the girl — for Covid-19 immediately.

ⓚ test ⓛ tested
ⓜ tests ⓝ had tested

Hints : *Insist, necessary, mandatory ইত্যাদি verb-এর পরে subjunctive নির্দেশ করতে verb-এর base form হয়।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; সেট-১ (কর্ণফুলী-১) ২০২০-২১
উত্তর : ক

77. Did Jamal study a lot last night? No, he — last night.

ⓚ hasn't study ⓛ studied not much
ⓜ hardly studied ⓝ didn't much study

Hints : *প্রশ্নটি past indefinite tense-এ থাকায় উত্তর past indefinite-এ হবে। আবার no থাকায় এটি negative হবে বিধায় (ঘ) সঠিক।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; [সেট-২; সাঙ্গু-২] ২০২০-২১
উত্তর : ঘ

78. Last week's supplementary budget package — to prevent US economy from falling even lower.

ⓚ is being designed ⓛ was designed
ⓜ has designed ⓝ had designed

Hints : *Last week, last month, yesterday ইত্যাদি উল্লেখ থাকলে past indefinite tense হয় বিধায় (খ) সঠিক হবে।*

চবি ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; [সেট-২; সাঙ্গু-২] ২০২০-২১
উত্তর : খ

79. Russia — earlier this week that it — all its troops out of Georgia.

ⓚ had announced/pulled ⓛ announces/would have pulled
ⓜ announced/had pulled ⓝ has announced/was pulling

Hints : *যেহেতু এখানে this week আছে, সেহেতু simple past tense হবে এবং পরের অংশের কাজটা যেহেতু তারও আগে হয়েছে তাই past perfect হবে। অপশন (গ) সঠিক।*

চবি ইউনিট বি (বিকাল; সেট-১ (হালদা)) ২০২০-২১
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

CHAPTER

10

SUBJECT–VERB AGREEMENT

Subject-এর number ও person অনুসারে verb-এর রূপ নির্ধারিত হয়, যাকে subject-verb agreement বলা হয়। অন্যদিকে একটি pronoun দ্বারা যে ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করা হয় তাকে ঐ pronoun-এর antecedent বলে। যেমন— কোনো বাক্যের subject যদি the girl হয় (the girl is preparing her lesson.) তাহলে তাকে নির্দেশ করতে পরবর্তীতে her ব্যবহৃত হয়, his নয়। এখানে her pronoun টির antecedent হলো the girl. এই pronoun ও antecedent-এর মধ্যকার মিল বা ঐক্যকে pronoun-antecedent agreement বলা হয়।

- **Sub-Verb Agreement-এর সাধারণ নিয়ম হলো subject যদি singular হয় তাহলে verbটিও singular হয়। অর্থাৎ number ও person ভেদে বিভিন্ন tense অনুযায়ী I-এর সাথে am, have, was এবং He-এর সাথে is, has, was হয়। subject plural হলে verb plural হয়।**

  Inc : Tomatoes grows all year long in China.

  Corr : Tomatoes **grow** all year long in China.

- **A. And দ্বারা দুই বা ততোধিক noun যুক্ত হয়ে যদি একই ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাহলে verbটি singular হবে আর পৃথক পৃথক ব্যক্তি/বস্তুকে বোঝালে verbটি plural হবে।**

  — The headmaster and secretary of the school **was** present in the meeting.

  — The headmaster and the secretary of the school **were** present in the meeting.

  Hints : *২য় বাক্যে subject-এর উভয় noun-এর সাথে the বসায় তাদেরকে পৃথকভাবে বুঝিয়েছে, তাই verbটি plural হয়েছে।*

  B. And দ্বারা দুটি singular বা plural subject যুক্ত হলে তার পরবর্তী verb plural হয়। যেমন—

  — Jamal and I **walk** to school.

- **সাধারণত and দ্বারা দুটি singular subject যুক্ত হয় তবে verb-টি plural হয়। তবে উক্ত noun দুটি দ্বারা একই ভাব বা অর্থ প্রকাশ করলে verb-টি singular হবে। যেমন :**

  — Slow and steady **wins** the race.

  — Bread and butter **is** my favourite breakfast.

  — The horse and carriage **is** ready.

ব্যতিক্রম : Time and tide wait for none। তবে গাণিতিক হিসাবের বেলায় একই subject হলে singular verb ব্যবহার করা যায়।

— Two and two **makes** four.

Scanned with CamScanner CamScanner

- Each বা every বাক্যের subject-এর স্থানে থাকলে, তারা and দ্বারা যুক্ত হলেও কিংবা each of + plural noun/pronoun হলেও verb সব সময় singular হবে এবং এর পর pronoun-ও singular হবে। যেমন :
  - Each boy and each girl has a pen.
  - Each of the boys gets food.
- দুই বা ততোধিক singular subject যদি or, nor, but দ্বারা যুক্ত হয় তাহলে তাদের পর singular verb ব্যবহৃত হয়।
  - He or his brother **has done** the work.
  - Neither he nor his brother **has done** the work.
  - Not Rina but Rana **is** responsible for this.
- Or, nor, but দ্বারা যদি একটি singular ও একটি plural subject যুক্ত হয় তাহলে plural subject-টি verb-এর কাছাকাছি বসে এবং verb-টি plural হয়। তেমনিভাবে ভিন্ন ভিন্ন person-এর subject উক্ত শব্দগুলো দ্বারা যুক্ত হলে নিকটবর্তী subject-এর person অনুযায়ী verb-টির রূপ নির্ধারিত হবে।
  - He or his **friends have** gone there.
  - Neither he nor his **brothers were** present.
  - Either you or **I am** wrong.
- Either of বা neither of যদি বাক্যের subject হয় তাহলে তার verb-টি singular হবে।
  - Neither of them **has** done this.
  - Either of them **was** present.
- One of বাক্যের subject হলে এর পর plural noun/pronoun হয় কিন্তু verb-টি singular হয়।
  - At least one of the students **gets** full marks every time.
  - One of my friends **is** a lawyer.
- Subject-এর headword অনুযায়ী verb-টি singular বা plural হয়। অর্থাৎ head word-টি singular হলে verb-টি singular হয়।
  - A selection of Nazrul's poems **has** been published to the joy of the readers.
- কোনো singular subject-এর পর as well as, in addition to, including, no less than, with, along with, together with etc + singular/plural noun বা pronoun থাকলে verb-টি সর্বদা singular হবে।
  - The father with his three sons **has** left the place.
  - Tania as well as her friends **is** participating in the party.
- Anybody, anyone, no one, nobody, somebody, someone, something, nothing, everyone, everybody, everything ইত্যাদি। subject হিসেবে ব্যবহৃত হলে verb-টি সর্বদা singular হবে।
  - Nobody **believes** a liar
  - Everybody **loves** an honest man
  - Something **is** better than nothing.
  - Someone **has** stolen my pen.
  - Everything has been done to help him.
- নির্দিষ্ট দূরত্ব, ওজন, অর্থ বা সময় বুঝালে কোনো subject দেখতে plural হলেও পরবর্তী verb-টি singular হবে।
  - Ten miles **is** a long distance.

Scanned with CamScanner CamScanner

- Cattle, aristocracy, poultry, people, peasantry, gentry ইত্যাদি noun-গুলো দেখতে singular হলেও এগুলো আসলে plural হওয়ায় verb-টিও plural হবে।
  - — Cattle are grazing in the field.
  - — People are praying for prosperity.
- News, mathematics, physics, gallows, politics ইত্যাদি দেখতে plural হলেও এরা মূলত singular হওয়ায় verb-টিও singular হবে।
  - — Good news is expected.
  - — Physics is my favourite subject.
  - — No news is good news.
- দেশ, বই, ম্যাগাজিন, চলচ্চিত্র, সংবাদপত্র, নাটক ইত্যাদির নামে plural noun থাকলেও verb-টি সর্বদা singular হবে।
  - — The Arabian Nights is still a great favourite.
- কোনো noun-এর পূর্বে নির্দিষ্ট সংখ্যাবাচক adjective যেমন— pair, dozen, hundred, thousand ইত্যাদি থাকলে verb-টি singular হয়।
  - — A pair of shoes was bought for him.
  - — One/A dozen of pens was distributed.
- যতই আধিক্য বোঝাক না কেন subject-এ যদি uncountable noun থাকে তবে Verb সর্বদা Singular হবে।
  - — A lot of money was spent.
  - — A huge quantity of sugar was exported.
- A number of দিয়ে subject শুরু হলে পরবর্তী verb-টি plural হয় কিন্তু the number of দিয়ে শুরু হলে verb-টি singular হয়।
  - — The number of people was very high
  - — There are a large number of boys playing in the field
- Collective noun দ্বারা অখণ্ড সমষ্টিকে বোঝালে verb-টি singular হয় কিন্তু খণ্ডিত বা আলাদা বোঝালে plural verb হয়।
  - — The committee has approved the bill.
  - — The committee were devided in their opinion.
  - — The mob have dispersed.
- There বা here দিয়ে বাক্য শুরু হলে পরবর্তী verb-টির রূপ নির্ধারিত হবে verb পরবর্তী noun-এর number-এর উপর। যদি তা singular হয় তাহলে verbটির singular হবে। Plural হলে verb টিও plural হবে।
  - — There are a book and a pen on the table
- Relative pronoun যদি subject হয় তাহলে subject পরবর্তী verb-টি singular হবে, যদি relative pronoun-এর antecedent-টি singular হয়। Antecedent-টি plural হলে verb-টিও plural হবে। যেমন—
  - — Rony is the man who has always troubled me.
  - — A reward has been announced for the employees who have worked hard.
- (Impersonal) one যদি বাক্যের subject-এ থাকে তাহলে পরবর্তী pronoun-টিও impersonal হবে অর্থাৎ one's হবে, his/her হবে না।
  - — One should be careful about one's duty.

Scanned with CamScanner CamScanner

- Everyone, everybody, nobody, each, either, neither, a person ইত্যাদি subject হলে এদের পর singular pronoun বসে। যেমন :
  — Everyone should respect his teachers.
- Relative pronoun-এর antecedent যদি pronoun হয় তাহলে উহার পরবর্তী verb-টির রূপ antecedent (pronoun) অনুযায়ী হবে।
  — It is I who am to blame
  — It is you who are to blame
- প্রশ্নবোধক who এবং impersonal it যদি subject হয় তাহলে verb-টি singular হবে।
  — Who does not know that two & two makes four?
- Many যদি subject-এ থাকে তাহলে পরের noun ও verbটি plural হবে। কিন্তু many a থাকলে পরবর্তী noun ও verb উভয়টিই singular হবে।
  — Many a man has tried to complete the work.
- One and a half/ quarter দিয়ে শুরু বাক্যের noun টি plural এবং verb টি singular হয়। তবে noun এর সংখ্যা একের বেশি হলে noun টি plural হবে এবং noun সংখ্যা দুই না হওয়া পর্যন্ত verb টি singular হবে।
  — One and a half hour is a long time.
- Infinitive, gerund, verbal noun, clause/phrase যদি বাক্যের subject হিসেবে ব্যবহৃত হয় তাহলে পরবর্তী verbটি সর্বদা singular হয়।
  — To err is human.
  — Telling lies is a great sin.
  — The reading of history gives one knowledge.
  — Rain falling on the roof makes a noise.
- More than দিয়ে বাক্য শুরু হলে পরবর্তী verb টির রূপ নির্ধারিত হবে verb পূর্ববর্তী noun-এর number-এর উপর ভিত্তি করে। যদি nounটি singular হয় তাহলে verbটিও singular হবে। আর nounটি plural হলে verbটিও plural হবে।
  — More than two general people were killed in the fighting.
- No one, none দ্বারা 'কেউ না' বোঝালে verb singular হয়। কিন্তু একের অধিক ব্যক্তি বা বস্তু বোঝালে verb plural হয়।
  — None of the students has a car.
  — None are helpless because they can always try.
- Fractions বা ভগ্নাংশ দিয়ে শুরু বাক্যের subject টি singular বা non-count noun হলে verb-টিও singular হবে এবং subject টি plural হলে verb-টিও plural হবে।
  — Three-fourths of the work has been finished.
  — Three-fourths of the books have been sold.

Scanned with CamScanner CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. Fill in the gap with the correct form of verb : The police — informed yesterday.
(ক) is (খ) are (গ) was (ঘ) were
Hints : কিছু noun আছে যা দেখতে singular মনে হলেও আসলে তারা plural। যেমন— Police, people, cattle, vermin, poultry ইত্যাদি। কিন্তু 'army' singular noun যার plural form 'armies'।
৪২তম বিসিএস (বিশেষ) (স্বাস্থ্য ক্যাডার)
উত্তর : খ

02. Choose the correct sentence
(ক) All of it depend on you (খ) All of it are depending on you
(গ) All of it depends on you (ঘ) All of it are depended on you
Hints : একই অর্থে 'all of it'-এর আরেকটি form হচ্ছে 'it all' যা singular এবং এটি subject হিসেবে singular verb গ্রহণ করে। আর এটি present indefinite tense-এর singular হলে verb-এর সাথে s/es যুক্ত হয়।
৩৭তম বিসিএস
উত্তর : গ

03. Slow and steady — the race. (Fill in the gap)
(ক) win (খ) wins (গ) has won (ঘ) won
Hints : দুটি noun, and দ্বারা যুক্ত হয়ে যদি একই ভাব বা অর্থ প্রকাশ করে, তবে verbটি singular হয়। এজন্য শূন্যস্থানে 'wins' হবে।
৩৬তম বিসিএস
উত্তর : খ

04. 'Subject-Verb Agreement' refers to—
(ক) person only (খ) number, person and gender
(গ) number and person (ঘ) number only
Hints : Subject-Verb Agreement বলতে number ও person বোঝায়।
৩৩তম বিসিএস
উত্তর : গ

05. Neither Rini nor Simi— qualified for the job.
(ক) are (খ) is (গ) were (ঘ) had
Hints : Neither ..... nor দ্বারা দুটি subject-কে যোগ করা হলে মনে রাখতে হবে, দ্বিতীয় subject অনুযায়ী verb বসবে।
২৯তম বিসিএস
উত্তর : খ

06. The Arabian Nights — still a great favourite.
(ক) has (খ) are (গ) is (ঘ) were
Hints : The Arabian Nights একটি আরব্য উপন্যাসের নাম। তাই এর পর singular verb বসবে।
২৬তম বিসিএস
উত্তর : গ

07. At least one of the students — full marks every time.
(ক) get (খ) are getting (গ) gets (ঘ) have got
Hints : One of the থাকায় verb টিও singular form-এ হবে।
২৪তম (বাতিল) বিসিএস
উত্তর : গ

08. One should be careful about —duty.
(ক) his (খ) her (গ) one's (ঘ) the
Hints : One শব্দটির possessive form 'one's'।
২৩তম বিসিএস
উত্তর : গ

09. Three fourths of the work —finished.
(ক) have been (খ) had (গ) has been (ঘ) were
Hints : ভগ্নাংশের পরবর্তী noun uncountable হলে verb singular হয়।
২৩তম বিসিএস
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

PSC & Other Exams' Questions

01. A lot of news in those papers — unreliable.
ক is খ were গ being ঘ are
Hints : *প্রদত্ত বাক্যের subject হলো 'A lot of news' যা singular form এ রয়েছে, কারণ 'news' শব্দের কোনো plural form হয় না এবং বাক্যটির verb ও singular হবে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ক) is।*
প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (২য় পর্যায়) ২০২২
উত্তর : ক

02. Which of the following is the correct sentence?
ক He has said which is right খ What has he said is right
গ What he has said is right ঘ He has said that what is right
Hints : *প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (গ) একটি noun clause। কোনো noun clause, verb এর subject হিসেবে কাজ করলে এটি what, that, how, when, whether ইত্যাদি দ্বারা শুরু হয়, যা অপশন (গ) তে রয়েছে এবং অন্যান্য অপশনগুলোর মধ্যে ভুল থাকায় সঠিক উত্তর হবে অপশন (গ)।*
প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (১ম পর্যায়) ২০২২
উত্তর : গ

03. The weather (be) bad, we cannot go out.
ক is খ was গ been ঘ being
Hints : *প্রদত্ত বাক্যে কমার পরের অংশে দেখা যাচ্ছে present indefinite তাই আগের অংশটিও present indefinite হবে। সুতরাং sub যেহেতু third person singular number তাই (ক) is সঠিক উত্তর।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা/সহকারী কনস্যুলার কর্মকর্তা ২০২২
উত্তর : ক

04. The bus — arrives late during bad weather.
ক used to খ everyday গ always ঘ today
Hints : *প্রদত্ত বাক্যটি present indefinite-এ আছে। তাই always বসানো যুক্তিযুক্ত। তাছাড়া, used to ব্যবহৃত হয় কোনো কাজ আগে নিয়মিত করা হতো এমন বোঝাতে। Everyday বসবে না কারণ বাক্যটি during bad weather থাকায়।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা/সহকারী কনস্যুলার কর্মকর্তা ২০২২
উত্তর : গ

05. It was long since we — you last.
ক meet খ had met গ met ঘ would meet
Hints : *Since-এর আগের অংশ past indefinite হলে, পরের অংশ past perfect হয়।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা/সহকারী কনস্যুলার কর্মকর্তা ২০২২
উত্তর : খ

06. Choose the incorrect sentence :
ক I insist that he go there খ I insisted that he go there
গ I insist that he will go there ঘ I insist that he should go there
Hints : *Insist (both in present and in past) that-এর পরের clause-এ verb-এর base form বসে কিংবা should + v_1 বসতে পারে। কিন্তু insist that-এর পরে future tense হয় না।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২
উত্তর : গ

07. He speaks as though he — very angry.
ক were খ was গ would have been ঘ is
Hints : *As if/as though-এর পূর্বে present indefinite tense থাকলে, পরে past indefinite tense হয় এবং be verb থাকলে were বসে।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২
উত্তর : ক

08. They have to write this weekend.
ক a one-thousand words paper. খ an one-thousand-words paper.
গ an one-thousand-word paper. ঘ a one-thousand-word paper.
Hints : *One-এর পূর্বে a বসে। কোনো noun-এর পূর্বে অন্য noun বসলে তা adjective হিসেবে function করে। আর number-noun combination হাইফেন দ্বারা সংযুক্ত হয়ে adjective-এর ন্যায় কাজ করে এবং এদের শেষে s/es যুক্ত হয় না।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২
উত্তর : ঘ

Scanned with CamScanner CamScanner

09. Choose the correct sentence :

ⓚ I already twice have read this book. ⓛ I have already read this book twice.
ⓜ I have read already twice this book. ⓝ I twice have read this book.

Hints : *Auxiliary verb ও main verb-এর মাঝে adverb বসে ও main verb-এর পরেই object বসে।*

10. Which of the following sentences is correct?

ⓚ It is a must ⓛ It is must ⓜ It is the must ⓝ None of them

Hints : *Must শব্দটি modal verb ও noun হিসেবে ব্যবহৃত হয়। এখানে শব্দটি noun হিসেবে ব্যবহৃত হওয়ায় grammartically 'a must' বসবে। তাই (ক) It is a must সঠিক বাক্য।*

11. Find out the correct sentence :

ⓚ Two-third of the apple is rotten ⓛ Two-thirds of the apple is rotten
ⓜ Two-third of the apple are rotten ⓝ Two-thrids of the apple are rotten

Hints : *Two-thirds-এ 's' যুক্ত হয়, কিন্তু one-third-এ 's' হয় না। Two-thirds-এর পরে noun অর্থাৎ apple singular হওয়ায় verb ও singular হবে।*

12. Choose the correct sentence :

ⓚ Cows are sold dear. ⓛ He gave me many good advices.
ⓜ They want your reply. ⓝ I live here for five days.

Hints : *অপশন (ক)-তে dear না বসে dearly বসলে সঠিক হতো। অপশন (খ) তে advice-এর সাথে 's' যুক্ত রয়েছে, যেটি ভুল। অপশন (ঘ)-তে present indefinite tense না হয়ে present perfect continuous tense হলে সঠিক হতো। অপশন (গ)-তে কোনো ভুল নেই।*

13. Choose the correct sentence :

ⓚ I shook his hand. ⓛ My watch gives correct time.
ⓜ They are paying no attention to my advice.
ⓝ He sold all his furnitures.

[Note : *প্রশ্নে চাওয়া হয়েছে correct sentence, কিন্তু অপশন (ঘ) ছাড়া বাকিগুলো সঠিক।]*

14. To complete the sentence 'Hardly had I reached the station — the train left; we need :

ⓚ then ⓛ than ⓜ but ⓝ before

Hints : *Hardly had দ্বারা শুরু হওয়া বাক্যের মাঝে when/before বসে।*

15. Which one of the correct expression?

ⓚ The thief ran away otherwise he should be arrested.
ⓛ The thief ran away as he should be arrested.
ⓜ The thief ran away lest he should be arrested.
ⓝ The thief ran away because he should be arrested.

Hints : *Lest যুক্ত clause-টিই সঠিক। কারণ lest-এর পরে should বসে। বাকি বাক্যগুলোতে সঠিক conjunction ব্যবহৃত হয়নি।*

16. Select the correct connector. Scarcely had I thought of having ice cream — my mother bought one for me.

ⓚ while ⓛ because ⓜ before ⓝ when

Hints : *Scarcely had দিয়ে শুরু হওয়া বাক্যের ২য় clause-এ when থাকে। তাই শূন্যস্থানে when বসবে।*

Scanned with CamScanner

17. I came home after the rain — .

ক stopped খ stop গ has stopped ঘ had stopped

Hints : *After conjunction হিসেবে ব্যবহৃত হলে after-এর পরে past perfect tense হয় ও পূর্বে past indefinite tense থাকে।*

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) ২০২২
উত্তর : ঘ

18. Each of the boys — present in the class.

ক are খ have গ were ঘ is

Hints : *Each of-এর পরের noun-টি plural হলেও verb-টি singular হয়।*

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) ২০২২
উত্তর : ঘ

19. Choose the right option: 'The exam — before I reached the hall.'

ক has started খ did start গ had started ঘ had been started

Hints : *Before-এর পূর্বে past perfect ও পরে past indefinite tense হয়। তাই before-এর পূর্বের শূন্যস্থানে had started বসবে।*

বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার ২০২২
উত্তর : গ

20. A hundred taka — all that he wants.

ক was খ were গ is ঘ are

Hints : *এখানে sub হিসেবে a hundred taka একটি নির্দিষ্ট amount, যা singular রূপে ব্যবহৃত হয়েছে। এজন্য verb ও singular হবে। আর that-এর পরে sentence টি present indefinite হওয়ায় বোঝা যাচ্ছে that-এর আগের sentence টিও present indefinite হবে। তাই সঠিক উত্তর হবে is, যা অপশন (গ)-তে রয়েছে।*

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC)-এর ব্যক্তিগত কর্মকর্তা ২০২১
উত্তর : গ

21. He bought a three — suit.

ক hundred-Dollars খ hundreds-Dollar
গ hundred-Dollar ঘ hundreds-Dollars

Hints : *এখানে 'a three' দ্বারা একটি নির্দিষ্ট amount বোঝাচ্ছে, তাই এটি singular হবে। এজন্য অপশন (গ) সঠিক। উল্লেখ্য, hundred, thousand এসব শব্দের সাথে s বসে না তবে হাজার হাজার, শত শত বোঝাতে s ব্যবহার হয়।*

BSEC-এর সহকারী পরিচালক ২০২১
উত্তর : গ

22. Choose the correct sentence

ক A dog is faithful animal. খ The dog is a faithful animal.
গ The dog is faithful animal. ঘ Dog is a faithful animal.

Hints : *কোনো প্রাণী সম্বন্ধে এবং কোনো আবিষ্কারের ব্যাপারে সাধারণ ধারণা বা বর্ণনা দিতে The + singular noun ব্যবহৃত হয়। 'The dog is a faithful animal' sentence-টিতে 'the dog' শ্রেণিগতভাবে কাজ করছে। 'All dogs are faithful' এমনটা বুঝাচ্ছে।*

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডেমফট ইনস্ট্রাক্টর (সপ/টিআর/ইলেক্ট্রনিকস/ টেক/ল্যাব) ২০২১
উত্তর : খ

23. Choose the correct sentence

ক The Padma is longest river in Bangladesh.
খ The Padma is longest river in the Bangladesh.
গ Padma is longest river in Bangladesh.
ঘ The Padma is the longest river in Bangladesh.

Hints : *Adjective-এর superlative form-এর আগে the বসে।*

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডেমফট ইনস্ট্রাক্টর (সপ/টিআর/ইলেক্ট্রনিকস/ টেক/ল্যাব) ২০২১
উত্তর : ঘ

24. Choose the correct sentence.

ক The lake Chilka is in Orissa. খ The Lake Chilka is in the Orissa.
গ Lake Chilka is in Orissa. ঘ Lake Chilka is in the Orissa.

Hints : *Singular lake-এর আগে the বসে না এবং যে ভৌগোলিক এলাকার আলাদা কোনো অর্থ নেই, তার পূর্বে the বসে না।*

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডেমফট ইনস্ট্রাক্টর (সপ /টিআর/ইলেক্ট্রনিকস/ টেক/ল্যাব) ২০২১
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

25. Find out the correct sentence

কারিগরি শিক্ষা অধিদপ্তরে জব ইন্সট্রাক্টর (সপ/টিআর/ইলেকট্রনিক্স/টেক/পাম) ২০২১
উত্তর : গ

ক Over a billion people using Microsoft Windows Operating Systems.
খ Over a billion people uses Microsoft Windows Operating Systems.
গ Over a billion people use Microsoft Windows Operating Systems.
ঘ Over a billion peoples use Microsoft Windows Operating Systems.

Hints : *People শব্দটি নিজেই plural। তার সাথে 's' যুক্ত করা ভুল। আবার, people শব্দটি plural হওয়ায় পরের verbটিও plural হবে। অর্থাৎ verb-এর সাথে s/es বসবে না।*

26. The man is too dishonest—

কারিগরি শিক্ষা অধিদপ্তরে বিভিন্ন পদ ২০২১
উত্তর : গ

ক to tell a lie
খ to take bribe
গ to speak the truth
ঘ none of these

Hints : *কোনো sentence-এ যদি too... to থাকে তাহলে sentence-টি negative অর্থ দেয়। তাই অপশন (গ) তে প্রদত্ত sentenceটি meaningful হয়। তখন অর্থ হবে লোকটি এতই অসৎ যে সত্য কথা বলতেই পারে না।*

27. They — to a concert tomorrow.

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে জুনিয়র শিক্ষক ২০২১
উত্তর : ঘ

ক will be going
খ will have been going
গ have been going
ঘ are going

Hints : *নিকট ভবিষ্যতে কোনো কাজ ঘটতে বা হতে যাচ্ছে বুঝালে present continuous হবে।*

28. Choose the correct sentence—

কারিগরি শিক্ষা অধিদপ্তরে লাইব্রেরিয়ান, এলডিএ কাম স্টোরকিপার, অফিস সহকারী কাম স্টোরকিপার, কেয়ারটেকার, ক্রাফট ইন্সট্রাক্টর ২০২১
উত্তর : গ

ক Everybody have gone there
খ Everybody are gone there
গ Everybody has gone there
ঘ Everybody has went there

Hints : *Everybody subject হিসেবে বসলে verb singular হবে তাই অপশন (ক) ও (খ) হবে না। অপশন (ঘ) হবে না কারণ has-এর পরে v_3 হয় কিন্তু এখানে v_2 দেয়া। সব দিক থেকে বিবেচনা করলে অপশন (গ) সঠিক উত্তর।*

29. Choose the correct sentence—

কারিগরি শিক্ষা অধিদপ্তরে লাইব্রেরিয়ান, এলডিএ কাম স্টোরকিপার, অফিস সহকারী কাম স্টোরকিপার, কেয়ারটেকার, ক্রাফট ইন্সট্রাক্টর ২০২১
উত্তর : খ

ক The train is running in time.
খ The train is running on time.
গ The train is running with time.
ঘ The train is running to time.

Hints : *সাধারণত time-এর পূর্বে in এবং on দুটি preposition ব্যবহার হয়। কিন্তু এদের মধ্যে একটি সূক্ষ্ম পার্থক্য রয়েছে। যেমন— in time হলো সময়মতো বা সময়ের একটু পূর্বে। আর on time বলতে একেবারে 'যথা সময়ের একটু আগে বা পরে নয়' বুঝায়। তাছাড়া time-এর পূর্বে preposition 'at' বা 'with' দেখা যায় না। সুতরাং সঠিক উত্তর (খ)।*

30. শুদ্ধ বাক্য কোনটি?

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের হিসাব সহকারী ২০২১
উত্তর : গ

ক I have transferred to Rajshahi.
খ I transferred to Rajshahi.
গ I have been transferred to Rajshahi.
ঘ I are transferred to Rajshahi.

Hints : *সাধারণত transferred-এর ক্ষমতা থাকে কর্তৃপক্ষের হাতে। Sentence-টি passive voice-এ হবে। তাই সঠিক অপশন (গ)।*

31. শুদ্ধ বাক্য কোনটি?

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের হিসাব সহকারী ২০২১
উত্তর : ঘ

ক Listen to what do I say.
খ Listen what to say I.
গ Listen to say what I.
ঘ Listen to what I say.

Hints : *একটি Sentence-এ কিছু অংশের পরে যদি relative pronoun হিসেবে WH-word গুলো আসে তাহলে WH + sub + v + obj বসবে। তাই সঠিক উত্তর (ঘ)।*

Scanned with CamScanner CamScanner

32. You are the man who___ always troubled me.
ⓚ is ⓛ have ⓜ has ⓝ were
Hints : এখানে who relative pronoun এবং Antecedent the man-কে বোঝাচ্ছে। সুতরাং The man singular হওয়ায় singular verb has (অপশন গ) সঠিক উত্তর।
দিবন কাস্টমস এয়ারপোর্ট অফিসার্স অ্যাসোসিয়েশন (ডিসি কোটা) ২০২১
উত্তর : গ

33. Four and four — eight.
ⓚ makes ⓛ made ⓜ make ⓝ are
Hints : And conjunction দ্বারা একই subject কে যুক্ত করলে verbটি singular হয়। তাই অপশন 'ক' হবে উত্তর।
উত্তর : ক

34. Choose the correct sentence—
ⓚ He gave me some advice ⓛ Anwar requested for my help
ⓜ I am very better today ⓝ The goods are of inferior qualities
Hints : Some একটি determiner বা quantifier হিসেবে ব্যবহৃত হয়। 'Some' count ও non count উভয় Noun-এর আগেই ব্যবহৃত হতে পারে। Advice nounটি সর্বদা singular। সঠিক উত্তর অপশন 'ক'।
দিবন কাস্টমস এয়ারপোর্ট অফিসার্স অ্যাসোসিয়েশন (ডিসি কোটা) ২০২১
উত্তর : ক

35. Identify the correct sentence :
ⓚ Tell me what is your name? ⓛ Tell me what your name is.
ⓜ Tell me what is your name. ⓝ Tell me what your name is?
Hints : Who, which, what ইত্যাদি relative pronoun যুক্ত sentence-এর আগে পূর্ণাঙ্গ sentence থাকলে তারপরে s + v + obj এভাবে বসবে।
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নিয়োগ টেস্ট ২০২১
উত্তর : খ

36. Which of the following sentence is correct?
ⓚ I heard him to read. ⓛ I heard him reading.
ⓜ I have heard him reading. ⓝ I saw him reading.
[Note : Feel, hear, let, see, make, watch, notice ইত্যাদি verb এর পরে bare infinitive (to ব্যতীত verb-এর base form) বসে। অথবা object + v + ing বসে। যেমন— I saw him go, I heard him reading, I heard him read. সুতরাং অপশন (খ), (গ) ও (ঘ) তিনটিই সঠিক।]
কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০২১
উত্তর : Note.

37. I have finished (to read) the book—
ⓚ I have finished read the book.
ⓛ I have been finished reading the book.
ⓜ I have finished reading the book.
ⓝ I finished reading the book.
Hints : Finished একটি verb। এর পর আরেকটি verb আসলে gerund হয়।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই ২০২১
উত্তর : গ

38. Can you tell me where — find the book?
ⓚ can't ⓛ can ⓜ do I ⓝ I can
Hints : কোনো একটি sentence-এর পর যদি relative pronoun who, which, where ইত্যাদি আসে তাহলে পরবর্তীতে sub+ v + obj এই নিয়ম অনুসারে হবে। তাই সঠিক উত্তর হবে (ঘ)।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই ২০২১
উত্তর : ঘ

39. Mathematics (to be) my favourite subject.
ⓚ is ⓛ are ⓜ will be ⓝ be
Hints : Mathematics শব্দটির শেষে 's' থাকলেও এটি singular। এমন আরও কিছু singular noun হলো– politics, physics, economics, ethics etc.।
খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক ২০২১
উত্তর : ক

Scanned with CamScanner

40. **Runa wants to go home and — :**
ক So want we খ So do we গ We do so ঘ So we are
Hints : *Inversion-এর নিয়ম অনুযায়ী, প্রথম sub বা বক্তা কোনো কাজ করলে ২য় বক্তাও অনুরূপ কাজ করে বা সম্মতি প্রকাশ করে। এক্ষেত্রে and এর পর so + have/has/do/does/did + ২য় sub বসে। অপশন (খ) সঠিক উত্তর।*
খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক ২০২১
উত্তর : খ

41. **I can't help —**
ক for smoking খ but smoke গ to smoke ঘ smoking
Hints : *Can't help-এর পরে verb + ing বসে। আর can't but-এর পরে verb(in simple form) বসে।*
খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক ২০২১
উত্তর : ঘ

42. **The Sun .... about 10 million times the energy which human consumes across the world daily. (Fill in the gap with appropriate word given below)**
ক absorbs খ radiates গ reflects ঘ affects
Hints : *প্রদত্ত বাক্যটির subject হলো সূর্য, the sun যেটার সাথে radiate (কিরণ দেওয়া) শব্দটি appropriate। তাছাড়া absorb (শোষণ করা), reflect (প্রতিফলিত করা) এবং affect (প্রভাবিত করা) শব্দগুলো এখানে উপযুক্ত নয়।*
পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক ২০২১
উত্তর : খ

43. **It never ..... my mind that Bangladesh might lose in the game. (Fill in the gap with word from below)**
ক Cross খ crossing গ dreamt ঘ crossed
Hints : *Cross someone's mind একটি idiom যার অর্থ মনে হওয়া বা মনে মনে ভাবা, কল্পনা ইত্যাদি। যেমন—It never crossed my mind that Bangladesh might lose in the game অর্থাৎ আমার এটা মনেই হয় নাই যে, বাংলাদেশ এই খেলায় হারতে পারে।*
পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক ২০২১
উত্তর : ঘ

44. **You are the man who..... always troubled me.**
ক is খ have গ has ঘ were
Hints : *এখানে Who relative pronoun এবং Antecedent the man-কে বোঝাচ্ছে। সুতরাং The man singular হওয়ায় singular verb has (অপশন গ) সঠিক উত্তর।*
বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০২১
উত্তর : গ

45. **At least one of the students ..... full marks every time.**
ক get খ are getting গ gets ঘ have got
Hints : *'One of'-এর পর verb-এর singular form হয়। আর 'every time' থাকায়- sentence-টি present indefinite tense-এ হবে।*
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) খাদ্য পরিসংখ্যানবিদ ২০২০; প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯
উত্তর : গ

46. **The Headmaster and Secretary— present at the last meeting.**
ক is খ was গ have ঘ were
Hints : *একই ব্যক্তি দুটি পদবির অধিকারী হলে, শুধু প্রথম পদবির পূর্বে the বসে এবং verb টি singular হয়। যেহেতু বাক্যটিতে অতীত নির্দেশক phrase 'at the last meeting' আছে, তাই past tense ব্যবহৃত হবে। সুতরাং সঠিক উত্তর (খ)।*
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) পরিসংখ্যান সহকারী ২০২০
উত্তর : খ

47. **The problems of squaring a pan-European agenda with the national interests of 25 separate countries— the process of integration a slow, complex and at times divisive one.**
ক causes খ often affect গ have made ঘ resulting in
Hints : *শূন্যস্থানে একটি finite verb এবং অবশ্যই plural verb লাগবে। কারণ এ বাক্যে কোনো finite verb নেই এবং এর subject plural (problems)। তাই (ক) ও (ঘ) ভুল। বাক্যটিতে একটি অবস্থার সৃষ্টি বোঝায় বলে (খ) often affect (প্রায় প্রভাবিত করে) ভুল। (গ) have made (তৈরি করেছে) সঠিক উত্তর।*
জীবন বীমা করপোরেশনের সহকারী ব্যবস্থাপক ২০২০
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

48. Choose the correct words to complete the sentence. ..... in the field is feeling sick.

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর সহকারী ব্যবস্থাপক ২০২০

ⓚ One of the player ⓛ One of the players
ⓜ Most of the players ⓝ Most of the player

উত্তর : খ

Hints : *বাক্যটিতে singular verb (is) ব্যবহৃত হয়েছে, তাই 'one of' দিয়ে শুরু বাক্যে singular verb হয় কিন্তু 'one of'-এর পর noun-টি plural হয়। তাই (ক) তে 'player' থাকায় এটি ভুল। অন্যদিকে 'most of' দিয়ে শুরু বাক্যে 'most of'-এর পর noun countable হলে তা plural এবং verb ও plural হয়। তাই (গ) এবং (ঘ) ভুল। উল্লিখিত নিয়মে সঠিক উত্তর (খ)।*

49. Two-thirds of the children — present in the function.

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯

ⓚ is ⓛ was ⓜ were ⓝ have

উত্তর : গ

Hints : *Two-thirds of-এর পর plural countable noun থাকলে verb টি plural হবে। আর শূন্যস্থানের পর adjective থাকায় শূন্যস্থানে be verb 'were' বসবে।*

50. There — twelve months in a year.

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯

ⓚ were ⓛ was ⓜ are ⓝ have

উত্তর : গ

Hints : *প্রদত্ত বাক্যের Sub হলো twelve months যা Plural। সুতরাং প্রদত্ত বাক্য plural be verb are বসবে।*

51. It is I who — to blame.

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯

ⓚ am ⓛ were ⓜ is ⓝ has

উত্তর : ক

Hints : *Who-এর পরবর্তী verb টি who-এর পূর্ববর্তী noun বা pronoun অনুযায়ী হবে। সুতরাং I কে follow করে শূন্যস্থানে am বসবে।*

52. Taka five lakhs — a good amount.

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯

ⓚ are ⓛ is ⓜ have ⓝ were

উত্তর : খ

Hints : *সময়, দূরত্ব, পরিমাপ, টাকা ইত্যাদি plural হলেও verb টি singular হবে।*

53. It is high time we — the place.

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯

ⓚ are leaving ⓛ left
ⓜ leave ⓝ have left

উত্তর : খ

Hints : *It is high time-এর পর sub আসলে sub-এর পর verb-এর past form ব্যবহৃত হয়। সুতরাং শূন্যস্থানে leave-এর past form left ব্যবহৃত হবে।*

54. The principal along with his students — planting trees for two hours.

১ম প্রজ্ঞাপক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমমর্যাদা) ২০১৯

ⓚ have been ⓛ has been
ⓜ is ⓝ are

উত্তর : খ

Hints : *প্রদত্ত বাক্যের sub হলো the principal। Sub singular হওয়ায় verb টিও singular হবে। বাক্যে for two hours থাকাতে বাক্যটি present perfect continuous tense এ হবে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো has been।*

55. Ram as well as Rahim — there.

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা ২০১৯

ⓚ were ⓛ was
ⓜ has ⓝ have

উত্তর : খ

Hints : *As well as, accompanied by, along with দ্বারা যুক্ত দুটি noun এর প্রথম noun টি sub হিসেবে গণ্য। বাক্যে there থাকায় be verb বসবে। সুতরাং Ram subject কে অনুসরণ করে শূন্যস্থানে was হবে সঠিক verb form।*

Scanned with CamScanner CamScanner

Govt. & Private Bank Questions

01. No sooner had he reached the station—.
9 Banks & 1 FI Officer (General) 2022
উত্তর : ঘ
ⓚ when the train left ⓛ and the train left
ⓜ then the train left ⓝ than the train left
Hints : *No sooner had + sub$_1$ + v$_3$ ... than + sub$_2$ + v$_2$ অর্থাৎ No sooner had-যুক্ত senence-এ than-এর আগের অংশ past perfect আর পরের অংশ past indefinite ।*

02. The actor — the auditorium before the audience stood up.
9 Banks & 1 FI Officer (General) 2022
উত্তর : গ
ⓚ had been left ⓛ was left ⓜ had left ⓝ was leaving
Hints : *'Before'-এর আগে past perfect এবং পরে past indefinite tense হয়। তাই অপশন (গ) -এর had left সঠিক উত্তর।*

03. The English — English.
5 Govt. Banks Officer (Cash 2019 Based) 2022
উত্তর : ক
ⓚ speak ⓛ spoke ⓜ spoken ⓝ is spoken
Hints : *The English দ্বারা ইংরেজ জাতি বোঝায়। ভাষা হিসেবে শুধু English হয়। সুতরাং সঠিক উত্তর হবে (ক) speak ।*

04. If the books <u>have been catalogued</u> last week, why have not they been placed on the shelf?
5 Govt. Banks Officer (Cash 2019 Based) 2022
উত্তর : খ
ⓚ have been catalogued ⓛ would have been catalogued
ⓜ was catalogued ⓝ were catalogued
Hints : *প্রথম clause-টিতে last week উল্লেখ থাকায় past indefinite tense হবে। সুতরাং সঠিক উত্তর হবে (ঘ) were catalogued.*

05. Before you gave answers, sir — them to us.
5 Govt. Banks Officer (Cash 2019 Based) 2022
উত্তর : গ
ⓚ sent ⓛ sends ⓜ had sent ⓝ has sent
Hints : *Before-এর পূর্বে past perfect tense হয়। Before-এর পরে past indefinite tense হয়। Before-এর পরে past indefinite tense রয়েছে, কিন্তু before-এর পূর্বে যে clause থাকার কথা ছিল সেটি কমার পরে বসলেও একই নিয়মে বসবে। সুতরাং শূন্যস্থানে (ক) had sent বসবে।*

06. The police officers — the suspicious killing of a diplomat before a renowned businessman — a couple of days ago.
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : ক
ⓚ had been investigating/was killed
ⓛ were investigating/had been killed
ⓜ have been investigating/was killed
ⓝ were investigated/killed
Hints : *প্রদত্ত বাক্যটিতে before থাকায় আগের clause টি past perfect continuous-এ এবং পরেরটি past indefinite form এ বসবে। অপশনগুলোর মধ্যে (ক) had been investigating/was killed যথার্থ কারণ অতীতে দীর্ঘকাল ধরে চলছিল তাই past perfect continuous tense ।*

07. Because I'm repeatedly leaving things behind, my mother always tells me that I — that I — all my belongings in my bag before leaving the sports centre.
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : ঘ
ⓚ have to check/had had ⓛ checked/had
ⓜ cheek/should have ⓝ must check/have
Hints : *বাক্যটিতে my mother always tells me that দ্বারা indirect speech বুঝায় যার জন্য option গুলোর মধ্যে (ঘ) must check/have হবে অর্থপূর্ণ।*

Scanned with CamScanner CamScanner

08. — a little bit of history, it was thought to be impossible in any computer system — a window with a functioning channel.
(ক) To have given/to have (খ) Giving/having
(গ) To give/to have (ঘ) Given/having
Hints : প্রদত্ত বাক্যে it was thought থেকে বুঝা যায় এটি passive form-এ তাই পূর্বের clauseটিও passive এবং dangling modifier হওয়ায় (ঘ) Given/having হবে যথাযথ।
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : ঘ

09. In the 1930s, physicists devised machines for — subatomic particles by electromagnetic forces and making them — faster and faster.
(ক) pushing/going (খ) having pushed/to go
(গ) pushing/go (ঘ) being pushed/go
Hints : অতীত থেকে শুরু এবং অর্থগত দিক বিবেচনায় প্রথম শূন্যস্থানে pushing এবং পরেরটি verb-এর present form এ হবে বিধায় (গ) pushing/go যথাযথ।
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : গ

10. Julius Caesar — a great historian if the making of history — him the time and the inclination to write it.
(ক) could have been/had allowed (খ) would be/allowed
(গ) had been/would have allowed (ঘ) would have been/could allow
Hints : অতীতের কোনো বিষয়ে সম্ভাবনা মূলক চিন্তা থাকলে সেসব ক্ষেত্রে আমরা conditional ব্যবহার করি। বাক্যের অর্থ অনুসারে যেহেতু সেটি আর সম্ভব নয় তাই 3rd conditional হিসেবে (ক) could have been/had allowed হবে যথাযথ উত্তর।
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : ক

11. The experts are now fully convinced that the animal two old women — at the pack — a puma.
(ক) had seen/is (খ) saw/was (গ) saw/had been (ঘ) have seen/were
Hints : বাক্যে একটি animal-কে অতীতে দেখার কথা বলা হয়েছে তাই (খ) saw/was হবে অর্থপূর্ণ। কারণ animal টি ছিল singular, একটি puma, তাই was ব্যবহৃত হয়েছে।
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : খ

12. You had better complain to the manager if you think you — an unfair proportion of the work.
(ক) would be given (খ) have been given
(গ) had given (ঘ) would have given
Hints : Had better যুক্ত থাকায় if-এর পর present perfect continuous form ব্যবহৃত হবে। অপশনগুলোর মধ্যে (খ) have been given একমাত্র present perfect continuous form-এ থাকায় এটিই সঠিক।
Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : খ

13. Weather reports : 'It's seven o'clock in Dhaka and —'
(ক) there is rains. (খ) It's raining. (গ) it rains. (ঘ) it rained.
Hints : সময়ের উল্লেখ ও ঐ সময়ে কোনোকিছু ঘটতে থাকলে continuous tense হয়। 'And'-এর পূর্বের অংশ present indefinite tense-এ থাকায় 'and'-এর পরের অংশে present continuous tense হবে।
BSC 7 Govt. Banks & 2 Financial Institutions Senior Officer 2021
উত্তর : খ

14. I could hardly — the ship in the distance.
(ক) see out (খ) look out (গ) make out (ঘ) seen
Hints : Make out অর্থ কোনো কিছু দেখতে বা পড়তে বা শুনতে সমর্থ হওয়া। See out অর্থ কারো জীবদ্দশার চেয়েও বেশিদিন স্থায়ী হওয়া অথবা কোনো কিছুর (বিশেষত কোনো ঋতুর) শেষ সীমা পর্যন্ত পৌছানো। Look out অর্থ (কোনো বিপদের মুখে) কাউকে সতর্ক হতে বলা। যেমন : Look out! There's a car coming could-এর পরে verb-এর past participle form বসে না। অর্থের দিক থেকে অপশন (গ) make out সঠিক।
BSC 7 Govt. Banks & 2 Financial Institutions Senior Officer 2021
উত্তর : গ

Scanned with CamScanner

15. Did you really say that? You — out of your mind!
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : ক
ⓚ were to have been ⓚ have had to be
ⓖ must have been ⓘ should have been
Hints : প্রথম sentence-টি past tense-এ থাকায় sequence of tense অনুযায়ী পরবর্তী sentence-টিও past tense-এ হতে হবে। am to/is to/are to কিংবা was to/were to দ্বারা এক ধরনের বাধ্য-বাধকতা বোঝায়। 'Out of your mind' অর্থ অতিমাত্রায় বিরক্ত হওয়া। প্রদত্ত বাক্যের অর্থ দাঁড়ায়– তুমি কি সত্যিই এমনটা বলেছিলে? তুমি অবশ্যই/নিশ্চয়ই বিরক্ত হয়ে গিয়েছিলে।

16. He didn't pass his driving test. He wishes he — it.
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : খ
ⓚ have passed ⓚ had passed
ⓖ will pass ⓘ pass
Hints : Wish-এর পরে Simple past এবং past perfect tense ব্যবহৃত হয়। তবে, simple past tense ব্যবহৃত হয় present or future meaning প্রদান করলে, আর past perfect tense ব্যবহৃত হয় অতীত বা past সম্বন্ধে কিছু বললে।

17. I hurt my leg — I was playing football yesterday.
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : ক
ⓚ while ⓚ during
ⓖ for ⓘ in

18. — either of you a doctor? Or, — you both engineers?
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : খ
ⓚ Are/ aren't ⓚ Is/is
ⓖ Are/are ⓘ Is/are
Hints : Either of + sub-এর verb singular হয়। Subject-এ both থাকলে verb plural হয়। সুতরাং অপশন (ঘ) Is/are সঠিক উত্তর।

19. 'Don't worry, one of the robbers — ' said a policeman to the gathering crowd.
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : গ
ⓚ are being pursued ⓚ have been pursuing
ⓖ is being pursued ⓘ will be pursuing
Hints : One of the robbers-এর verb singular হবে, বিধায় অপশন (ক), (খ) সঠিক নয়। আবার, অপশন (ঘ) দ্বারা ভবিষ্যতের প্রতিশ্রুতি বোঝাচ্ছে। যা উত্তেজিত জনতাকে থামাতে বাস্তবসম্মত নয়। বরং চলমান কোনো অগ্রগতির খবর দিতে পারলেই জনগণের ক্ষোভ প্রশমন করা সম্ভব। সুতরাং পরিস্থিতির বিবেচনায় অপশন (গ) is being pursued সঠিক উত্তর।

20. My uncle was — businessman to fall into that trap.
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : ক
ⓚ too shrewd a ⓚ shrewd enough a
ⓖ a too shrewd ⓘ enough shrewd a
Hints : Too/so/as/how/this/that + adjective + a/an + noun হলো formal style। সুতরাং অপশন (ক)-ই সঠিক উত্তর।

21. You look — you were expecting some bad news.
BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : ক
ⓚ as though ⓚ almost
ⓖ really ⓘ although
Hints : As though/as if/as it were-এর পূর্বে present indefinite tense থাকলে, পরের clause-টি সাধারণত past indefinite tense হয়। আর পূর্বের বাক্য past indefinite হলে পরের বাক্য past perfect tense হয়।

Scanned with CamScanner CamScanner

22. **Choose the correct statement.**

Security Printing Corporation Assistant Manager (Examination) 2021
উত্তর : গ

ক He bought two dozens of eggs. খ He bought two dozen of egg.
গ He bought two dozen of eggs. ঘ He buy two dozen of eggs.

Hints : *Sheep, pair, swine, deer, dozen, gross এ শব্দগুলোর singular ও plural form একই। এগুলোর সাথে s/es বসে না। আর যেহেতু এখানে determiner 'two' plural তাই 'two dozen of eggs' সঠিক। অপশন (ঘ) হবে না কারণ sub, third person singular তাই buy না হয়ে buys হওয়ার দরকার ছিল। অপশন (গ) সঠিক উত্তর।*

23. **The pharmacist hadn't hardly any of those kind of medicines.**

Bangladesh Gas Field Ltd. Asst. Manager (General) 2021
উত্তর : খ

ক hadn't hardly any of those kind খ had hardly any of those kinds
গ had hardly not any of those kinds ঘ had scarcely any of those kind
ঙ had hardly any of those kind

Hints : *Underlined অংশে hardly (কদাচিৎ) থাকায় সরাসরি not যুক্ত হবে না। কারণ hardly শব্দটি নিজেই negative অর্থ প্রদান করে। আবার, any of-এর পরে 'those' plural হওয়ায় এর পরের kinds শব্দটি plural হবে। সমস্ত কিছু মিলিয়ে সঠিক অপশন (খ)।*

24. **It will be hard to — ieonid now that you have so — him.**

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : ঘ

ক pacify, soothed খ anger, ruffled
গ antrgonize, irritated ঘ mollify, incensed
ঙ None of these

Hints : *Pacify অর্থ শান্ত করা; soothe অর্থ শান্ত বা প্রশমিত করা; anger অর্থ রাগানো; ruffle অর্থ শান্তি বা প্রশান্তি বিনষ্ট করা; antagonize অর্থ (কাউকে) শত্রুভাবাপন্ন করা; irritate অর্থ রাগানো বা উত্ত্যক্ত করা; mollify অর্থ শান্ত বা প্রশমিত করা; incense অর্থ ক্রুদ্ধ করা। অপশনসমূহের শব্দযুগলের অর্থানুসারে অপশন (ঘ) mollify, incensed সঠিক উত্তর। সেক্ষেত্রে প্রদত্ত বাক্যটির অর্থ দাঁড়ায়— তুমি লিনিদকে এতটাই ক্রুদ্ধ করেছো যে এখন তাকে শান্ত করা কষ্টসাধ্য হবে।*

25. **Corruption is — in our society; the integrity of even senior officials is —.**

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : খ

ক pervasive, intact খ rife, suspect
গ granting, empower ঘ growing. unquestioned
ঙ None of these

Hints : *Pervasive অর্থ পরিব্যাপক; infact অর্থ অক্ষত বা অক্ষুণ্ন; rife অর্থ সুবিস্তৃত বা পরিপূর্ণ; suspect অর্থ সন্দেহজনক বা প্রশ্নসাপেক্ষ endangered অর্থ বিপন্ন; disputed অর্থ বিতর্কিত; growing অর্থ বর্ধমান; unquestioned অর্থ প্রশ্নাতীত। প্রদত্ত sentence-এর ১ম শূন্যস্থানে rife ও ২য় শূন্যস্থানে suspect বসালে sentence-টি অর্থ সঠিকভাবে পরিপূর্ণ হয়। বাক্যটির অর্থ দাঁড়ায়— দুর্নীতি আমাদের সমাজে সুবিস্তৃত। এমন কি জ্যেষ্ঠ কর্মকর্তাদের সততাও সন্দেহজনক বা প্রশ্নসাপেক্ষ।*

26. **The Biological clocks are of such — adaptive value to living organisms, that was would expect most organisms in — them.**

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : খ

ক significant, eschew খ obvious, pussess
গ meager, evolve ঘ interaction, anproved
ঙ None of these

Scanned with CamScanner CamScanner

Hints : *Significant অর্থ তাৎপর্যপূর্ণ;eschew অর্থ এড়িয়ে চলা; obvious অর্থ (দিবালোকের মতো) পরিষ্কার বা স্পষ্ট : possess অর্থ অধিকারে থাকা বা মালিক হওয়া; meager possess অর্থ অধিকারে থাকা বা মালিক হওয়া; meager অর্থ ছোট বা কৃশ; evolve অর্থ বিকশিত করা বা হওয়া; primitive অর্থ আদিম; unique অর্থ অনন্য। প্রদত্ত বাক্যানুসারে biological clacks-এর গুরুত্ব বা সুবিধা বুঝানো হয়েছে, যার দরুণ অধিকাংশ জীবদেহ জীবদেহ এটাকে possess করতে চায়। অর্থাৎ bilogical clocks-এর obvious value রয়েছে এবং সকলে এটাকে possess করতে চায়।*

27. The path <u>winding through the flower gardens are</u> peaceful and quiet on weekdays but crowded on weekends.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : খ

ⓚ winds through the flower gardens are
ⓚ winding through the flower gardens, are
ⓖ winding through the flower gardens were
ⓘ winding through the flower gardens is
ⓒ No error

Hints : *প্রদত্ত বাক্যের subject 'the path' singular হওয়ায় verb টিও singular হবে। সুতরাং বাক্যটির জন্য সঠিক expression হলো winding through the flower gardens is।*

28. The activism of state citizens, who have demanded safer road conditions as well as stiffer penalties for intoxicated drivers, <u>have lead to a significant decrease in the number of traffic accidents</u>.

Southeast Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : ঘ

ⓚ have lead to a significant decrease in the number
ⓚ have lead to significant decreases in the number
ⓖ has lead to a significant decrease in the number
ⓘ has been significant in the decrease in the number

* *Nearly (প্রায়) ৫০-এর পূর্বে না বসিয়ে earned-এর পূর্বে বসিয়ে misplaced হয়েছিল, দ্বিতীয় বাক্যে যা সংশোধন করা হয়েছে।*

THE REAL TEST

PSC & Other Exams' Questions

01. Find out the correct sentence.
ⓚ Crossing the street, a car almost struck us.
ⓛ As we crossed the street, a car almost struck us.
ⓜ A car almost struck us, crossing the street.
ⓝ Having crossed the street, a car almost struck us.

বাংলাদেশ ব্যাংক
সহ-পরিচালক ২০০৬
উত্তর : খ

02. Similar to the floppy disk —.
ⓚ stores data in the hard disk sectors
ⓛ the hard disk stores data in sectors
ⓜ data is stored in the hard disk in sectors
ⓝ stores data is sectors in the hard disk
Hints : *এখানে প্রথমাংশে floppy disk এর অনুরূপ বিষয়ের কথা বলা হয়েছে। তাই বাক্যের মূল subject অনুরূপ বস্তু হবে, আর তা হচ্ছে hard disk।*

বাংলাদেশ পল্লী
উন্নয়ন বোর্ড ২০০৪
উত্তর : খ

Scanned with CamScanner CamScanner

University & Medical Questions

01. — two months at sea, he came back healthier than ever.

ⓚ Spending ⓛ Being spent
ⓜ Having spent ⓝ Having been spent

Hints : *Dangling modifier-এর rules অনুসারে প্রদত্ত বাক্যের গঠনে having + v_3 হবে, যা option (গ)-তে সংঘটিত হয়েছে।*

ঢাবি
ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল; সেট-১) (কর্ণফুলী-১) ২০২০-২১
উত্তর : গ

02. —, he went to collect his payment.

ⓚ Having finished his work successfully
ⓛ Although he had completed his work successfully
ⓜ As long as the work is completed with success
ⓝ The work have been completed

Hints : *Having finished (dangling modifier) যুক্ত বাক্যের পরবর্তী clauseটি past-এ বসবে। তাই (ক) সঠিক উত্তর।*

ঢাবি
ইউনিট বি (কলা ও মানববিদ্যা) সকাল, সেট-২; কর্ণফুলী-২) ২০২০-২১
উত্তর : ক

03. Choose the sentence with the modifier in the correct place.

ⓚ The clerk sold the scarf with the red print to the woman.
ⓛ The clerk sold the scarf to the woman with the red print.
ⓜ The clerk with the red print sold the scarf to the woman.
ⓝ None of the above

Hints : *সঠিকভাবে modifier ব্যবহৃত হয়েছে প্রথম বাক্যে কেননা the scarf কে বিশেষায়িত করে এমন adverbial phraseটি এর পরপরই বসবে।*

জাবি
'C' ইউনিট (কলা ও মানবিক; সেট : A) ২০১৯-২০
উত্তর : ক

04. Pick the appropriate location for this modifier : eating banana pancakes

ⓚ The couple— watched the rain falling from the sky.
ⓛ The couple watched the rain— falling from the sky.
ⓜ The couple watched the rain falling from the sky —.
ⓝ None of these

Hints : *খাওয়া (eating) কাজটি the couple দ্বারা সম্পন্ন হয়, the rain বা the sky দ্বারা নয়। তাই couple এর পর modifier হিসেবে eating banana pancakes বসলে বাক্যের অর্থ যথাযথ হয়।*

জাবি
ইউনিট E ২০১৭-১৮
উত্তর : ক

05. As the audience watched the game the speed skill and intensity thrilled them.

ⓚ game, the speed, skill, and intensity, thrilled.
ⓛ game, the speed, skill, and intensity thrilled.
ⓜ game; the speed, skill, and intensity thrilled.
ⓝ game, the speed, skill, and intensity; thrilled.

Hints : *As যুক্ত দুটি clause-এর মাঝে comma বসে। As যুক্ত clause-এর শেষাংশ the game যারপর একটি comma এবং বাক্যে দুই-এর অধিক noun থাকলে প্রত্যেকটি noun -এর পর comma এবং শেষ noun-এর পূর্বে conjunction হিসেবে and বসে। সুতরাং সঠিক উত্তর (খ)।*

জাবি
ইউনিট E ২০১৭-১৮
উত্তর : খ

06. After watching the movie 'Centennial', —.

ⓚ the book was read by many people
ⓛ the book were read by many people
ⓜ many people wanted to read the book
ⓝ many people wants to read the book

Hints : *After watching the movie 'Centennial', many people wanted to read the book— 'Centennial'– ছবিটি দেখার পর অনেকেই বইটি পড়তে চেয়েছিল।*

জাবি ইউনিট E ২০১৭-১৮
চবি ইউনিট C ২০১৭-১৮
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

CHAPTER

17

IDENTIFICATION OF PHRASES & CLAUSES

Phrase ও clause বাক্যের একটি গুরুত্বপূর্ণ অংশ। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় identification of phrase and clause আসে। প্রদত্ত chapter-এ phrase এবং clause কীভাবে identify করা যায় তা নিয়ে আলোচনা করা হয়েছে।

DEFINITION OF PHRASE

দুই বা ততোধিক শব্দ মিলে যদি একটি parts of speech-এর মতো কাজ করে তবে তাকে phrase বা শব্দগুচ্ছ বলে। Phrase-এ কোনো finite verb থাকে না।

❑ **Kinds of phrases :** অর্থ, কাজ ও অবস্থানভেদে phrase কয়েক প্রকারের হয়ে থাকে। যেমন—

1. Noun phrase
2. Adjective phrase
3. Verbal phrase
4. Adverbial phrase
5. Prepositional phrase
6. Conjunctional phrase
7. Interjectional phrase
8. Participle phrase
9. Infinitive phrase

1. **Noun phrase :** একাধিক শব্দ নিয়ে গঠিত শব্দগুচ্ছ যদি noun-এর কাজ করে তবে তাকে noun phrase বলে। যেমন— Bipul is a **man of letters.**

Noun phrase-এর ব্যবহার :

ব্যবহার	Example
Verb-এর subject	Reading newspapers is a good habit.
Verb-এর object	I know the names of these girl.
Preposition-এর object	He came to our house.
Subject/object-এর complement	We elected Rana as our class captain.
Noun-এর apposition	Taher, my best friend, is no more.

2. **Adjective phrase :** যে শব্দগুচ্ছ noun-এর পূর্বে বা পরে বসে উক্ত noun-কে বিশেষিত (modify) করে তাকে adjective phrase বলে। যেমন—
— He bought a **golden** ring.
(adj)
— He bought a ring **made of gold.**
adj. phrase

3. **Verbal phrase :** কোনো শব্দগুচ্ছ যদি verb-এর মতো কাজ করে তবে তাকে verbal phrase বলে। যেমন—
— Do not **look down upon** the poor.

Scanned with CamScanner

4. Adverbial phrase : যে শব্দগুচ্ছ verb-কে modify করে তাকে adverbial phrase বলে। Verb-কে, কী বা কাকে দ্বারা প্রশ্ন করলে object (noun) পাওয়া যায় কিন্তু how, where, when, why দ্বারা প্রশ্ন করলে adverb পাওয়া যায়। যেমন—
— Last week he received the amount.

5. Prepositional phrase : দুই বা ততোধিক শব্দ যদি একটিমাত্র preposition-এর মতো ব্যবহৃত হয় তবে তাকে prepositional phrase বলে। অনুরূপভাবে, কোনো simple preposition তার পরবর্তী noun/noun phrase সহ prepositional phrase গঠন করতে পারে। যেমন—
— Raihan stood in front of me.

6. Conjunctional phrase : কোনো শব্দগুচ্ছ যদি একটিমাত্র conjunction-এর মতো কাজ করে তাহলে তাকে conjunctional phrase বলে। যেমন— as well as, as soon as, as far as, along with, as much as ইত্যাদি।
— Fahim as well as his friends has decided to leave London.

7. Interjectional phrase : কয়েকটি শব্দ মিলে যদি interjection-এর কাজ করে তবে তাকে interjectional Phrase বলে। যেমন—
— What a pity! The man is dead.

8. Participle Phrase : যে কোনো participle তার object বা adverbial সহ participle phrase গঠন করে থাকে। যেমন—
— Loudly knocking at the door, he demanded admission.

9. Infinitive phrase : Infinitive তার object বা adverbial সহ infinitive phrase গঠন করে। উক্তেখ্য noun-এর ৬টি function অনুযায়ী infinitive phrase যদি subject বা object-এর স্থলে আসে তাহলে তা noun phrase হবে। যেমন—
— I want to know his name.

IDENTIFICATION OF CLAUSES

- Definition of clause : কোনো বাক্যাংশের মধ্যে যদি একটি subject ও একটি finite verb থাকে এবং উহা যদি পূর্ণ বাক্যের অংশ হিসেবে কাজ করে তখন তাকে clause বলে। যেমন— I know that he has come.
- Kinds of clauses : Clause-কে সাধারণত তিনভাগে ভাগ করা হয়।
  i. Principal clause বা Independent clause
  ii. Subordinate clause বা Dependent clause
  iii. Co-ordinate clause

1. Principal/Independent clause : যে clause তার অর্থ প্রকাশের জন্য অন্য কোনো clause-এর উপর নির্ভর করে না বরং নিজেই স্বয়ং সম্পূর্ণভাবে নিজের অর্থ প্রকাশ করতে পারে তাকে principal clause বা main clause বলে। যেমন— I know the man who helped you.

2. Subordinate/Dependent Clause : যে clause নিজে নিজে পরিপূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না, অর্থ প্রকাশের জন্য principal clause-এর উপর নির্ভর করে তাকে subordinate clause/dependent clause বলে। Subordinate clause সাধারণত একটি subordinating conjunction। যেমন— when, while, before, after, till, until, who, which, whom, since, though, although, if, unless ইত্যাদি দিয়ে শুরু হয়। যেমন— I know what he did.

3. Co-ordinate Clause : দুটি সমজাতীয় principal clause যদি কোনো co-ordinating conjunction দ্বারা যুক্ত হয় তখন তাকে co-ordinate clause বলে। সাধারণত and, or, but, so দ্বারা co-ordinate Clause যুক্ত হয়ে থাকে। যেমন—
I took no notice of him, so he flew into rage.

Scanned with CamScanner

❑ Classification of Subordinate Clause : Subordinate Clause সমূহকে তিন ভাগে ভাগ করা হয় :
(i) Noun clause (ii) Adjective clause (iii) Adverbial clause

i. Noun Clause : কোনো clause যদি noun-এর কাজ করে তবে তাকে noun clause বলে। Noun clause সাধারণত that, what, how, why, whether etc দ্বারা সূচিত হয়। আগেই উল্লেখ করা হয়েছে যে ৬টি বিষয় Noun-এর কাজ করে। কোনো clause যদি এই ৬টি অবস্থানে আসে তাহলে তাকে noun clause হিসেবে গণ্য করতে হবে। সেই ৬টি বিষয় হলো :

Functions of a Noun Clause	Examples
Subject (কর্তা)	That he is honest is known to me. When he will come is uncertain.
Object (কর্ম)	I know that he is honest.
Object to a preposition	It depends on how he behaves. I know nothing of what he will do.
Complement	This is what we expected.
Appositive	Our hope that he will come back proved false. It is true that he has come.

ii. Adjective Clause : যে clause কোনো noun বা pronoun-এর পরে বসে এটিকে বিশেষিত (modify) করে তাকে adjective clause বলে। এ ধরনের clause-এর শুরুতে who, whom, whose, which, that, where, when, why ইত্যাদি conjunction থাকে। সাধারণভাবে adjective clause-গুলো relative pronoun দ্বারা শুরু হয়ে থাকে। Adjective clause-এর relative pronoun নিম্নোক্ত অবস্থান নিতে পারে :

A. Subject : The man **who came here** is my brother.
B. Object : The man **whom you saw here** is my brother.
C. Object of Preposition : The man **to whom you spoke** is my brother.
D. Possessive : The man **whose car broke down** is my brother.

❑ Relative Clause :

A. যে relative clause-গুলো noun-কে define বা identify করে সেইসব relative clause কে defining /identifying/ restrictive relative clause বলা হয়। যেমন—
— What's the name of the tall man who just came in?

B. যে relative clause-গুলো noun সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয় সেসব relative clause কে non-defining /non-identifying/non-restrictive relative clause বলা হয়। উল্লেখ্য যে, relative clause-টি noun-এর পর কমা (,) দিয়ে পরবর্তী clause-টি লিখতে হয়। যেমন—
— This is Ms Rogers, who's joining the firm next week.

iii. Adverbial Clause : যে clause-টি verb-কে modify করে তাকে adverbial clause বলে। সাধারণত verb-কে when, where, why, how দ্বারা প্রশ্ন করলে প্রাপ্ত উত্তরটি adverbial clause হবে।
— He carried out the plan **as I said.**

❑ Kinds of Adverbial Clauses : Adverbial clause- কে নিম্নোক্ত ভাগে ভাগ করা হয় :

A. Adverbial Cause of Time : Before, after, when, whenever, while, as, since, till, until, as soon as ইত্যাদি দিয়ে শুরু হয়।
— **When I was 5,** I went to a school.
— The patient had died **before the doctor came.**

B. Adverbial Clause of Place : Where, wherever, whenever দ্বারা শুরু হয়।
— You may go **wherever you like.**

Scanned with CamScanner CamScanner

C. Adverbial Clause of Reason : Because, since, as দ্বারা শুরু হয়।
— Since the boy was weak, he couldnot carry the box.

D. Adverbial Clause of Manner : সাধারণত as, how etc. দ্বারা শুরু হয়ে verb-এর কাজটি কীভাবে, কেমন করে সম্পাদিত হয় তা বর্ণনা করে।
— Do the work as I show you.

E. Adverbial Clause of Concession :
— Although he is poor, he is honest.

F. Adverbial Clause of Condition : If, unless, provided, providing that দ্বারা শুরু হয়।
— If you come, I will go.
— You cannot pass unless you study hard.

G. Adverbial Clause of Comparison :
— He is wiser than I thought.

H. Adverbial Clause of Result :
— He is so weak that he cannot walk.

I. Adverbial Clause of Purpose : that, so that, in order that দিয়ে শুরু হয়।
— We read that we may learn.

Grand Exercise

1. Tell me **where you are now.**
2. Don't do anything **that hurts your teacher.**
3. I can't remember **when he came here.**
4. He gave me everything **I asked for.**
5. **If I were you,** I would not do this.
6. I can't remember **where he was born.**
7. He worked hard **but could not succeed.**
8. **Wait here** until I return.
9. I wonder **if he can help me.**
10. We'll buy everything you produce **provided the price is reasonable.**
11. Nobody can explain **why he failed.**
12. This is **where I was born.**
13. This is the boy **we have been looking for.**
14. This is the book **Rana has been looking for.**
15. This is **what he said about you.**
16. The money **she spends** comes from abroad.
17. **Wherever you go** I shall follow you.
18. Fools rush in **where angels fear to tread.**
19. I have no objection to **what you are saying.**
20. I can't utter the words **he said.**
21. It seemed **that it would rain.**
22. I am sure **that you will pass the test.**
23. **Were I your friend,** I would help you.
24. The teacher asked me **where I was born.**
25. She is the most beautiful woman **I have ever seen.**
26. Tell me **who you are.**
27. **Stay** where you are.
28. Walk fast **lest you should miss the train.**
29. I know the girl **you love.**
30. I know whom **you love.**
31. Show me the place **where you were born.**
32. **Had you been there,** I would give you the news.
33. **Who she is** is still a mystery.
34. Nobody is happy with **what they have.**
35. Strike the iron **while it is red.**
36. This is **where I live.**
37. The news **that he has come back** is not true.
38. The news **that you gave me** is not true.
39. He asked me **if I was a student.**
40. **Wherever he goes** his son goes with him.
41. He could not come, **for he was ill.**
42. The man **you spoke to** is my brother.
43. Do **as I say.**
44. May I ask **when you will come back?**
45. You can put the book **wherever you like.**
46. The moment **you lose** is lost for ever.
47. Read attentively or **you will fail.**
48. I can't remember the time **when I came here.**
49. Do **what I say.**
50. She took **what she needed.**

Scanned with CamScanner CamScanner

Answers to Grand Exercise

1. Noun Clause as object
2. Adjective Clause modifying pronoun
3. Noun Clause as object
4. Adjective Clause modifying pronoun
5. Adverbial Clause of condition
6. Noun Clause as object
7. Co-ordinate Clause
8. Principal Clause
9. Noun clause as object
10. Adverbial Clause of condition
11. Noun Clause as object
12. Noun Clause as complement of subject
13. Adjective Clause
14. Adjective Clause
15. Noun Clause as complement of subject
16. Adjective Clause
17. Adverbial Clause
18. Adverbial Clause
19. Noun Clause as object of Preposition
20. Adjective Clause
21. Noun Clause as object
22. Noun Clause
23. Adverbial Clause of Condition
24. Noun Clause as object
25. Adjective Clause
26. Noun Clause as object
27. Principal Clause
28. Adverbial Clause
29. Adjective Clause
30. Noun Clause
31. Adjective Clause
32. Adverbial Clause of Condition
33. Noun Clause as subject
34. Noun Clause as object of Preposition
35. Adverbial Clause of time
36. Noun Clause as Complement of subject
37. Noun Clause as Appositive
38. Adjective Clause
39. Noun Clause as object
40. Adverbial Clause
41. Adverbial Clause of Reason
42. Adjective Clause with Relative Pronoun (Omitted) as obj of Preposition
43. Adverbial Clause of Manner
44. Noun Clause as object
45. Adverbial Clause of Place
46. Adjective Clause
47. Co-ordinate Clause
48. Adjective Clause modifying time (noun)
49. Noun Clause as object
50. Noun Clause

Scanned with CamScanner CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. Sitting happily, the chicken laid eggs.
The underlined part is a/an —
(ক) noun clause (খ) subordinate clause
(গ) independent clause (ঘ) coordinate clause
৪৪তম বিসিএস
উত্তর : খ
Hints : *Subordinate clause হলো এমন clause যেটি নিজে নিজে স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে না। এমনকি যদিও subordinate clause-এ subject ও verb থাকে। Subordinate clause main clause সম্বন্ধে অতিরিক্ত তথ্য/ধারণা প্রদান করে। এটি বাক্যের শুরুতে/মাঝে/শেষে বসতে পারে। প্রদত্ত বাক্যটিতে sitting happily-এর পূর্বে subject উহ্য রয়েছে। এই clause টির subject ও পরের main clause-এর subject একই। অন্যদিকে, noun clause হলো এমন clause যে clause একটি sentence-এ noun-এর মতো কাজ করে। যেমন : 'That he is honest' is known to all; এখানে underlined অংশটি noun clause। Independent clause হলো এমন clause যে clause কোনো বাক্যে স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে। প্রদত্ত বাক্যটিতে 'the chicken laid eggs' হলো independent clause। আর and, but, or দ্বারা যুক্ত clause-সমূহই coordinate clause, যারা আলাদাভাবে পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করতে পারে। যেমন : 'I was sick and I could not attend the meeting': এখানে underlined clause দুটো coordinate clause.*

02. 'To win a prize is my ambition'. The underlined part of the sentence is a/an—
(ক) adjective phrase (খ) noun phrase
(গ) adverb phrase (ঘ) conjunctional phrase
৪১তম বিসিএস
উত্তর : খ
Hints : *Noun phrase বাক্যে noun-এর মতোই subject ও object হিসেবে ব্যবহৃত হয়। To win a prize প্রদত্ত বাক্যের subject হিসেবে ব্যবহৃত হয়েছে।*

03. 'He ran with great speed.'
The underlined part of the sentence is a —
(ক) noun phrase (খ) adverb phrase
(গ) adjective phrase (ঘ) participle phrase
৪০তম বিসিএস
উত্তর : খ
Hints : *With great speed (দ্রুতগতিতে) phrase টি বাক্যের verbকে modify করায় phrase টি adverb phrase। Verb কে how, where, when, why দ্বারা প্রশ্ন করলে adverb phrase পাওয়া যায়।*

04. 'Strike while the iron is hot' is an example of—
(ক) Noun clause (খ) Adjective clause
(গ) Adverbial clause (ঘ) Subordinate clause
৩৮তম বিসিএস
উত্তর : গ
Hints : *Adverbial clause হলো এক ধরনের Independent clause যা adverb হিসেবে কাজ করে এবং complex sentence এর verb, adjective এমনকি adverbকে modify করতে পারে। সুতরাং Strike while the iron is hot হলো adverbial clause-এর উদাহরণ।*

This is the book I lost. Here 'I lost' is—
(ক) A noun clause (খ) An adverbial clause
(গ) An adjective clause (ঘ) None of the three
৩৭তম বিসিএস
উত্তর : গ
Hints : *Adjective clause বাক্যে adjective-এর মতো noun/pronoun-কে modify করে। প্রদত্ত বাক্যের 'I lost' clause টি book-কে modify করছে।*

Scanned with CamScanner CamScanner

06. He worked <u>with all sincerity</u>. The underlined phrase is— ৩৭তম বিসিএস
ⓚ A noun phrase ⓛ An adjective phrase
ⓜ An infinitive phrase ⓝ An adverbial phrase
উত্তর : ঘ
Hints : *Adverbial phrase বাক্যে adverb-এর মতো verb-কে modify করে। প্রদত্ত বাক্যে underlined phrase টি verb-কে modify করেছে অর্থাৎ verb-এর manner প্রকাশ করায় এটি Adverbial phrase of manner।*

07. We were waiting <u>for the bus</u>. ২৮তম বিসিএস
The underlined part is— উত্তর : গ
ⓚ a noun phrase ⓛ an infinitive phrase
ⓜ a prepositional phrase ⓝ a verb phrase
[**Note :** *এটি মূলত adverbial phrase। কিন্তু option না থাকায় উত্তর (গ)।*]

PSC & Other Exams' Questions

01. Identify the same of clause in the underlined sentence : Your body digests <u>whatever you eat</u>. শিক্ষা মন্ত্রণালয়ের টিমিটার ২০২২
ⓚ noun clause ⓛ adjective clause উত্তর : ক
ⓜ adverbial clause ⓝ coordinate clause
Hints : *Underlined অংশটি digest verb-এর object হিসেবে তথা noun-এর ন্যায় কাজ করছে, তাই এটি noun clause।*

02. Pick out the clause in the following sentence : Neha played when evening came. শিক্ষা মন্ত্রণালয়ের টিমিটার ২০২২
ⓚ Neha played ⓛ played when evening উত্তর : গ
ⓜ when evening came ⓝ evening came
Hints : *'When evening came' অংশটি পূর্ববর্তী verb played-কে modify করায় এটি adverbial clause।*

03. The boy wants <u>to go home</u>. Identify the phrase 'to go home' শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) ২০২২
ⓚ noun phrase ⓛ adjective phrase উত্তর : ক
ⓜ adverb phrase ⓝ preposition phrase
Hints : *<u>To go home</u> wants verb-এর object হিসেবে কাজ করায় এটি noun phrase।*

04. The <u>cat on the mat</u> is fat. The underlined is— বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর সিনিয়র অফিসার ২০২১ উত্তর : Note
ⓚ Noun phrase ⓛ Verbal phrase
ⓜ Adjective phrase ⓝ Prepositional phrase
Hints : *একাধিক শব্দ নিয়ে গঠিত শব্দগুচ্ছ যদি noun-এর কাজ করে তবে তাকে noun phrase বলে। উল্লেখ্য, noun phrase বাক্যে noun-এর অবস্থানে বসে। এরকম জায়গা ৬টি। যথা–sub, obj, preposition-এর complement, sub-এর complement, obj-এর complement এবং appositive হিসেবে। প্রদত্ত বাক্যে sub-এর অবস্থানে noun phrase টি বসেছে।*

05. They reached home <u>safe and sound</u>. This is a/an— প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক ২০২১
ⓚ Adjective phrase ⓛ Noun phrase উত্তর : ঘ
ⓜ Proverb ⓝ Idiom
[**Note :** *প্রশ্নে সঠিক উত্তর নেই। বাক্যটিতে 'safe and sound' phrase টি adverbial phrase হিসেবে কাজ করছে। কোনো phrase যদি verb-কে modify করে তাহলে এটি adverbial phrase হবে।*]

Scanned with CamScanner CamScanner

06. The people in the room stood up to greet him. Here 'in the room' is—

ⓚ A prepositional phrase ⓛ An advance phrase
ⓜ A noun phrase ⓝ An adjective phrase

Hints : *Noun + (beginning with preposition + others word) + verb + others এভাবে হলে phrase টি adjective phrase হবে। 'In the room' people-এর পরে বসে people-কে modify করছে। কাজেই উক্ত phrase-টি adjective phrase।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর প্রজেক্ট কর্মকর্তা/ ইন্সপেক্টর/সহকারী ভল্ট কর্মকর্তা/ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী নিরীক্ষা অফিসার ২০১৯
উত্তর : ক

07. I have a boat made of wood. The underline phrase is—

ⓚ An adverbial phrase ⓛ Perfect participle phrase
ⓜ Present participle phrase ⓝ past participle phrase

Hints : *Underlined phrase এর 'made' verb-এর past participle হিসেবে adjective-এর মতো কাজ করছে এবং পূর্বের 'boat' শব্দকে modify করছে। কাজেই এটি adjective phrase হতে পারতো। অপশনে তা না থাকায় past participle phrase-ই সঠিক উত্তর।*

কারিগরি শিক্ষা অধিদপ্তরে জনি ইন্সট্রাক্টর (সপ/ টিআর/ইলেকট্রনিক্স/ টেক/লাব) ২০১৯
উত্তর : ঘ

08. I do not know who has come today. The underline —

ⓚ Noun clause ⓛ Adjective clause
ⓜ Adverb clause ⓝ Noun phrase

Hints : *Underlined অংশটি 'know' verb-এর object হিসেবে কাজ করেছে। আর যে, clause subject অথবা object হিসেবে কাজ করে, তাকে noun clause বলে।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা ২০২১
উত্তর : ক

09. She does not know what I want. (What type of clause is the underlined part?)

ⓚ Subordinate clause ⓛ Adjective clause
ⓜ Adverbial clause ⓝ Noun clause

Hints : *বাক্যে কোনো clause যদি noun-এর অবস্থানে বসে তবে এটি noun clause। প্রদত্ত বাক্যে 'she' হলো sub, 'does not know' হলো verb এবং 'what I want' হলো object। আর object সবসময় noun। তাই অপশন (ঘ) সঠিক।*

পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক ২০২১
উত্তর : ঘ

10. He whom you call uncle has died. The under lined part is a/an—

ⓚ Adjective clause ⓛ Noun clause
ⓜ adverbial clause ⓝ co-ordinate clause

Hints : *বাক্যে কোনো clause যদি noun বা pronoun-এর অবস্থান নির্দেশ করে তাহলে এটি adjective clause। 'Whom you call uncle' অংশটি 'he' কে modify করতেছে। তাই অপশন (ক) সঠিক।*

পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক ২০২১
উত্তর : ক

11. He lives in the suburb of Dhaka. The underline phrase is—

ⓚ a noun phrase ⓛ an adjective phrase
ⓜ an adverbial phrase ⓝ an infinitive phrase

Hints : *যে শব্দগুচ্ছ verb-কে modify করে তাকে adverbial phrase বলে। বাক্যে in the suburb of Dhaka verb live-কে modify করছে। সুতরাং এটা adverbial phrase। How, where, when দ্বারা প্রশ্ন করলে adverbial phrase পাওয়া যায়।*

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর : গ

12. The girl with long hair is my cousin. The underlined phrase functions as—

ⓚ a noun ⓛ an adverb
ⓜ an adjective ⓝ a preposition

Hints : *With long hair (দীর্ঘ কেশী) phrase টি the girl কে modify করায় তা adjective।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর : গ

Scanned with CamScanner

13. I know that he will come. The underlined part is—
ক an adverbial clause খ an adjective clause
গ a noun clause ঘ a principal clause
Hints : *I know that he will come। এটি একটি complex sentence। এর প্রথম clause (I know) টি principal এবং দ্বিতীয় clause (that he will come) টি হলো subordinate clause।*
তথ্য মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর : ঘ

14. Behave as a gentleman behaves. The underlined part is—
ক an adverb clause খ an adjective clause
গ a noun clause ঘ a principal clause
Hints : *কোন clause, adverb-এর মতো verb কে modify করে তা adverb clause। 'As a gentleman behaves' verb কে modify করছে। সুতরাং সঠিক উত্তর (ক) an adverb clause।*
১১তম বিসিএস (সহকারী জজ) ২০১৭
উত্তর : ক

15. We must buy the tickets next week.
Here 'next week' is—
ক object খ noun
গ adverbial ঘ complement
Hints : *বাক্যের next week হচ্ছে adverbial। কোনো ঘটনা কখন, কীভাবে ঘটবে তা বুঝাতে যে শব্দ বা শব্দসমূহ ব্যবহৃত হয় তাকে adverbial বলে।*
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহ-রেজিস্ট্রার ২০১৬
উত্তর : গ

Govt. & Private Bank Questions

01. In the sentence 'They were asked to wait till the signal was given' the underlined part constitute—
ক an adjective clause. খ a noun clause.
গ a pronoun clause. ঘ an adverb clause.
Hints : *Before, wherever, while, till, until দ্বারা adverbial clause of time শুরু হয় এবং till দ্বারা শুরু হওয়া clause টি verb wait-কে modify করছে। সুতরাং clause টি an adverb clause।*
Sonali Bank Ltd. Officer 2018
উত্তর : ঘ

University & Medical Questions

01. Unless the crown can make a better case, the accused murderer will not be convicted.
ক Non clause খ Adverb clause
গ Adjective clause ঘ Not any one
জাবি 'বি' ইউনিট ২০২১-২২
উত্তর : খ

02. 'We always play football after work'. Which one is a prepositional phrase?
ক we always খ play football গ after work ঘ always play
Hints : *যে phrase 'preposition'-এর কাজ করে তাকে prepositional phrase বলে। সাধারণত প্রথমে preposition ও পরে noun বসে।*
রাবি ইউনিট বি (বাণিজ্য ও অ-বাণিজ্য; গ্রুপ-২) ২০২০-২১
উত্তর : গ

03. I am going there to visit my friend. This is functionally a/an—
ক adverbial phrase খ prepositional phrase
গ infinitive phrase ঘ verb phrase
Hints : *Infinitive phrase (to + verb) হলো শব্দগুচ্ছ যা বাক্যের কাজের উদ্দেশ্য প্রচার করে। প্রদত্ত বাক্যে to visit my friend একটি infinitive phrase।*
রাবি ইউনিট 'C' (অ-বিজ্ঞান) ২০২০-২১
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

04. Where he lives is a mystery. The underlined clause is a/an—
ⓚ noun ⓛ adverbial
ⓜ principle ⓝ adjective
Hints : *কোনো clause যদি noun-এর কাজ করে তাহলে তাকে noun clause বলে। প্রদত্ত বাক্যে where he lives subject হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং সঠিক উত্তর (ক)।*
রাবি
ইউনিট 'C' (অ-বিজ্ঞান) ২০২০-২১
উত্তর : ক

05. The beggar in front of the gate looked very hungry. Functionally, the underlined phrase is a/an :
ⓚ adverbial phrase ⓛ adjective phrase
ⓜ noun phrase ⓝ prepositional phrase
Hints : *যে শব্দগুচ্ছ noun-এর পূর্বে বা পরে বসে উক্ত noun-কে modify করে তাকে adjective phrase বলে। প্রদত্ত বাক্যে in front of the gate শব্দগুচ্ছ noun the beggar-কে modify করায় তা adjective phrase-এর ব্যবহার।*
রাবি
ইউনিট A কলা অনুষদ (সকাল, গ্রুপ-১) ২০১৯-২০
উত্তর : খ

06. Total color blindness, —, is the result of a defect in the retina.
ⓚ a rare condition that ⓛ that a rare condition
ⓜ is a rare condition ⓝ a rare condition
Hints : *কমা দুটোর মাঝে phrase বা clause বসবে। সঠিক clause option-এ না থাকায় phrase যেটা প্রদত্ত স্থানে বসবে সেটা হলো a rare condition।*
চবি
'A' ইউনিট ২০১৯-২০
উত্তর : খ

07 When I went to abroad, I stayed in the suburb of Austratia. The underlined part is —.
ⓚ a noun phrase ⓛ an adjective
ⓜ an advarbial phrase ⓝ an infinitive phrase
বশেমুরবিপ্রবি
ইউনিট D ২০১৯-২০
উত্তর : গ

08. Sheikh Hasina, the Prime Minister of Bangladesh, is considered one of the most powerful women in the world. The underlined part is —.
ⓚ a noun phrase ⓛ an adjective phrase
ⓜ an adverbial phrase ⓝ an infinitive phrase
বশেমুরবিপ্রবি
ইউনিট G (আইন) ২০১৯-২০
উত্তর : ক

09. The book bought from College Street is lost. The underlined part is —.
ⓚ a noun phrase ⓛ an adverb phrase
ⓜ an adjective phrase ⓝ a verb phrase
বশেমুরবিপ্রবি ইউনিট F (কৃষক শিক্ষা) সেট-খ ২০১৯-২০
উত্তর : গ

10. Which of the underlined phrases in the following sentences is an adjective phrase?
ⓚ He came **last Sunday**.
ⓛ We met **beside the camp**.
ⓜ I wish to buy a **large and beautiful** house.
ⓝ Water passess **through the pipe**.
যবিপ্রবি
ইউনিট A ২০১৯-২০
উত্তর : গ

11. 'A woman with a veil over her body approached the doctor'—The underlined phrase is —
ⓚ A Verbal Phrase ⓛ An Adverbial Phrase
ⓜ An Adjective Phrase ⓝ Prepositional Phrase
যবিপ্রবি
ইউনিট B ২০১৯-২০
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

12. It's a mystery <u>where he works</u>. The underlined clause is a/an :
ক noun clause খ adjective clause
গ adverbial clause ঘ principal clause
Hints : যখন কোনো clause noun বা pronoun-এর পরে বসে noun বা pronoun-কে modify করে তাকে adjective clause বলে। প্রদত্ত clause টিও noun-এর পরে বসে nounটি modify করার কারণে clauseটি adjective clause।

ব্রাবি ইউনিট-A বিষয় ভিত্তিক অনুধাবন (প্রশ্ন-২) ২০১৯-২০
উত্তর : খ

13. I know <u>where he lives</u>. The underlined clause is—
ক a noun clause খ an adjective clause
গ an adverbial clause ঘ a principal clause
Hints : Clauseটি know-এর object হওয়ায় এটি noun clause। Noun clause সাধারণত that, what, how, why দ্বারা সূচিত হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয় Unit-B (Set-A) ২০১৯-২০
ব্রাবি ইউনিট A (প্রশ্ন-২) ২০১৮-১৯
উত্তর : ক

14. 'Do or die' is a — sentence.
ক simple খ complex গ compound ঘ none
Hints : And, or, but, so, therefore, otherwise ইত্যাদি conjunction দ্বারা দুটি principal clause যুক্ত বাক্যকে compound sentence বলে। সুতরাং do or die (করো না হয় মরো) বাক্যটি compound বাক্য।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ইউনিট A (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ২০১৯-২০
উত্তর : গ

15. He asked me <u>who got the Noble Prize in literature in 2019</u>. The underlined part is —
ক a noun clause খ an adjective clause
গ an adverbial clause ঘ a participle clause

রাবিপ্রবি ইউনিট E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০
উত্তর : ক

16. You cannot get the chance to be enrolled in a university <u>unless you study hard</u>. The underlined part is —.
ক a noun clause খ an adjective clause
গ an adverbial clause ঘ a participle clause

রাবিপ্রবি ইউনিট F (বিজ্ঞান ও মানবিক) ২০১৯-২০
উত্তর : গ

17. <u>Near the forest</u>, police found a sick old Rohingya lying on his back and crying piteously for help. The underlined phrase is a/an :
ক noun phrase খ verb phrase
গ adjective phrase ঘ adverbial phrase
Hints : 'Near the forest' phraseটি verbকে modify করায় phraseটি adverbial phrase। বাক্যের verbকে how, where, when, why দ্বারা প্রশ্ন করলে adverbial phrase পাওয়া যায়।

রাবি ইউনিট A (প্রশ্ন-২) ২০১৮-১৯
উত্তর : ঘ

18. The girl <u>in green</u> is my cousin. Functionally, the underlined phrase is a/an :
ক a noun clause phrase খ an adjective phrase
গ an adverbial phrase ঘ a prepositional phrase
Hints : Phrase 'in green' noun, the girlকে modify করায় in green হলো adjective phrase।

রাবি ইউনিট A (প্রশ্ন-১) ২০১৮-১৯
উত্তর : খ

19. The greater part of our learning <u>in the schools</u> has been waste. The underlined phrase is—
ক Adjective Phrase খ Noun Phrase
গ Adverbial Phrase ঘ Prepositional Phrase
Hints : Underlineকৃত phraseটি noun learning-কে modify করায় phraseটি adjective phrase। তাছাড়া phrase-কে বাদ দিয়ে the greater part of our school learning লিখলে বাক্যটির অর্থ পরিবর্তন হয় না। School বাক্যটিতে adjective হিসেবে কাজ করছে।

রাবি ইউনিট B (অবশিষ্ট) ২০১৮-১৯
উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

20. They hired a huge beautiful home. The underlined words are.
(ক) Adjective phrase (খ) Adverb phrase
(গ) Prepositional phrase (ঘ) Noun phrase
ইবি
ইউনিট বি (1st shift) ২০১৮-১৯
উত্তর : খ

21. 'The book borrowed from the library is lost.' The underlined part is—
(ক) Noun phrase (খ) Adverb phrase
(গ) Adjective phrase (ঘ) Verb phrase
বশেমুরবিপ্রবি
সি ইউনিট ২০১৮-১৯
উত্তর : গ

22. 'The table has four chairs'. This is the example of — clause.
(ক) Dependent (খ) Independent
(গ) Subordinate (ঘ) Complex
জাবি 'H' ইউনিট
(আইআইটি) ২০১৮-১৯
উত্তর : খ

23. I know how he struggled against poverty. The underlined clause is a/an :
(ক) Noun clause (খ) Main clause
(গ) Adjective clause (ঘ) Adverbial clause
Hints : বাক্যে know verb-এর পরে how he struggled against poverty noun-এর কাজ করায় underline কৃত অংশটি noun clause। তাছাড়া noun clause সাধারণত that, what, how, why ইত্যাদি দ্বারা সূচিত হয়।
রাবি
ইউনিট A (গ্রুপ-২) ২০১৮-১৯
উত্তর : ক

24. I know the boy who will win. The underlined clause is :
(ক) a noun clause (খ) an adjective clause
(গ) an adverbial clause (ঘ) a principal clause
Hints : Underlined clauseটি noun, the boy-কে modify করায় clauseটি adjective clause।
রাবি
ইউনিট A (গ্রুপ-১) ২০১৮-১৯
উত্তর : খ

25. The prices were a great deal higher than I had anticipated.
The underlined part is—
(ক) Adverbial Clause (খ) Noun Clause
(গ) Adjective Clause (ঘ) Main Clause
Hints : Clause-এ than থাকাতে clauseটি adverbial clause of comparison প্রকাশ করছে।
রাবি
ইউনিট B (অবাণিজ্য) ২০১৮-১৯
উত্তর : ক

26. We all know that humans are mortal. Here the underlined clause is—
(ক) an adjective clause (খ) a noun clause
(গ) an adverb clause (ঘ) both ক & গ
Hints : প্রদত্ত বাক্যে underline কৃত clauseটি noun clause কেননা clauseটি noun-এর কাজ করছে। তাছাড়া noun clause that, what, how দ্বারা শুরু হয়।
চবি
ইউনিট D (সকাল) ২০১৮-১৯
উত্তর : খ

27. I enquire how he lost his money.
(ক) an adverb clause of reason (খ) an adjective clause
(গ) a noun clause (ঘ) an adverb clause of result
কুবি
ইউনিট B ২০১৮-১৯
উত্তর : গ

28. The migratory bird that he shot down was beautiful.
(ক) a noun clause with relative pronoun as subject
(খ) an adverb clause of degree
(গ) an adjective clause with relative pronoun as possessive
(ঘ) an adjective clause with relative pronoun as object
কুবি
ইউনিট B ২০১৮-১৯
উত্তর : গ

29. The man who came here is my brother. The underlined clause is—.
(ক) Adjective clause (খ) Noun clause
(গ) Adverb clause (ঘ) None
ইবি
ইউনিট জি ২০১৮-১৯
উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

30. I do not know <u>who has come today.</u> The underline —
ⓚ Noun clause ⓛ Adjective clause
ⓜ Adverbal clause ⓝ Noun phrase

31. 'The poor boy <u>who was an orphan</u> could not continue his studies.' The underlined part is an example of—
ⓚ Noun clause ⓛ Adjective clause
ⓜ Adverbial clause ⓝ Prepositional clause

32. You cannot guess <u>what type of person he is.</u>
ⓚ noun clause ⓛ adjective clause
ⓜ adverbial clause ⓝ prepositional clause

33. <u>What he said</u> is important? [Identify the clause]
ⓚ Noun clause ⓛ Adjective clause
ⓜ Adverb clause ⓝ Main clause
Hints : *Underlined clauseটি হলো noun clause কেননা noun clause সাধারণত that, what, how, why দ্বারা সূচিত হয়। তাছাড়া what he said clause টি subject-এর স্থলে বসেছে।*

34. The girl <u>whom you met in the hospital</u> is my cousin. The underlined clause is a/an :
ⓚ noun clause ⓛ adjective clause
ⓜ adverbial clause ⓝ principal clause
Hints : *Clauseটির পূর্বের nounকে modify করায় হবে adjective clause.*

35. <u>Look</u> before you leap. Here 'look' is :
ⓚ a subordinate clause ⓛ not a clause
ⓜ the principal clause ⓝ a verb clause

36. Identify the underlined clause of the sentence.
'<u>Whoever wants to know</u> should ask me.'
ⓚ prepositional clause ⓛ adverbial clause
ⓜ noun clause ⓝ independent clause

37. I know the reason <u>why Mithila has done it</u>. (identify the type of clause of the underlined part)
ⓚ Noun clause ⓛ Adverbial clause
ⓜ Adjective clause ⓝ Principal clause

38. They rested at sunset. Here "at sunset" is a/an—
ⓚ Adjective clause ⓛ Noun clause
ⓜ Adverb clause ⓝ Adverb phrase
Hints : *At sunset (সূর্যাস্তের সময়) দ্বারা বাক্যে সময় নির্দেশ করায় তা adverb phrase।*

39. They reached home <u>safe and sound</u>. This is a/an :
ⓚ adjective phrase ⓛ adverbial phrase
ⓜ proverb ⓝ idiom

40. The train is moving <u>fast enough</u>. The underlined phrase is—
ⓚ adjective phrase ⓛ verb phrase
ⓜ adverbial phrase ⓝ prepositional phrase

রাবি
বি ইউনিট ২০১৮-১৯
উত্তর : ক

রাজশাহী বি
বি ইউনিট ২০১৮-১৯
উত্তর : খ

রাজশাহী বি
ডি ইউনিট ২০১৮-১৯
উত্তর : ক

রাবি
ইউনিট এ ২০১৭-১৮
উত্তর : ক

রাবি
ইউনিট A ২০১৭-১৮
উত্তর : খ

রাবি
ইউনিট A ২০১৭-১৮
উত্তর : গ

রাবি
ইউনিট K (IER) ২০১৭-১৮
উত্তর : গ

রাবি
ইউনিট D ২০১৭-১৮
উত্তর : গ

ডেন্টাল কলেজ ভর্তি পরীক্ষা
২০১৭-১৮
উত্তর : ঘ

রাবি
ইউনিট A ২০১৭-১৮
উত্তর : খ

রাবি
ইউনিট K (IER) ২০১৭-১৮
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

CHAPTER

18

SENTENCES & TRANSFORMATIONS

সুশৃঙ্খল পদসমষ্টি, যার দ্বারা মনের ভাব প্রকাশিত হয় সে সুশৃঙ্খল পদসমষ্টিকে বাক্য বলে। বাক্যের সাধারণত দুটি অংশ। যথা : subject এবং predicate। বাক্যকে অর্থভেদে এবং গঠনভেদে যথাক্রমে দুই এবং তিন ভাগে ভাগ করা যায়। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় বাক্য, বাক্যের গঠন, প্রকারভেদ ইত্যাদি সম্পর্কে প্রশ্ন প্রদান করা হয়। এ সকল প্রশ্নের সঠিক উত্তর প্রদানের জন্য নিম্নোক্ত আলোচনাটি ভালোভাবে পড়ুন।

■ **Sentence : এক বা একাধিক word সুশৃঙ্খলভাবে ব্যবহৃত হয়ে যদি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে, তখন তাকে বাংলায় বাক্য এবং ইংরেজিতে sentence বলে।** যেমন—

— The dog is a faithful animal.

— He goes.

— Run.

এখানে প্রথম বাক্যে একাধিক অর্থাৎ ৬টি word ব্যবহৃত হয়েছে। দ্বিতীয় বাক্যে ২টি word ব্যবহৃত হয়েছে এবং তৃতীয় বাক্যে ১টি word ব্যবহৃত হয়েছে। তৃতীয় বাক্য দ্বারা বুঝা যায় ১টি word দ্বারাও বাক্য সম্ভব। শুধুমাত্র run শব্দটি (word) দ্বারা কাউকে দৌড়াতে বলা হয়েছে। এভাবে ১টি word দ্বারাও বাক্য সম্ভব।

যেমন— Good, yes, no, listen, what, walk ইত্যাদি।

এক্ষেত্রে object সর্বদা 2nd person হয়।

— A sentence is a group of words that expresses a complete thought

— A sentence must have a subject and a finite verb

❑ **Subject ও Predicate :** প্রতিটি simple sentence-এ দুটি অংশ (subject ও predicate) থাকে। বক্তা বা কর্তাই subject আর বাকি অংশটুকু predicate। ওপরের প্রথম বাক্যটিতে the dog হলো subject এবং is a faithful animal হলো predicate। মনে রাখতে হবে predicate আর object এক নয়। ওপরের বাক্যটিতে a faithful animal হলো object অর্থাৎ object is a part of predicate.

— The predicate of a sentence is what is said about subject.

❑ **Kinds of Sentence : অর্থভেদে sentence পাঁচ প্রকার। অর্থাৎ প্রকাশভঙ্গির ধরন বা কারো মনোভাব প্রকাশের ওপর ভিত্তি করে sentence-কে পাঁচ ভাগে ভাগ করা হয়।** যথা—

(i) Assertive Sentence (বিবৃতিমূলক বাক্য)

(ii) Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য)

(iii) Imperative Sentence (অনুজ্ঞাসূচক বাক্য)

(iv) Optative Sentence (ইচ্ছা বা আশীর্বাদসূচক বাক্য)

(v) Exclamatory Sentence (বিস্ময়সূচক বাক্য)

♦ **Assertive Sentence : যে sentence বা বাক্য দ্বারা সাধারণভাবে কোনো বিবৃতি প্রদান করা হয়, তাকে assertive sentence বলে।** যেমন— I know him very well. The wind is unfavourable.

Scanned with CamScanner CamScanner

Assertive sentence আবার ২ প্রকার। যথা :

(i) Affirmative Sentence (হ্যাঁ-বোধক বাক্য)। যেমন—
— The Python moves slowly.

(ii) Negative Sentence (না-বোধক বাক্য)। যেমন—
— The Python does not move quickly.

♦ **Interrogative Sentence : যে sentence বা বাক্য দ্বারা কোনো কিছু জানতে চাওয়া হয় অর্থাৎ প্রশ্ন করা হয়, তাকে interrogative sentence বলে।** যেমন—
— Do you like tea? — Where are you going now?

♦ **Imperative Sentence : যে sentence বা বাক্য দ্বারা আদেশ, উপদেশ, অনুরোধ ইত্যাদি প্রকাশ পায়, তাকে imperative sentence বলে।** যেমন—
— Take care of your health. — Let us go out for a walk.
[Note : *Imperative sentence-এ সচরাচর verb দ্বারা বাক্য শুরু হয়।*]

♦ **Optative Sentence : যে বাক্য দ্বারা মনের ইচ্ছে বা কামনা, প্রার্থনা এসব বুঝায়, তাকে বলে optative Sentence।** যেমন—
— May you live long. — May Allah help you.

♦ **Exclamatory Sentence : যে sentence বা বাক্য দ্বারা মনের আনন্দ, সুখ, দুঃখ, বিস্ময় প্রভৃতি প্রকাশিত হয়, তাকে exclamatory sentence বলে।** যেমন—
— Hurrah! We have won the match. — Alas! I am undone.
— How beautiful a bird is! — What a sad piece of news it is!

[Note : *অবশ্যই স্মরণ রাখতে হবে যে interrogative sentence-এর শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসবে এবং exclamatory sentence-এর পর (what/how দ্বারা শুরু বাক্যে) বিস্ময়সূচক চিহ্ন (!) বসবে এবং hurrah, alas, oh ইত্যাদি দ্বারা শুরু বাক্যে উক্ত শব্দগুলোর পরেই বিস্ময় চিহ্ন (!) ও বাক্যের শেষে ফুল স্টপ (.) বসবে।*]

□ **গঠনভেদে : গঠনভেদে sentence-কে আবার তিন ভাগে ভাগ করা হয়।** যথা :
i. Simple Sentence
ii. Complex Sentence
iii. Compound Sentence

♦ **Simple Sentence : একটি মাত্র subject এবং একটি মাত্র finite verb নিয়ে গঠিত sentence-কে simple sentence বলে।**
— Everyday we play football. — The sun having set, we went home.
— Killing the bird, the old man brought bad luck to the crew.

♦ **Complex Sentence : একটি principal clause এবং এক বা একাধিক sub-ordinate clause নিয়ে গঠিত sentence-কে complex sentence বলে।**
— He said that he was innocent. — This is the act that a wise man does.
— If you read, you will learn.
[Note : *If, although, though, before, after, as, because, since, that, so that, unless, whether, when, where প্রভৃতি দ্বারা complex sentence যুক্ত হয়।*]

♦ **Compound Sentence : একাধিক independent principal clause, co-ordinating conjunction (and, but, or, nor, also, however, moreover, thus, so, therefore, else, as well as, yet, whereas, not only but also, otherwise) দ্বারা যুক্ত হলে, তাকে compound sentence বলে।**
— You are a student, so you have to study well.
— The thief saw the police and ran away.

Scanned with CamScanner CamScanner

TRANSFORMATION OF SENTENCE

Affirmative to Negative

- Affirmative sentence-এ ব্যবহৃত only বা alone যদি God বা কোনো ব্যক্তিবাচক noun-কে qualify করে তাহলে negative sentence-এ only বা alone-এর পরিবর্তে none but; only বা alone যদি কোন বস্তুকে নির্দেশ করে, তাহলে তাদের পরিবর্তে nothing but এবং যদি কোনো সংখ্যাকে নির্দেশ করে, তাহলে not more than/not less than ব্যবহৃত হয়। যেমন—

  Affirmative : Only Rina can do this sum.
  Negative : None but Rina can do this sum.

  Affirmative : Only the moon was visible.
  Negative : Nothing but the moon was visible.

  Affirmative : Priyom is only six.
  Negative : Priyom is not more than six.

- Affirmative sentence-এ যদি must থাকে, তাহলে negative sentence-এ must-এর পরিবর্তে cannot but অথবা cannot help ব্যবহৃত হয়। তবে cannot help-এর পরে gerund (verb + ing) হয়। যেমন—

  Affirmative : I must do it.
  Negative : I cannot help doing this.

- Affirmative-এ always থাকলে, negative-এ never হবে এবং বাক্যটির মূল verb বা main word-টি বিপরীত শব্দ বা antonym বসবে। যেমন—

  Affirmative : Everyone always remembers him.
  Negative : Everyone never forgets him.

- Affirmative-এ as soon as + past indefinite, past indefinite থাকলে, negative করার সময় no sooner had + subject + past participle + — than + past indefinite গঠনটি ব্যবহৃত হবে। যেমন—

  Affirmative : As soon as I left the place, he went away.
  Negative : No sooner had I left the place than he went away.

- Affirmative-এ subject + verb + the + superlative degree + noun + extension থাকলে negative করার সময় no other + noun থেকে শেষ পর্যন্ত + verb + so/as + positive degree + as + subject-এই নিয়মটি ব্যবহৃত হয়। যেমন—

  Affirmative : He is the best boy in the class.
  Negative : No other boy in the class is so good as he.

- Affirmative sentence-টি comparative degree-তে থাকলে তার negative sentence করতে হলে তা positive degree-তে রূপান্তরিত করতে হয়। অর্থাৎ affirmative-এ subject 1 + verb + comparative + than + subject 2 থাকলে negative করার সময় subject 2 + verb + not + as/so + positive degree + as + subject 1 ব্যবহৃত হয়। যেমন—

  Affirmative : He is greater than I.
  Negative : I am not as great as he.

- Affirmative-এ বাক্যটি every + noun + have/has etc. দ্বারা শুরু হলে negative করার সময় every-এর পরিবর্তে there is no ব্যবহার করা হয়। অর্থাৎ affirmative-এ every + noun + have/has + a/an + noun থাকলে negative-এ there is no + every-এর পরবর্তী noun + without + a/an-এর পরবর্তী noun ব্যবহৃত হয়। যেমন—

  Affirmative : Every rose has a thorn.
  Negative : There is no rose without a thorn.

Scanned with CamScanner CamScanner

- Affirmative sentence-টি every + noun + transitive verb দ্বারা শুরু হলে negative করার সময় every-এর পরিবর্তে there is no ব্যবহৃত হয় এবং verb-এর পূর্বে but অথবা who does not ব্যবহৃত হয়। যেমন—

Affirmative : Every mother loves her child.
Negative : There is no mother but loves her child.
There is no mother who doesnot love her child.

Assertive to Interrogative

- Assertive sentence-এ যদি 'Be' verb, 'Have' verb এবং modal verb ব্যতীত অন্য কোনো verb থাকে তবে subject-এর পূর্বে বাক্যটির tense অনুযায়ী auxiliary verb আনতে হয় এবং তার সাথে not যুক্ত হয়। আর যদি verb to be, verb to have অথবা modal verb থাকে তাহলে ঐগুলো দিয়ে interrogative করতে হবে। Interrogative sentence-এর negative form- এ noun এর পূর্বে এবং pronoun এর পরে not বসে। কিন্তু সংক্ষিপ্ত রূপ যেমন— don't, doesn't, didn't, isn't, hasn't etc. হলে তা noun এবং pronoun উভয়ের পূর্বেই বসে এবং সকল প্রকার interrogative বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) ব্যবহার করতে হয়। যেমন—

Assertive : She cooks rice.
Neg-Interr. : Does she not cook rice?

- Assertive sentence-এ যদি all/everyone/everybody + verb থাকে তাহলে interrogative করার সময় who + tense অনুযায়ী auxiliary verb + not + verb ব্যবহার করতে হয়। যেমন—

Assertive : Everybody knows this.
Interrogative : Who does not know this?

- Assertive sentence-এ যদি no one/nobody/none থাকে তাহলে interrogative করার সময় বাক্যের প্রথমে ঐ word-গুলোর পরিবর্তে শুধু who ব্যবহার করলেই হয়। যেমন—

Assertive : Nobody wishes to be unhappy.
Interrogative : Who wishes to be unhappy?

Exclamatory to Assertive

- Exclamatory থেকে assertive-এ পরিবর্তন করার সময় subject ও verb অপরিবর্তিত থাকে, তবে subject বা কর্তা sentence-এর প্রথমে বসে। How এবং what-এর পরিবর্তে adjective-এর পূর্বে very/most এবং noun-এর পূর্বে great বসে। এছাড়া adjective ও article অপরিবর্তিত থাকে এবং সবশেষে exclamation mark উঠিয়ে full stop দিতে হয়। যেমন—

Exclamatory : What a nice scenery it is!
Assertive : It is a very nice scenery.

- Exclamatory sentence যদি if, would, that, had, could, were ইত্যাদি দ্বারা শুরু হয়, তাহলে assertive sentence-এর প্রথমে ঐ word-গুলোর পরিবর্তে I wish ব্যবহৃত হয়। তারপর subject + verb + বাকি অংশ + শেষে note of exclamation mark-এর বদলে full stop ব্যবহৃত হয়। এছাড়া Hurrah থাকলে It is a matter of joy that এবং alas থাকলে It is a matter of sorrow that ব্যবহৃত হয়। যেমন—

Exclamatory : Had I the wings of a bird!
Assertive : I wish I had the wings of a bird.
Exclamatory : If I had died!
Assertive : I wish I had died.

Simple, Complex & Compound

- প্রায় একই সময়ে সংঘটিত দুটি কাজের মধ্যে simple sentence-এ আগের কাজটি present participle (verb + ing)- এ হয়ে থাকে। আর বেশি সময়ের ব্যবধানে সংঘটিত দুটি কাজের মধ্যে simple sentence-এ আগের কাজটি perfect participle (having + v_3)- এ হয়ে থাকে। সময় নির্দেশ করলে complex-এ when/after এবং কারণ

Scanned with CamScanner CamScanner

নির্দেশ করলে since/as প্রথমে বসিয়ে participle যুক্ত অংশকে clause-এ পরিণত করতে হয়। কিন্তু compound sentence-এ complex-এর comma চিহ্ন উঠিয়ে দিয়ে and দ্বারা দুটো স্বাধীন clause-কে যুক্ত করতে হয়। যেমন—

Complex : Since the water was hot, I could not drink it.
Simple : The water being very hot, I could not drink it.

- Compound-এ and দ্বারা দুটি কাজ যুক্ত থাকলে simple-এর শুরুতে প্রথম কাজটির verb + ing হয়। যেমন—

Compound : He shut the door and went out.
Simple : Shutting the door, he went out.

- Simple sentence-এ inspite of বা despite থাকে তাহলে তা complex sentence-এ রূপান্তরের সময় though বা although এবং compound sentence-এ but ব্যবহৃত হয়। যেমন—

Complex : Though he is poor, he is happy.
Simple : Despite his poverty, he is happy.
Complex : Though he tried hard, he failed.
Compound : He tried hard but failed.

- Simple sentence-এ by/in case of/in the event of + gerund থাকলে তার complex-এর প্রথম অংশ if + affirmative clause হবে এবং compound-এর ক্ষেত্রে প্রথম অংশ imperative হবে এবং তারপর and সহ বাকি অংশ বসবে। তবে simple-এ without + gerund থাকলে তার complex-এর প্রথম অংশ unless + affirmative অথবা if + negative clause হবে এবং তার compound-এর প্রথম অংশ imperative হবে এবং তারপর or সহ বাকি অংশ বসবে। যেমন—

Compound : Move and die.
Simple : By moving you will die.

- Simple sentence-এ too + adj. + to + verb থাকলে না-বোধক অর্থ প্রকাশ করে বলে তার complex-এ so-that + negative clause-এ পরিণত করতে হয়। Compound-এ too বা so-এর স্থলে very এবং that-এর স্থলে and বসে। যেমন—

Simple : He is too weak to walk.
Complex : He is so weak that he cannot walk.

- Simple sentence-এ noun phrase থাকলে complex sentence-এ noun phrase-টি that/wh word যোগে সম্প্রসারিত হয়ে noun clause-এ পরিণত হয়। যেমন—

Simple : I don't know his father's name.
Complex : I do not know what his father's name is.

- Simple sentence-টি যদি in + কোনো ঋতুর নাম এবং main clause-টি যদি subject + verb + extension এই নিয়মে থাকে, তাহলে complex sentence-টি when + it + be verb (main clause-এর tense অনুযায়ী) + ঋতুর নাম + main clause– এই নিয়মে পরিবর্তিত হবে। যেমন—

Simple : In spring, the cuckoo sings.
Complex : When it is spring, the cuckoo sings.

- Simple sentence-টি যদি subject + want/wish/like/desire + object + infinitive + extension এই নিয়মে থাকে তাহলে, complex sentence-টি হবে subject + want/wish/like/desire (অপরিবর্তিত থাকে) + that + object-টি subject হয় + should + infinitive থেকে বাকি অংশ। যেমন—

Simple : Does he wish me to go?
Complex : Does he wish that I should go?
Complex : He wants that I should go.
Simple : He wants me to go.

Scanned with CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. 'We must not be late, else we will miss the train.' This is a —
৪০তম বিসিএস
উত্তর : ক

ক compound sentence
খ complex sentence
গ simple sentence
ঘ interrogative sentence

Hints : *Compound sentence সাধারণত একের অধিক principal clause or, but, yet, else, therefore, otherwise ইত্যাদি co-ordinating conjunction দ্বারা যুক্ত থাকে। সুতরাং else conjunction দ্বারা যুক্ত বাক্যটি compound sentence।*

02. Select the right compound structure of the sentence :
'Though he is poor, he is honest'.
৩৮তম বিসিএস
উত্তর : গ

ক He is poor and honest
খ As he is poor, he is honest
গ He is poor but honest
ঘ Since he is poor, he is honest

Hints : *Though যুক্ত complex sentence-এ দুটি clause এ be verb এবং be verb এর পর adjective থাকলে compound sentence এর structure হবে- sub+be verb + though যুক্ত অংশের adjective + but + অপর adjective।*

03. 'A rolling stone gathers no moss' The complex form of the sentence is—
৩৭তম বিসিএস
উত্তর : ঘ

ক Since a stone is rolling, it gathers no moss.
খ Though a stone rolls, it gathers no moss.
গ A stone what rolls gathers no moss.
ঘ A stone that rolls gathers no moss.

Hints : *Participle যুক্ত simple sentence-কে complex করতে হলে participle অংশকে subordinate clause-এ রূপান্তরিত করতে হয় এবং বাকি অংশ main clause হিসেবে অপরিবর্তিত থাকে। প্রদত্ত বাক্যে 'rolling' হচ্ছে present participle, যার subordinate clause হলো 'A stone which/that rolls' যা (ঘ) option-এ উল্লেখ আছে।*

PSC & Other Exams' Questions

01. A sentence is a group of words that expresses a complete —.
প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (২য় পর্যায়) ২০২২
উত্তর : ঘ

ক Paragraph
খ Predicate
গ Fragment
ঘ Thought

Hints : *বাক্য বলতে শব্দগুচ্ছের সমষ্টিকে বোঝায় যা একটি পূর্ণ চিন্তা বা ভাব প্রকাশ করে। সেক্ষেত্রে সঠিক উত্তর হবে অপশন (ঘ) thought।*

02. Identify the sentence. "That's really stunning."
বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০২২
উত্তর : ঘ

ক Imperative
খ Interrogative
গ Exclamatory
ঘ Assertive

Hints : *'That's really stunning' বাক্যটি বিবৃতিমূলক বা assertive sentence।*

Scanned with CamScanner

03. The complex form of the sentence, 'But for your help, I could not prosper in life.' is—

বিভিন্ন মন্ত্রণালয়ের বাছাই কর্মকর্তা ২০২১
উত্তর : গ

ক Thought you did not help I could prosper in life.
খ Though you helped me I could not prosper in life.
গ If you did not help me I could not prosper in life.
ঘ Without your help I could not prosper in life.

BSCIC-এর সম্প্রসারণ অফিসার, পরিদর্শন অফিসার ও অন্যান্য পদ ২০১৮
উত্তর : ক

Hints : *Take somebody to task* অর্থ কাউকে তিরস্কার করা। *To* বসিয়ে প্রদত্ত বাক্যের অর্থ—গাফিলতির জন্য তত্ত্বাবধায়ক তাকে তিরস্কার করল।

37. Having the right equipment at hand will be enormous help.

ক of খ in গ upon ঘ would
ঙ on

BSCIC-এর সম্প্রসারণ অফিসার, পরিদর্শন অফিসার ও অন্যান্য পদ ২০১৮
উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

Hints : বাক্যে missing word টি হলো of। Of যোগে সঠিক বাক্য হলো Having the right equipment at hand will be of enormous help। (হাতের নাগালে সঠিক উপকরণ পাওয়াটা বিশাল সাহায্যের ব্যাপার হবে।)

38. We must set deadlines for phase of the project to complete it on time.

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (BSCIC)-এর সম্প্রসারণ অফিসার, পরিদর্শন অফিসার ও অন্যান্য পদ ২০১৮
উত্তর : ঘ

ক any খ all
গ the ঘ each
ঙ within

Hints : Each phase of the project (প্রজেক্টের প্রত্যেক ধাপে) হলো সঠিক expression। Each যোগে বাক্যের অর্থ— প্রজেক্টটি যথাসময়ে সম্পূর্ণ করতে এটার প্রত্যেক ধাপের সময়সীমা আমাদের বেঁধে দিতেই হবে।

39. After moving to a new country, I had difficulty adapting the new time zone.

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (BSCIC)-এর সম্প্রসারণ অফিসার, পরিদর্শন অফিসার ও অন্যান্য পদ ২০১৮
উত্তর : ক

ক to খ about
গ on ঘ around
ঙ among

Hints : Adapt to something অর্থ– নতুন কোনো পরিবেশের সাথে খাপ খাওয়ানোর জন্য নিজের আচরণ পরিবর্তন করা। সুতরাং adapting-এর পর to বসবে।

40. Experienced police officers can easily see criminals.

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (BSCIC)-এর সম্প্রসারণ অফিসার, পরিদর্শন অফিসার ও অন্যান্য পদ ২০১৮
উত্তর : ক

ক into খ upon
গ through ঘ over
ঙ above

Hints : See into somebody অর্থ কাউকে পরীক্ষা করা/তদন্ত করা। সুতরাং বাক্যে Missing wordটি হলো 'into' (preposition)।

41. The doctor advised to take the medicine twice a day.

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ ২০১৮
উত্তর : গ

ক daily খ only গ me ঘ with
ঙ no word is missing

Hints : Advise somebody to do something হলো সঠিক sequence। Sequence ঠিক রাখার জন্য advise এর পর me শব্দটি প্রয়োজন। সুতরাং me শব্দটি বাক্যে অনুপস্থিত। বাক্যে me যোগ করে বাক্যটির অর্থ– ডাক্তার আমাকে দিনে দুইবার ওষুধটি নিতে পরামর্শ দিলেন।

42. The chief guest of the seminar spoke to the audience concerning career.

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ ২০১৮
উত্তর : খ

ক with খ their গ about ঘ for
ঙ no word is missing

Hints : Concerning-এর পূর্বে audience (শ্রোতৃমণ্ডলী) থাকাতে বোঝা যাচ্ছে career-এর পূর্বে their বসবে। বাক্যে their বসিয়ে বাক্যটির বাংলা : সেমিনারের প্রধান অতিথি তাদের ক্যারিয়ার নিয়ে শ্রোতৃমণ্ডলীর সাথে কথা বললেন।

43. Do not emphasize their mistakes so much.

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ ২০১৮
উত্তর : ঙ

ক in খ on গ by ঘ at
ঙ no word is missing

Hints : Emphasize something অর্থ– কোনো কিছুতে গুরুত্ব প্রদান করা, জোর দেয়া। সুতরাং emphasize verb-এর পরে কোনো preposition বসে না। তাই প্রদত্ত বাক্যে কোনো word missing নেই। প্রদত্ত বাক্যের অর্থ– তাদের ভুলে বেশি গুরুত্ব আরোপ করো না।

Scanned with CamScanner CamScanner

Govt. & Private Bank Questions

01. The miser gazed avidly the pile of gold coins in front of him.
ⓚ at ⓛ of ⓜ into ⓝ by
ⓞ no word is missing
Hints : *প্রদত্ত বাক্যে Gaze-অর্থ হলো- এক দৃষ্টিতে থাকিয়ে থাকা এবং pile- অর্থ-স্তূপ। সুতরাং সঠিক English হবে gazed avidly at the pile..... । অর্থাৎ-স্তূপের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে ছিল।*
Standard Bank Ltd. Management Trainee Officer 2016
উত্তর : ক

02. Tomal behaves strangely at times and, therefore, nobody gets with him.
ⓚ about ⓛ through ⓜ along ⓝ up
ⓞ no word is missing
Hints : *সঠিক বাক্যটি হবে ... nobody gets along with him-তার সাথে কেউই মানিয়ে চলতে পারে না। অর্থাৎ বাক্যটিতে missing word হলো-along।*
Standard Bank Ltd. Management Trainee Officer 2016
উত্তর : গ

03. In hot weather, I like lying the shade of a tree.
ⓚ in ⓛ on ⓜ to ⓝ shadow
ⓞ no word is missing
Hints : *সঠিক বাক্য হবে- In hot weather, I like lying in the shade of a tree অর্থাৎ গরম আবহাওয়াতে আমি গাছের ছায়াতে শুয়ে থাকতে পছন্দ করি।*
Standard Bank Ltd. Management Trainee Officer 2016
উত্তর : ক

04. It was indeed unreasonable him to leave this job and start a business.
ⓚ in ⓛ with ⓜ upon ⓝ of
ⓞ no word is missing
Hints : *Unreasonable- অর্থ অযৌক্তিক। প্রদত্ত বাক্যে এই শব্দটির পর of শব্দটি বসেনি। অর্থাৎ সঠিক বাক্য হবে- It was indeed unreasonable of him to leave this job and start a business। চাকুরিটি ছেড়ে দেওয়া এবং একটা ব্যবসা শুরু করা তার জন্য সত্যিই অযৌক্তিক ছিল।*
Standard Bank Ltd. Management Trainee Officer 2016
উত্তর : ঘ

University & Medical Questions

01. The director inserted deliberate — into the play — for example; Hamlet typed his letters to Ophelia on a laptop.
ⓚ platitudes ⓛ paradigms ⓜ neologisms ⓝ anachronisms
Hints : *Anachronisms অর্থ কালবৈষম্য। পরিচালক ইচ্ছাকৃতভাবে নাটকে কালবৈষম্য এনেছেন অর্থে anachronism ব্যবহৃত হবে। অন্য অপশনগুলোর মধ্যে platitudes অর্থ মামুলি মন্তব্য, paradigms অর্থ দৃষ্টান্ত, neologisms অর্থ নতুন শব্দের নির্মাণ।*
জাবি ইউনিট E ২০২০-২১
উত্তর : ঘ

02. On an aptitude test in 1986, an argument posited that the possibility of conducting banking transactions from home was as likely as flying cars, an argument that today sounds—.
ⓚ prescient ⓛ paradoxical ⓜ preposterous ⓝ presumptuous
Hints : *Preposterous অর্থ অযৌক্তিক বা ভ্রান্ত। ১৯৮৬ সালের আলোচিত যুক্তিটি বর্তমানে অযৌক্তিক শোনাবে অর্থে preposterous বসবে। অন্যদিকে, prescient অর্থ দূরদর্শী, paradoxical অর্থ আপাতবিরোধী, presumptuous অর্থ সাহসী।*
জাবি ইউনিট E ২০২০-২১
উত্তর : গ

03. — television channel you watch, the news bulletins are all the same, as if written by the same person!
ⓚ Whenever ⓛ Whichever ⓜ As soon as ⓝ The more
Hints : *যেটাই হোক না কেন বোঝাতে 'whichever' শব্দটি ব্যবহৃত হয়। সুতরাং অর্থসঙ্গতি রক্ষার জন্য প্রদত্ত বাক্যে whichever বসবে।*
জাবি ইউনিট F ২০২০-২১
উত্তর : খ

Scanned with CamScanner CamScanner

CHAPTER

21

PARALLEL CONSTRUCTION

একই grammatical function যুক্ত একাধিক word/phrase যদি বাক্যে পাশাপাশি বসে তাহলে grammatical form-এর দিক দিয়ে তাদের মধ্যে সমতা বিধান করাকে parallel structure/parallel construction বা parallelism বলে। Parallelism-এর উদ্দেশ্য হলো বাক্যের সমজাতীয় উপাদানগুলোকে সমান গুরুত্ব দেওয়া, অর্থের প্রাঞ্জলতা বৃদ্ধি এবং বাক্যের অর্থ সহজে বুঝতে সহায়তা করা।

❑ **Parallelism-এর একটি মৌলিক rule হলো একটি শব্দগুচ্ছ বা বাক্যাংশের তালিকার মধ্যস্থ উপাদানগুলোর grammatical form একই রকম হবে। উদাহরণস্বরূপ বলা যায়, আমরা যদি তিনটি উপাদানের একটি তালিকা তৈরি করি তাহলে সেগুলোর গঠন হবে noun, noun ও noun অথবা verb, verb ও verb অথবা gerund, gerund ও gerund ইত্যাদি। নিচের তালিকাটি দেখুন।**

{singing / dancing} {to see / to look} {at the time / in the house} {because I care / before he came}

↑ Gerunds ↑ Infinitives ↑ Prepositional phrases ↑ Subordinate clauses

▶ Seeing is **believing.**

Incorr. : **Heavy smoking and to overeat** are activites which a heart patient must forego.

Corr. : Heavy smoking and overeating.

Hints : *এখানে and-এর পূর্বে gerund হওয়ায় এর পরেও gerund হবে।*

❑ **Co-ordinating conjunction (and, but, or) এর মাধ্যমে বাক্যের উপাদানগুলোকে যুক্ত করে। যেমন—**

▶ **Word Level—**

— The boys used to like **making** and **flying** model aeroplanes.

▶ **Parallel in Phrase —**

— She likes **to look** but not **to listen.**

— You will find the glass **in the closet** or **under the table.**

▶ **Parallel in Clause—**

— We wondered **who he was** and **what he was doing here.**

Faulty : My uncle likes **to eat** in expensive restaurants and **visiting** museums.

Correct : My uncle likes **to eat** in expensive restaurants and **to visit** museums.

Correct : My uncle likes **eating** in expensive restaurants and **visiting** museums.

Scanned with CamScanner CamScanner

❑ List বা series তথা ধারাবাহিক তালিকার মাধ্যমে parallel construction ব্যবহার করে। যেমন—

▶ **Series of Nouns—**

— She wanted three things : money, power, and security.
— Zerin is a scholar, an athelete and **an artist.**

▶ **Series of Adjectives—**

Faulty : Rana is young, enthusiastic and **he has talent.**
Correct : Rana is young, enthusiastic and **talented.**

▶ **Series of Verbs—**

— Sabuj entered the room, sat, and **opened** his book.
— Halim will wash the clothes, **iron the shirts, prepare the meal,** and **dust the furniture.**

▶ **Series of Phrases—**

— She found cleaning supplies **in the closet, under the sink,** but not **in the garage.**

▶ **Series of Clauses—**

— The company does not care about **who you are, how you got here,** or **why you have come.**
Faulty : The tribes emphasised collective survival, mutual aid, and **being responsible** for one another.
Correct : The tribes emphasised collective survival, mutual aid, and **responsiblity** for one another.

❑ একটি জিনিস/ব্যক্তিকে আরেকটির সাথে তুলনা করতে parallelism ব্যবহার করা হয়। যেমন—

▶ **Lying on this bench is much more pleasant than sitting in the office.**
Faulty : I like **swimming** better than **to dive.**
Correct : I like **swimming** better than **diving.**
Correct : I like **to swim** better than **to dive.**

❑ Linking verb বা be verb-এর মাধ্যমে বাক্যের উপাদানগুলোকে যুক্ত করতে parallelism ব্যবহার করা হয়। যেমন—

— **What you see** is **what you get.**
— **To know her** is **to love her.**
— **Being** Jim's friend means **being constantly alert.**
— In many ways, dancing to music is similar to **working out.**

❑ Correlative conjunctions ব্যবহারের মাধ্যমে parallel construction তৈরি করা হয়।
Correlative conjunctions হচ্ছে either — or, neither —nor, both — and, not only — but also ইত্যাদি।

— The players are **either** tired **or** nervous.
— We were told to either **reduce the staff** or **find new customers.**
— Gopa was neither **going to classes** nor **doing her assignments.**
Faulty : The show is both enjoyable and **it is educational.**
Correct : The show is both enjoyable and **educational.**

❑ ভিন্ন preposition গ্রহণ করে এমন দুটি শব্দ যদি and দ্বারা যুক্ত হয় তাহলে উক্ত শব্দদ্বয়ের পর আলাদা preposition বসাতে হবে। যেমন—

— She had faith in and hopes for the future.

Scanned with CamScanner CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. In many ways, riding a bicycle is similar to—
(ক) driving a car (খ) the driving of car
(গ) when you drive a car (ঘ) when driving a car

৩৩তম বিসিএস
উত্তর : ক

PSC & Other Exams' Questions

01. The greater the demand, — the price.
(ক) high (খ) higher
(গ) the higher (ঘ) highest

Hints : *The + comparative degree দিয়ে শুরু কোনো বাক্যের পরের অংশেও The + comparative degree হয়।*

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) ২০২২
উত্তর : গ

Govt. & Private Bank Questions

01. Writing a beautiful sonnet is as much an achievement as <u>to finish</u> a 400-page novel.
(ক) finishing (খ) it is to finish
(গ) to have finished (ঘ) if to finish

Hints : *বাক্যে parallelism-এর জন্য subject gerund writing কে follow করে to finish হবে finishing। Finishing যোগে বাক্যটির বাংলা : সুন্দর একটি সনেট লেখা ৪০০ পৃষ্ঠার একটি উপন্যাস লেখার মতো অর্জন।*

BSC Senior Officer (3 Banks) 2018; & Probashi Kallyan Bank Senior Executive Officer 2018
উত্তর : ক

University & Medical Questions

01. Poetry in every language celebrates beauty and truth.—
(ক) So does art (খ) So as art
(গ) As well as art (ঘ) Why not art?

Hints : *Poetry যেমন সব ভাষায় সৌন্দর্য এবং সত্যকে তুলে ধরে ঠিক 'art' ও তাই করে। সুতরাং সঠিক উত্তর (ক) so does art হবে কারণ art singular- এ ব্যবহৃত।*

চাবি
ইউনিট খ (সেট-২) ২০২০-২১
উত্তর : ক

02. Choose the correct sentence :
(ক) The more you read, less you understand.
(খ) More you read, less you understand.
(গ) The more you read, the less you understand.
(ঘ) More you read, the less you understand.

Hints : *Double comparative এর ক্ষেত্রে 'the' ব্যবহৃত হয় এবং rules অনুযায়ী বাক্যটির গঠন হবে the + 1st comparative adj + clause (1) + comma (,) + the + 2nd comparative adj + clause (2)।*

চাবি
ইউনিট গ ২০২০-২১
উত্তর : গ

Scanned with CamScanner

03. **The wright brothers are called father of aviation because they—**
ⓚ flew the first flying machine.
ⓛ invented and flew the first flying machine.
ⓜ designed flying machines for airlines.
ⓝ designed flying machines that could land on water.
Hints : *Wright ভাতৃদ্বয় father of aviation কারণ প্রথম flying machine-এর উদ্ভাবক।*

GST তদন্তকৃত বিশ্ব ইউনিট A (বিজ্ঞান শাখা) ২০২০-২১
উত্তর : খ

04. **The Wright brothers made toys that**
ⓚ used gasoline as their source of propulsion
ⓛ could fly
ⓜ they sold for money
ⓝ they sold for building their first flying machine

GST তদন্তকৃত বিশ্ব ইউনিট A (বিজ্ঞান শাখা) ২০২০-২১
উত্তর : গ

05. **Mint contains aromatic oils—, stems, and roots.**
ⓚ its leaves ⓛ in its leaves
ⓜ are in its leaves ⓝ they are in its leaves
ⓞ their leaves
Hints : *'In its leaves' বসালে বাক্যটি অর্থপূর্ণ হয় এবং অর্থ হবে 'পুদিনা' এর পাতা কাণ্ড এবং মূলে সুগন্ধযুক্ত তেল রয়েছে।*

চবি ইউনিট সি (ব্যবসায় প্রশাসন) ২০২০-২১
উত্তর : খ

06. **To answer accurately is more important than—.**
ⓚ finishing quickly ⓛ to finish quickly
ⓜ a quick finish ⓝ you finish quickly
Hints : *তাড়াতাড়ি করার চেয়ে সঠিক করা অধিকতর গুরুত্বপূর্ণ। প্রথম অংশে to + verb এর base form বিধায় পরবর্তী অংশেও তাই হবে।*

চবি অধিভুক্ত সরকারি সাত কলেজ ইউনিট বিজ্ঞান ২০২০-২১
উত্তর : খ

07. **To decide on a career, students should think closely about their interests, hobbies, and —.**
ⓚ skilling ⓛ skill
ⓜ what their skills are ⓝ skills

বশেমুরবিপ্রবি ইউনিট G (আইন) ২০১৯-২০
উত্তর : ঘ

08. **Choose the incorrect fragment of the following sentence. The paradoxical point, <u>of course</u> is that European culture was no less <u>complex</u>, rich or <u>interested</u> for <u>having supported</u> most aspects of the imperial experience.**
ⓚ of course ⓛ no less complex ⓜ interested ⓝ having supported

বশেমুরবিপ্রবি ইউনিট F (ব্যবসায় শিক্ষা) সেট-খ ২০১৯-২০
উত্তর : গ

09. **Insects provide many beneficial services, such as — breaking down deadwood, and pollinating plants.**
ⓚ the condition soils ⓛ to condition soil
ⓜ conditioning the soil ⓝ soil conditioned
Hints : *Such as-এর পর verb + ing + noun এভাবে parallelism করতে হবে। সুতরাং conditioning the soil বসালে বাক্যটি সঠিক হবে।*

চবি 'ডি' ইউনিট ২০১৯-২০
উত্তর : গ

10. **I'm fond of gardening, reading and —.**
ⓚ to dance ⓛ dancing ⓜ danced ⓝ dance
Hints : *And conjunction দ্বারা যুক্ত word গুলোর মধ্যে parallelism-এর জন্য and-এর পর ing যুক্ত word লাগবে। Dancing যোগে প্রদত্ত বাক্যের অর্থ- আমি পছন্দ করি বাগান করা, পড়া এবং নাচ করা।*

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ ইউনিট বাণিজ্য ২০১৮-১৯
উত্তর : খ

Scanned with CamScanner CamScanner

CHAPTER

22

EMBEDDED QUESTIONS

English grammar-এ কয়েকটি নিয়মে প্রশ্ন করা যায়। যেমন— Wh question, yes/no question, tag question ইত্যাদি। এ ছাড়াও spoken English-এ intonation-এর মাধ্যমেও প্রশ্ন করা যায়। এ অধ্যায়ের আলোচ্যবিষয়– embedded question বা জুড়ে দেওয়া প্রশ্ন যা সাধারণত বাক্যের মাঝে থাকে এবং এর গঠন প্রচলিত প্রশ্ন বা typical question-এর চেয়ে একটু ভিন্ন। যেমন— Who is he? (সে কে?)— এটি Wh question। I know who he is. (আমি জানি সে কে) ।— এটি embedded question।

একটি embedded question হলো একটি sentence বা অন্য question-এর আরেকটি question।

Note : Embedded question-এর ভিতরের subject ও question word-এর মাঝে কোনো auxiliary verb বসে না।

Structure of Embedded Question :

➢ i. principal clause + question word + subject + verb

— I do not know why she did it.

— We haven't ascertained where the meeting will take place.

➢ ii. auxiliary + subject + verb + question word + subject + verb

— Do you know where he went?

— Could you tell me what time it is?

Scanned with CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. Can you tell me where——?
—Which of the following is the best clause in the above sentence?

ক does Mr. Ali live
খ Mr. Ali does live
গ Mr. Ali lives
ঘ lives Mr. Ali

Hints : *সাধারণভাবে বাক্যের ২য় অংশ প্রশ্নবোধক হয় না।*

১৪তম বিসিএস
উত্তর : গ

PSC & Other Exams' Questions

01. Do you know — ?

ক who I am?
খ who am I?
গ who was I?
ঘ who I shall?

Hints : *Complex sentence-এর subordinate clause-এর structure সর্বদাই assertive হবে। অর্থাৎ 'Subject + verb + ...' structureটি অনুসৃত হবে। সুতরাং সঠিক উত্তর (ক)।*

পোর্ট মাস্টার জেনারেল (পূর্বাঞ্চল, চট্টগ্রাম)-এর কার্যালয়ের পোর্টাল অপারেটর ২০১৬
উত্তর : ক

02. Can you tell me where — ?

ক live Rahim
খ does Rahim live
গ Rahim lives
ঘ Rahim does live

Hints : *Embedded question হলো অন্য বাক্য বা প্রশ্নবোধক বাক্যের জুড়ে দেওয়া প্রশ্ন। Embedded Question এর Structure হলো : Wh question word + sub + verb। সুতরাং বাক্যটিকে পূর্ণাঙ্গ করতে সঠিক expression হলো– where Rahim lives. সঠিক উত্তর অপশন (গ)।*

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (২য় পর্যায়) ২০২২
উত্তর : ক

Govt. & Private Bank Questions

01. We don't know <u>how did the thief made</u> an escape.

ক how the thief did make
খ how the thief does make
গ how the thief made
ঘ how was the thief made

Hints : *Embedded question-এর structure হলো : wh question word + sub + verb। সুতরাং underline-কৃত অংশের সঠিক রূপ how the thief made যোগে বাক্যটির বাংলা : আমরা জানি না চোরটি কীভাবে পালিয়ে গেল।*

Standard Bank Ltd. Trainee Assistant Officer (TAO) 2018
উত্তর : গ

02. Can you tell me <u>why did you not speak</u> the truth?

ক why did not you speak
খ that why did you not speak
গ why you did not speak
ঘ why did you not spoke

Standard Bank Ltd. Trainee Assistant Officer (TAO) 2018
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

Hints : *Embedded question-এর structure হলো : wh question word + sub + negative particle + verb-এর base form। সুতরাং প্রদত্ত underline-কৃত অংশের জন্য সঠিক অংশ হবে, why you didn't speak।*

03. I wish you would tell me —

City Bank Ltd. Trainee Officer 2018
উত্তর : ঘ

ⓚ who is being lived next door
ⓛ who does live in the next door
ⓜ who lives next door
ⓝ who was living next door
ⓞ none of these

Hints : *Would tell বাক্যে থাকায় পরের clauseটিও past tense-এ হবে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ বাক্যাংশ হলো : who was living next door।*

University & Medical Questions

01. The correct question is—

চবি
ইউনিট A (শিফট-৩) ২০২০-২১
উত্তর : খ

ⓚ Do you know where does he live?
ⓛ Do you know where he lives?
ⓜ Do you know where lives he?
ⓝ Do you know where does he lives?

Hints : *একটি question এর সাথে আরেকটি question যুক্ত হলে তাকে embedded question বলে। Embedded question-এর structure : wh word + sub + verb। এই অর্থে সঠিক উত্তর (খ)।*

02. A question mark in parentheses(?) can be used to—

ঢবি
'B' ইউনিট (সেট : বি) ২০১৯-২০
উত্তর : ক

ⓚ express uncertainty ⓛ mark the end of any sentence
ⓜ express a writer's interest ⓝ show a writer's expectation

Hints : *একটি বাক্যের মধ্যেই অপর একটি বাক্য কমা, ড্যাশ বা বন্ধনী দ্বারা আলাদা করে বোঝালে তাকে parentheses বলে। আর এই parentheses-এর শেষে প্রশ্নবোধক চিহ্ন থাকলে তা দ্বারা বক্তার আশংকা বা অনিশ্চয়তা প্রকাশ পায়। তাই অপশন (ক) হবে সঠিক উত্তর।*

03. I don't know where — so early in the morning.

চবি
'A' ইউনিট ২০১৯-২০
উত্তর : গ

ⓚ could he go ⓛ could he have gone
ⓜ he could have gone ⓝ did he go

Hints : *Embedded question-এর structure : wh question word + sub + verb। সুতরাং সঠিক expression হলো he could have gone।*

04. I don't know — .

চবি
'B-1' ইউনিট ২০১৯-২০
উত্তর : ক

ⓚ where she dwells ⓛ where does she dwell
ⓜ where is she from ⓝ where does she come from

Hints : *Embedded question-এর structure হলো : wh question word + sub + tense অনুযায়ী verb। সুতরাং বাক্যটির জন্য expression হলো where she dwells।*

05. John has not been able to recall where —

ইসলামী বিশ্ববিদ্যালয়
Unit-B (Set-B) ২০১৯-২০
উত্তর : খ

ⓚ does she live ⓛ she lives
ⓜ did she live ⓝ she lived

Scanned with CamScanner

Hints : *Embedded question-এর structure হলো wh question word + sub + verb (tense অনুযায়ী) । Where-এর পূর্ববর্তী clause টি present tense-এ হওয়ায় where পরবর্তী clause টিও present tense-এ হবে । সুতরাং সঠিক expression হলো she lives ।*

06. Do you know when — ?

ইসলামী বিশ্ববিদ্যালয় Unit-B (Set-B) ২০১৯-২০ উত্তর : ক

ⓚ Islamic University was founded
ⓛ Was Islamic University founded
ⓜ Islamic University founded
ⓝ Had Islamic University been founded

Hints : *Embedded question-এর structure হলো wh question word + sub + be verb + verb-এর p.p (বাক্যটি passive হলে) । সুতরাং সঠিক expression হলো- Islamic University was founded ।*

07. Do you know — ?

বঙ্গবন্ধুবিশ্ববি ইউনিট D;E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০ উত্তর : ক

ⓚ why Abir is absent today
ⓛ why is Abir absent today
ⓜ why was abir absent today
ⓝ why has Abir been absent today

08. The type of clothing people wear tells others a lot about — .

বঙ্গবন্ধুবিশ্ববি ইউনিট F (ব্যবসায় শিক্ষা) সেট-খ ২০১৯-২০ উত্তর : ক

ⓚ who they are ⓛ they whom are
ⓜ are they who ⓝ who are they

Hints : *বাক্যের মধ্যে embedded question থাকলে তা assertive হয় (Who they are) ।*

09. What surprised me the most was how — and reacted exactly like you, said the banker to me.

ঢাবি 'ক' ইউনিট ২০১৮-১৯ উত্তর : গ

ⓚ did he look ⓛ does he look
ⓜ he looked ⓝ could he look

Hints : *Embedded question-এর structure অনুযায়ী he looked বসবে কেননা embedded question-এর ক্ষেত্রে Wh question word + sub + verb বসে ।*

10. Could you tell me— ?

ইবি ইউনিট বি ২০১৮-১৯ উত্তর : খ

ⓚ What's the time ⓛ What time is it?
ⓜ What it is time ⓝ What time it is

Hints : *Embedded question হলো অন্য বাক্য বা প্রশ্নবোধক বাক্যের জুড়ে দেওয়া প্রশ্ন । Embedded question-এর structure হলো : Wh question word + sub + verb । সুতরাং বাক্যটিকে পূর্ণাঙ্গ করতে সঠিক expression হলো— What time it is ।*

Scanned with CamScanner

CHAPTER

23

REDUNDANCY

Redundancy হচ্ছে কোনো sentence-এ একই অর্থসম্পন্ন একাধিক word-এর পুনরাবৃত্তি। বাংলাতে এটাকে 'বাহুল্য দোষ' বলে। সাধারণত noun, pronoun, verb, adjective, preposition বা কোনো phrase-এর redundancy হয়ে থাকে।

❑ যেসব Word বা phrase-এর redundancy হয়ে থাকে তাদের একটি তালিকা দেওয়া হলো :

Redundant Words/Phrases	Correct Usages
Actual/true/ experience / fact	experience/fact
Add an additional	add
Added bonus	bonus
Advance forward, proceed forward, progress forward	advance/forward, proceed, progress
As for example	as/for example
At the present time	at present
Await for	await/ wait for
Basic fundamentals	basic/fundamentals
Close proximity	proximity
Collaborate/join/meet	together collaborate/join/meet
Compete together	compete
Dictionary book	dictionary
Difficult dilemma	dilemma
Discuss about	discuss
End result	result
Foreign imports	imports
Free gift	gift
Join together	join
Lodging house	lodging
Matinee performance	matinee
Nearly almost	nearly/almost

Scanned with CamScanner CamScanner

Redundant Words/Phrases	Correct Usages
New innovation/invention/discovery	innovation/invention/discovery
Past history/record	history/record
Reason .... because	reason
Repeat again	repeat
Resemble like	resemble
Return/revert back	return/revert
Rise up	rise
Same identical	same/identical
Seldom ever	seldom
Still remain	remain
Suddenly exploded/Sudden explosion	explosion
Sufficient enough	sufficient/enough
The place where	the place/where
The time when	the time/when
Two twins	twins
Unexpected surprise	surprise

❑ **Redundancy -এর উপর কিছু exercise দেয়া হলো :**

Incorrect : It is a true fact.
Correct : It is a fact.
Incorrect : He has sufficient enough money to buy a car.
Correct : He has sufficient money to buy a car.
Or, He has enough money to buy a car.
Incorrect : What is the end result of the game?
Correct : What is the result of the game?
Incorrect : iPod is a new invention in technology.
Correct : iPod is an invention in technology.
Incorrect : My lodging house is near to the school.
Correct : My lodging is near to the school.
Incorrect : Rony has bought a dictionary book.
Correct : Rony has bought a dictionary.
Incorrect : Simi is her cousin sister.
Correct : Simi is her cousin.
Incorrect : I am comparatively better today.
Correct : I am better today.
Incorrect : We should know the past history of our nation.
Correct : We should know the history of our nation.
Incorrect : The work is nearly almost finished.
Correct : The work is nearly finished.
Or, The work is almost finished.

Scanned with CamScanner CamScanner

THE REAL TEST

PSC & Other Exams' Questions

01. **Which is the correct sentence?**

(ক) This is a true. (খ) This is true fact.
(গ) This is fact. (ঘ) This is a fact.

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৬
উত্তর : ঘ

Hints : *True এবং fact শব্দদ্বয় প্রায় একই অর্থ বহন করে। True এর আগে article 'a' বসে না তবে fact এর আগে বসে। আবার একই বাক্যে true এবং fact পাশাপাশি বসলে সেটা redundancy বা বাহুল্য দোষে দুষ্ট হয়ে যায়। সুতরাং সঠিক উত্তর (ঘ)।*

University & Medical Questions

01. **The bureaucrats were—.**

(ক) discussing about the matter (খ) discussing about the whole matter
(গ) discussing the matter (ঘ) discussed the matter

ঢাবি
ইউনিট ডি (সকাল) ২০২০-২১
উত্তর : গ

Hints : *discuss-এর সাথে about লিখলে সেটি আতিশয্য (Redundancy) হবে। সঠিক বাক্য হবে–the bureaucrats were discussing the matter.*

02. **Are you hungry? No, not <u>at all</u>.**
(Choose the correct answer to replace the underlined phrase)

(ক) surely (খ) in the least
(গ) too much (ঘ) any way

রাবি
ইউনিট-B (অবাণিজ্য) ২০১৯-২০
উত্তর : ঘ

Hints : *(Not) at all অর্থ আদৌ (না); যে কোনো উপায়ে (না)। At all ব্যবহৃত হয় negative বাক্যে। Idiom টির অর্থ প্রকাশ পায় In any way দ্বারা।*

03. **Name the type of errors happens in the following sentence. The bride and the groom bear the same identical retina colour.**

(ক) Wrong parallelism (খ) Redundancy
(গ) Problem verbs (ঘ) Unequal comparison

বাংলাবিবি
ইউনিট D ২০১৯-২০
উত্তর : খ

04. **Which is the unnecessary word in the sentences : 'He ordered for a cup of tea'.**

(ক) ordered (খ) a
(গ) for (ঘ) tea

ইসলামী বিশ্ববিদ্যালয়
Unit-H ২০১৬-১৭
উত্তর : গ

Hints : *'কোনো কিছু ফরমাশ দেওয়া' হচ্ছে 'order sth'। এখানে 'for'-এর প্রয়োজন নেই।*

Scanned with CamScanner

CHAPTER

24

FORMATION OF WORDS

Formation of Words বা শব্দের গঠন অনেকভাবে হতে পারে। যেমন— prefix এবং suffix যোগ করে নতুন শব্দ গঠন করা হয়। নতুন শব্দ গঠনের ক্ষেত্রে prefix ও suffix-এর গুরুত্ব অনেক বেশি। বর্তমান সময়ের প্রায় সব প্রতিযোগিতামূলক পরীক্ষায় Formation of Words -এর উপর দু-একটি প্রশ্ন থাকে। সেখানে সাধারণত কোনো word-এর parts of speech পরিবর্তন করতে বলা হয়।

PREFIX AND SUFFIX

❑ **Prefix : Prefix-এর 'pre'- অর্থ 'before' (পূর্বে)। সুতরাং Prefix হচ্ছে এমন letter/letters যা শব্দের পূর্বে বা প্রথমে সংযুক্ত হয়ে নতুন word গঠন করে। Prefix-এর নিজস্ব কোনো অর্থ নেই, তবে তা root word-এর সাথে যুক্ত হয়ে নতুন meaning বা sense তৈরি করে। এগুলো অনেকটা বাংলা উপসর্গের মতো। যেমন—**

— The prefix 'poly' in the word 'polygamy' expresses the sense of many.

▸ Prefix Index

Prefixes	Meaning(s)	Words
a–	at, in, on, not, without	abed (শয্যাশায়ী), abroad (বিদেশ), amoral (অনৈতিক), afar (বহুদূরে), apolitical (অরাজনৈতিক), atheist (নাস্তিক)
ab–	away, from	abnormal (অস্বাভাবিক), abstain (বিরত থাকা)
ad–	to, near	adhere (লেগে থাকা), adjoin (সংযুক্ত করা), adopt (অবলম্বন করা)
ambi–	both	ambidextrous (সব্যসাচী), ambivalent (দ্বিমুখী, পরস্পরবিরোধী)
ante–	before	antebridal (বিবাহপূর্ব), antehistoric (প্রাগৈতিহাসিক), anterevolutionary (প্রাক-বৈপ্লবিক)
anti–	against, opposition	antiaircraft (বিমান বিধ্বংসী), antitheism (নাস্তিক্যবাদ), antidote (প্রতিষেধক), antiseptic (পচনরোধক)
arch–	main, chief, head	archartist (শ্রেষ্ঠ শিল্প), archfounder (প্রধান প্রতিষ্ঠাতা), archbishop (প্রধান যাজক)
auto–	self, independently	autobiography (আত্মজীবনী), autodynamic (স্বয়ং গতিশীল), autoportrait (আত্মপ্রতিমূর্তি)
be–	by, make	before (পূর্বে), beside (পাশে), below (নিচে), besiege (অবরোধ করা), bewitch (মুগ্ধ করা)
bi–	two, twice	bicycle (দ্বিচক্রযান), bisect (সমদ্বিখণ্ডিত করা), bilingual (দ্বিভাষিক)

Scanned with CamScanner

Prefixes	Meaning(s)	Words
co–	together, with	co-appearance (সহআবির্ভাব), co-existence (সহাবস্থান), co-worker (সহকর্মী)
circum–	around	circumscribe (বেষ্টন করা), circumference (পরিধি), circumstance (পরিস্থিতি), circumnavigate (জলযানে ভ্রমণ করা)
contra–,	against	contraband (চোরাচালান), contradict (বিপরীত হওয়া)
counter–		counterattack (পাল্টা আক্রমণ), counteract (বাধা দেওয়া)
de–	down, away from	deforest (বন উজাড় করা), devalue (মূল্যহ্রাস করা), demotivate (অনুৎসাহিত করা), derail (লাইনচ্যুত করা)
demi–	half	demi-official (আধা সরকারি), demigod (নরদেবতা)
dis–	opposite of, not	disability (অক্ষমতা), disagree (ভিন্নমত পোষণ করা), disappear (অদৃশ্য হওয়া), disadvantage (অসুবিধা)
em–, en–	cause to, put into	enable (যোগ্য করা), embitter (তিক্ত করা), encourage (উৎসাহ দেওয়া), empower (ক্ষমতায়ন করা)
equi–	equal, same	equiangular (সমকোণ বিশিষ্ট), equidistance (সমদূরত্ব), equiform (সমরূপ)
ex–	former, out of	ex-president, ex-principal, exterminate (ধ্বংস করা), extract (বেছে নেওয়া)
extra–	beyond, on the outside	extracurricular (পাঠক্রম বহির্ভূত), extraordinary (অসাধারণ), extramarital (বিবাহ বহির্ভূত)
for–	away, from	forgive (ক্ষমা করা), forbear (সহ্য করা), forbid (নিষেধ করা), forget (ভুলে যাওয়া)
fore–	before	forecast (পূর্বাভাস দেওয়া), foretell (ভবিষ্যদ্বাণী করা), forehand foreword (অবতরণিকা)
homo–	same	homogeneous (সমজাতীয়), homosexual (সমকামী), homonuclear, homoplastic
hyper–	over, above	hyperbole (অত্যুক্তি), hypermetric (অতিরিক্ত শব্দাংশ), hypersensitive (অতি সংবেদনশীল), hypertension (উচ্চ রক্তচাপ)
il–, im–, in–, ir–	opposite of, not	illegal, impossible, indefinite, irresponsible
im–, in–	into	insert (সন্নিবেশ করা), import (আমদানি করা), inside
inter–, intra–	between	interact (পরস্পরের উপর ক্রিয়া করা), intermediate, internet, intramundane (জগতের মধ্যস্থ), intravenous (শিরার মধ্যে চালিত)
mal–, male–	bad	malcontent (অসন্তুষ্ট), malnutrition (অপুষ্টি), maltreat (খারাপ ব্যবহার করা), malefactor (অপরাধী), malevolent (হিংসাপরায়ণ)
mis–	error, wrong	misinterpret (ভুল ব্যাখ্যা করা), misunderstand (ভুল বোঝা), mistake, mislead, misdeed
mono–	one, single	monotheist (একেশ্বরবাদী), monotone (একঘেয়েমি), monolith (একশিলার স্তম্ভ), monologue (একক উক্তি)
non–	not, without	nonentity (তুচ্ছ ব্যক্তি/ বস্তু), nondescript (অদ্ভুত), nonsense (অর্থহীনতা)
omni–	all	omnipotent (সর্বশক্তিমান), omnibus (গ্রন্থসমগ্র), omnipresent (সর্ববিরাজমান), omniscient (সর্বজ্ঞ), omnivorous (সর্বভুক)

Scanned with CamScanner CamScanner

Prefixes	Meaning(s)	Words
para–	beside	parallel (সমান্তরাল), parachute (বিমানছত্র), paramedic, paradox
post–	after	post-mortem (মৃত্যুর পরবর্তী), post-natal (জন্মের পরবর্তী), post-modern (উত্তর আধুনিক), post-war (যুদ্ধ পরবর্তী)
pre–	before	predict (ভবিষ্যদ্বাণী করা), predetermine (পূর্বেই স্থির করা), pre-primary (প্রাক-প্রাথমিক) prefix, prewar.
re–	again, back	rediscover (পুনঃআবিষ্কার করা), regain (পুনর্লাভ করা), return, repeat, reunion (পুনর্মিলন)
semi–	half	semicircle, semifinal, semi-colon, semi-automatic
sub–	under, below	sub-category, subconscious (অবচেতন), submerge (ডুবান), submarine, subtitle, subjudice (বিচারাধীন)।
super–	above, over	superfood, superman, supernatural, superstar
to–	this	today, tonight, tomorrow
trans–	across, beyond	transport (পরিবহন, স্থানান্তরিত করা), transnational (বহুজাতিক), transatlantic, transact
ultra–	beyond, extreme	ultramodern, ultramarine, ultrasound, ultraviolet (অতিবেগুনি)
un–	not, lack of	uncertainty (অনিশ্চয়তা), undone, unfinished, unfriendly, unreal
uni–	one	unicycle, universal, unilateral (একতরফা), uniform
vice–	for, in place of	vice-chancellor, vice-president, vice–principal, viceroy.

❑ **Suffix :** নতুন শব্দ গঠনের জন্য suffix একটি word-এর পরে বসে। Able, fold, full, less প্রভৃতি কয়েকটি suffix ছাড়া suffix গুলোর কোনো অর্থ নেই। এগুলো যে শব্দের সাথে যুক্ত হয়, তার অর্থ প্রসারিত বা সংকুচিত করে। এভাবে suffix যোগে নতুন শব্দ গঠিত হয়। Suffix গুলো বাংলা প্রত্যয়ের মতো।

▶ Suffix Index

Noun Suffixes	Words
– acy	democracy, accuracy, lunacy (পাগলামি)
– al	approval (অনুমোদন), denial (অস্বীকার), remedial (প্রতিষেধক), trial (বিচার)
–ance, –ence	ambience (পরিবেশ), nuisance (উপদ্রব), tolerance (সহনশীলতা), absence
–dom	boredom (একঘেয়েমি), freedom, stardom (তারকার গৌরব)
–er, –or	collaborator (সহযোগী), creator, interpreter (দোভাষী), inventor, reader, teacher
–ism	pluralism (বহুত্ববাদ), romanticism, escapism (পলায়ন প্রবৃত্তি), naturalism
–ist	chemist, communist, geologist, protagonist (প্রধান চরিত্র), scientist
–ity, –ty	enormity (বিশালতা), equality (সমতা), extremity (প্রান্তসীমা), validity (বৈধতা)
–ment	achievement (অর্জন), argument (যুক্তি), enchantment (জাদু, মোহ), basement
–ness	illness, fitness, meanness, usefulness
–ship	friendship, hardship, internship, relationship, ownership
–sion, –tion	cohesion (সংলগ্নতা), conclusion, promotion, position, translation

Scanned with CamScanner CamScanner

Verb Suffixes	Words
–ate	appreciate (প্রশংসা করা), depreciate (নিন্দা করা), collaborate (সহযোগিতা করা), frustrate, generate
–en	blacken (কলঙ্কিত করা), brighten, deepen, hasten, sharpen, strengthen
–ify, –fy	amplify (সম্প্রসারণ করা), exemplify (উদাহরণস্বরূপ হওয়া), justify, verify (যাচাই করা)
–ise, –ize	civilize (সভ্য করা), apologise (ক্ষমা চাওয়া), specialise, visualise
Adjective Suffixes	**Words**
–able, –ible	answerable, attainable (অর্জনযোগ্য), audible (শ্রাব্য), edible (ভোজ্য)
–al	fiscal (রাজস্ব), colonial (ঔপনিবেশিক), natural, political, environmental
–esque	burlesque (অনুকৃত), grotesque (অদ্ভুত), picturesque (ছবির মতো)
–ful (full)	beautiful, careful, handful, hopeful, forgetful, useful
–ic, –ical	critical (জটিল), musical, political, economical (মিতব্যয়ী)
–ious, – ous	jealous (হিংসাপরায়ণ), pious, poisonous, religious, ridiculous (হাস্যকর)
–ish	childish (শিশুসুলভ), foolish, bookish, reddish (লালচে)
–ive	attentive, informative, penetrative (অন্তর্ভেদী), suffocative (শ্বাসরুদ্ধকর)
–less	fearless, hopeless, homeless, meaningless, reckless, soundless
–ly	brotherly (ভ্রাতৃসুলভ), friendly (বন্ধুভাবাপন্ন), motherly, fatherly, homely (পারিবারিক, সুপরিচিত)
Adverb Suffixes	**Words**
–ly	aimlessly (উদ্দেশ্যহীনভাবে), brightly, happily, firmly, severely, softly, slowly
–ward, –wards	afterwards, back-wards, forwards, inward
–wise	otherwise, likewise, clockwise

FORMATION OF WORDS

❑ একটি word-এর verb form থেকে কীভাবে adjective, adverb এবং noun form-এ রূপান্তরিত হয়, নিচে তা দেখানো হলো :

A

Verb	Adjective	Adverb	Noun
anger (রাগ করা)	angry	angrily	anger
awe (ভয় করা)	awful	awfully	awe
accept (গ্রহণ করা)	acceptable	acceptably	acceptance
act/activate/enact (কর্ম সাধন করা)	active	actively	action/activity/act
add (যোগ করা)	additional	additionally	addition
admire (প্রশংসা করা)	admirable	admirably	admiration
admit (স্বীকার করা)	admissible	admissibly	admission
adventure (অভিযান করা)	adventurous	adventurously	adventure
advise (উপদেশ দেওয়া)	advisable	advisably	advice

Scanned with CamScanner CamScanner

Verb	Adjective	Adverb	Noun
agree (সম্মত হওয়া)	agreeable	agreeably	agreement
allow (অনুমতি দেওয়া)	allowable	allowably	allowance
analyse (বিশ্লেষণ করা)	analytical	analytically	analysis
antagonise (শত্রুভাবাপন্ন করা)	antagonistic	antagonistically	antagonism
apologise (ক্ষমা চাওয়া)	apologetic	apologetically	apology
appreciate (উপলব্ধি করা)	appreciable	appreciably	appreciation
argue (যুক্তি দেখানো)	arguable	arguably	argument
assure (নিশ্চয়তা দেওয়া)	assured	assuredly	assurance
attend (মনোযোগ দেয়া, উপস্থিত হওয়া)	attentive	attentively	attention/attendance
attract (আকর্ষণ করা)	attractive	attractively	attraction
authorise (ক্ষমতা দান করা)	authoritative	authoritatively	authority
avail (সুযোগ গ্রহণ করা)	available	availably	availability

B

Verb	Adjective	Adverb	Noun
base (ভিত্তি নির্মাণ করা)	basic/baseless	basically/baselessly	base
beautify (সুন্দর করা)	beautiful	beautifully	beauty
abbreviate (সংক্ষিপ্ত করা)	abbreviated	—	abbreviation
believe (আস্থা রাখা)	believable	believably	belief
bleed (রক্তপাত করা)	bloody	bloodily	blood
break (লঙ্ঘন করা)	breakable	—	breakage, breakdown
busy (ব্যস্ত হওয়া)	busy	busily	—
bury (কবর দেওয়া)	buried	—	burial

C

Verb	Adjective	Adverb	Noun
care (যত্ন নেওয়া, সেবা করা)	careful/careless	carefully/carelessly	care
centralize (কেন্দ্রীয়করণ করা)	central	centrally	centre
ascertain (নিশ্চিত করা)	certain	certainly	certainty
characterize (বৈশিষ্ট্য প্রদর্শন করা)	characteristic	characteristically	character
clarify (স্পষ্ট করা)	clear	clearly	clarification
classify (শ্রেণিবিন্যাস করা)	classified	classifically/classifiably	classification
colour (রঙিন করা)	colourful	colourfully	colour
credit (বিশ্বাস করা)	creditable/credible	creditably/credibly	credit
commercialize (বাণিজ্যিকীকরণ করা)	commercial	commercially	commerce
criticize (সমালোচনা করা)	critical	critically	critic/criticism
commit (প্রতিশ্রুতি দেওয়া)	committed	—	commitment
compete (প্রতিযোগিতা করা)	competitive	competitively	competition
compel (বাধ্য করা)	compulsive/ compulsory	compulsively/ compulsorily	compulsion

Scanned with CamScanner CamScanner

Verb	Adjective	Adverb	Noun
conceive (ধারণা করা)	conceivable	conceivably	conception/concept
confide (বিশ্বাস করা)	confident	confidently	confidence
combine (একত্রিত করা)	combined	combinedly	combination
consider (বিবেচনা করা)	considerable	considerably	consideration
conspire (ষড়যন্ত্র করা)	conspiring	conspiringly	conspiracy
continue (চালিয়ে যাওয়া)	continuous	continuously	continuity
co-operate (সহযোগিতা করা)	co-operative	co-operatively	co-operation
corrupt (দুর্নীতি করা)	corrupt/corruptible	corruptly	corruption

D

Verb	Adjective	Adverb	Noun
darken (অন্ধকার হওয়া)	dark	darkly	darkness
democratize (গণতান্ত্রিক করা)	democratic	democratically	democracy
dramatize (নাট্যরূপ দেওয়া)	dramatic	dramatically	drama
deceive (প্রতারণা করা)	deceptive	deceptively	deception, deceit
decide (সিদ্ধান্ত নেওয়া)	decisive	decisively	decision
define (সংজ্ঞায়িত করা)	defined	definitely	definition
defy (অবাধ্য হওয়া)	defiant	defiantly	defiance
derive (উদ্ভূত হওয়া)	derivative	derivatively	derivation
describe (বর্ণনা করা)	descriptive/describable	descriptively	description
destroy (ধ্বংস করা)	destructive	destructively	destruction
devote (আত্মনিয়োগ/উৎসর্গ করা)	devotional/devoted	devotionally/devotedly	devotion
—	different	differently	difference
digest (হজম করা)	digestive	digestively	digestion
dominate (আধিপত্য করা)	dominant	dominantly	domination

E

Verb	Adjective	Adverb	Noun
ease (আরাম দেওয়া)	easy	easily	ease
economize (মিতব্যয়ী হওয়া)	economical	economically	economy
affect (প্রভাবিত হওয়া)	effective	effectively	effect
energise (শক্তিশালী করা)	energetic	energetically	energy
envy (হিংসা করা)	envious	enviously	envy
eye (নজর রাখা)	ocular	ocularly	eye
edit (সংস্করণ করা)	editable	–	edition
educate (শিক্ষা দেওয়া)	eductional	educationally	education
evidence (প্রমাণ করা)	evident	evidently	evidence
excel (ছাড়িয়ে যাওয়া)	excellent	excellently	excellence
exist (টিকে থাকা, বাঁচা)	existing/existent	existently	existence
extend (প্রসারিত করা)	extensive extreme	extensively extremely	extension extremity

Scanned with CamScanner

❑ একটি word-এর adjective form থেকে কীভাবে adverb, noun এবং verb form-এ রূপান্তরিত হয়, নিচে তা দেখানো হলো :

F

Adjective	Adverb	Noun	Verb
favourable (অনুকূল)	favorably	favour	favour
fearful (ভয়ানক)	fearfully	fear	fear
facilitating (সুবিধাজনক)	facilitatingly	facility	facilitate
figurative (আকৃতিমূলক, রূপক)	figuratively	figure	figure
foolish (বোকা)	foolishly	fool	befool
forceful/forcible (শক্তিমান/বাধ্যতামূলক)	forcefully/forcibly	force	force
formal (আনুষ্ঠানিক/বাহ্যিক)	formally	formality	formalise
friendly (বন্ধুভাবাপন্ন)	–	friend	befriend
forgetful (ভুলোমন)	forgetfully	forgetfulness	forget
false (মিথ্যা)	falsely	falsehood	falsify

H

Adjective	Adverb	Noun	Verb
hard (শক্ত, কঠিন)	hard	hardness	harden
handy (কুশলী, উপকারী সুবিধাজনক)	handily	hand	handle
habitual (অভ্যাসগত)	habitually	habit	habituate
happy (সুখী, সন্তুষ্ট)	happily	happiness	—
hearty/heartening (উদ্যমী/অধিক আনন্দদায়ক)	heartily	heart	hearten
healthy (স্বাস্থ্যবান)	healthily	health	heal
historical (ঐতিহাসিক)	historically	history	historicise
honorable (শ্রদ্ধেয়/সম্মানিত)	honorably	honour	honour
horrible (ভয়ানক)	horribly	horror	horrify
humorous (রসিক/খেয়ালী)	humorously	humour	humour

L

Adjective	Adverb	Noun	Verb
laughable (হাস্যকর)	laughably	laughter	laugh
long (লম্বা, দীর্ঘ)	lengthwise	length	lengthen
lively, living (জীবন্ত)	live	life	live
local (স্থানীয়)	locally	locality	localize
lost, losing (পরাজিত)	—	loss	lose
laborious (পরিশ্রমী)	laboriously	labour	labour
lawful/legal (বৈধ/আইনগত)	lawfully/legally	law/legality	ligalise
lucky (সৌভাগ্যবান)	luckily	luck	luck

Scanned with CamScanner CamScanner

P

Adjective	Adverb	Noun	Verb
patient (ধৈর্যশীল, সহিষ্ণু)	patiently	patience	—
peaceful, Peaceable (শান্ত)	peacefully	peace	pacify
populous (জনবহুল)	—	people, population	populate
persistent (জেদী)	persistently	persistence	persist
poor (দরিদ্র, গরিব)	poorly	poverty	impoverish
preferable/preferential	preferably	preference	prefer
presentable (প্রদর্শনযোগ্য)	presentably	presentation	present
preventive (প্রতিরোধী)	preventively	prevention	prevent
productive/produced	productively	product/producer/ productivity	produce

S

Adjective	Adverb	Noun	Verb
satisfactory (সন্তোষজনক)	satisfactorily	satisfaction	satisfy
separable (বিচ্ছেদযোগ্য)	separably	separation	separate
statutory (সংবিধিবদ্ধ)	statutorily	statute	—
studious (পড়ুয়া)	studiously	study	study
stupid (নির্বোধ)	stupidly	stupidity	stupefy
sufficient (পর্যাপ্ত)	sufficiently	sufficiency	suffice
suggestive (পরামর্শমূলক)	suggestively	suggestion	suggest
suspicious (সন্দেহপ্রবণ)	suspiciously	suspicion	suspect
sure (নিশ্চিত)	surely	sureness	ensure/assure

❑ কিছু গুরুত্বপূর্ণ verb-এর noun form দেখানো হলো :

Verb	Noun	Verb	Noun
arrive	arrival	propose	proposal
enter	entry	fly	flight
do	deed	go	gait
defer	deferment	deny	denial
entertain	entertainment	dismiss	dismissal
nominate	nomination	disperse	dispersal

Scanned with CamScanner CamScanner

THE REAL TEST

BCS Preliminary Questions

01. What is the verb form of the word 'ability'? ৪৪তম বিসিএস
ⓚ capable ⓚ inability ⓖ enable ⓖ unable
উত্তর : গ
Hints : *Ability অর্থ সক্ষমতা। এটি noun। Ability-এর adjective 'able' ও verb 'enable'।*

02. What is the noun form of the word 'laugh'? ৪৩তম বিসিএস
ⓚ laughing ⓚ laughable ⓖ laughter ⓖ laughingly
উত্তর : গ
Hints : *Laugh শব্দটি verb, যার অর্থ হাসা। Laugh-এর noun, adjective, adverb যথাক্রমে laughter, laughable/laughing, laughingly। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)।*

03. What is the noun form of the word 'know'? ৪১তম বিসিএস
ⓚ knowing ⓚ knowledge
ⓖ knowledgeable ⓖ known
উত্তর : খ
Hints : *Know (জানা)-এর adjective form 'knowing' এবং 'known' হলো past participle ও adjective form। অন্যদিকে knowledgeable-ও adjective।*

04. Which of the following words has been formed with 'a' prefix? ৩৯তম বিসিএস (বিশেষ)
ⓚ amoral ⓚ authentic ⓖ amnesia ⓖ aspersions
উত্তর : ক
Hints : *Moral শব্দের অর্থ নৈতিক, নীতিগত। Amoral শব্দের অর্থ অনৈতিক। Moral শব্দের পূর্বে 'a' prefix বসে amoral শব্দটি গঠিত হয়েছে। Option-এর বাকি শব্দগুলো authentic (প্রামাণিক), খাঁটি, amnesia (স্মৃতিভ্রম, আংশিক স্মৃতি হারানো) ও aspersions (কুৎসা, কটাক্ষ)- এ কোনো prefix যুক্ত হয়নি।*

05. Verb of 'number' is— ৩৬তম বিসিএস
ⓚ number ⓚ enumerate ⓖ numbering ⓖ numerical
উত্তর : ক
Hints : *Number শব্দটি একাধারে noun এবং verb। Noun হিসেবে number অর্থ সংখ্যা আর verb হিসেবে number অর্থ সংখ্যা দ্বারা চিহ্নিত করা, সংখ্যা দেয়া। Enumerate অর্থ গণনা করা হলেও enumerate-এর noun form enumeration থাকায় number-এর verb form হলো number।*

06. The verb of the word 'short' is— ২৯তম; ১২তম বিসিএস
ⓚ enshort ⓚ shorten ⓖ shorted ⓖ shorting
উত্তর : খ
Hints : *কিছু শব্দ বিশেষত noun বা adjective (ব্যবহারের ওপর নির্ভর করে)-এর সাথে en suffix যোগ করে verb করা যায়। যেমন– short–shorten, sharp–sharpen।*

07. Which is the noun of the word 'beautiful? ২৭তম; ১১তম বিসিএস
ⓚ Beauty ⓚ Beautify ⓖ Beauteous ⓖ Beautifully
উত্তর : ক
Hints : *Beautiful (চমৎকার)-এর noun form হবে beauty আর verb-এর রূপ হবে beautify। সুতরাং সঠিক উত্তর (ক)।*

08. What is the adjective of the word 'heart'? ১২তম বিসিএস
ⓚ Heart ⓚ Hearten ⓖ Heartening ⓖ Heartful
উত্তর : গ
Hints : *'Heart' শব্দের adjective-সমূহ : heartening, heartened, disheartening, disheartened; যাদের অর্থ যথাক্রমে উৎসাহজনক, উৎসাহিত, হতাশাব্যঞ্জক, নিরুৎসাহ।*

Scanned with CamScanner CamScanner

PSC & Other Exams' Questions

01. What is the adjective form of the word 'People'?
ⓚ Popular ⓛ Popularity ⓜ Popularize ⓝ Populous
Hints : *Populous অর্থ জনবহুল (জায়গা) অর্থাৎ যেখানে বিপুলসংখ্যক লোক বাস করে, যা People বা জনতার সাথে সরাসরি সম্পর্কিত। Popular অর্থ জনপ্রিয় যেটা লোকজনের পছন্দের সাথে কিংবা লোকজনের মাঝে পরিচয়-পরিচিতি বা প্রভাব বিস্তারের সাথে সম্পর্কিত। Popularity অর্থ জনপ্রিয়তা, এটি একটি noun। Popularize শব্দটি verb, যার অর্থ মানুষের মাঝে কোনো বিষয়কে পরিচিতি ও উপভোগ করানো।*
সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়) ২০২২
উত্তর : ঘ

02. Remove শব্দটির Noun—
ⓚ Remove ⓛ Removal ⓜ Re-movement ⓝ Removing
Hints : *'Remove' শব্দটির সাথে suffix 'al' যোগে এর noun form 'Removal' গঠিত হয় যার অর্থ অপসারণ।*
প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (১ম পর্যায়) ২০২২
উত্তর : খ

03. Verb of the word "height'—
ⓚ heighten ⓛ higher ⓜ heist ⓝ heifer
Hints : *Height শব্দের অর্থ উচ্চতা। এটি noun। Height-এর verb হলো– heighten, যার অর্থ উঁচু করা বা হওয়া, উন্নতি লাভ করা ইত্যাদি।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২
উত্তর : ক

04. The verb form of the word 'milk' is—.
ⓚ milky ⓛ milk ⓜ milker ⓝ mikshake
Hints : *Milk শব্দটি noun। এটি verb হিসেবেও কাজ করতে পারে। তখন অর্থ দাঁড়ায়– দুধ দোহন করা।*
বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২
উত্তর : খ

05. The noun form of the word 'treat' is —
ⓚ tream ⓛ treatment ⓜ treat ⓝ none of them
Hints : *'treat' হলো verb from-এর noun form হবে treatment।*
স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক ২০২২
উত্তর : খ

06. What is the verb form of 'habit'?
ⓚ habitable ⓛ habitation ⓜ habitual ⓝ habituate
Hints : *Habit (অভ্যাস) এর verb form হলো habituate (অভ্যস্ত করানো)। অন্যদিকে habitable (adj.) অর্থ বাসযোগ্য, habitation (n.) অর্থ আবাস্থল এবং habitual (adj.) অর্থ অভ্যাসগত। কোনো শব্দের শেষে 'ate' থাকলে সেটা verb হিসেবে ব্যবহৃত হয়। যেমন habituate, evaluate, appreciate ইত্যাদি শব্দ verb।*
বাংলাদেশের কন্ট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ে অডিটর ২০২১; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই ২০২১; বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০২০
উত্তর : ঘ

07. The verb of simplification is—
ⓚ simply ⓛ simple ⓜ simplify ⓝ similar
Hints : *Simplification অর্থ সরলীকরণ, যেটি একটি noun এবং শব্দটির verb হলো— simplify যার অর্থ সহজীকরণ বা সরলীকরণ করা। Simple অর্থ সহজ, সরল, সাদাসিধে; এটি adjective আর adverb হলো— simply যার অর্থ সহজভাবে। similar অর্থ একই; এটি adjective।*
বাংলাদেশের কন্ট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ের অডিটর ২০২১
উত্তর : গ

08. What is the verb form of the word 'acquisition'?
ⓚ Acquiesce ⓛ Acquisition ⓜ Acquire ⓝ Aquifer
Hints : *Acquisition (অর্জন) হলো noun form, এটির verb form হলো acquire (অর্জন করা, লাভ করা)। অন্যদিকে, acquiesce (সম্মত হওয়া) হলো acquiescence (মৌনসম্মতি)-এর verb form।*
NSI-এর সহকারী পরিচালক, রিসার্চ অফিসার ও সহকারী প্রোগ্রামার ২০২১
উত্তর : গ

Scanned with CamScanner

09. What is the noun of word 'wide'?
ⓚ widation ⓛ width ⓜ widen ⓝ widening
Hints : *Wide শব্দটি adjective ও একই সাথে adverb হিসেবেও ব্যবহৃত হতে পারে। Adjective হিসেবে : a wide river, wide street etc। Adverb হিসেবে : The door was wide open, open you mouth wide, etc। Wide-এর noun, verb, adverb যথাক্রমে width, widen, widely।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর উপ-সহকারী প্রকৌশলী (ই/এল) ও হিসাব সহকারী ২০২১
উত্তর : খ

10. What is the noun of the word 'waste'?
ⓚ Wastage ⓛ Wastful ⓜ Wasting ⓝ Waste
[Note : *'Waste' verb-এর noun হিসেবে waste নিজেই এবং wastage শব্দটি ব্যবহৃত হয়। Waste অর্থ আবর্জনা, অপচয়; wastage অর্থ অপচয়, ব্যবহারজনিত ক্ষয় বা ধ্বংস।]*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর নিরাপত্তা অপারেটর ২০২১
উত্তর : Note

11. The adjective of the word 'sea' is—
ⓚ Navy ⓛ Marine
ⓜ Ocean ⓝ Shipping
Hints : *Sea (সাগর)-এর Latin adjective হলো marine (সামুদ্রিক)। আরো কিছু Latin adjective হলো oval (egg), paternal (father), conjugal (husband), legal (law) ইত্যাদি।*

CAAB-এর এয়ারোড্রম কর্মকর্তা/ ইঞ্জিনিয়ার/ সহকারী জনরল কর্মকর্তা/ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী নিরীক্ষা অফিসার ২০২১; করিগরি শিক্ষা অফিসার ২০২১
উত্তর : খ

12. Verb of 'Master' is—
ⓚ Mister ⓛ Mistress ⓜ Mastery ⓝ Master
Hints : *Master শব্দটি একই সাথে noun ও verb উভয় অর্থে ব্যবহৃত হয়। Master (noun) অর্থ মনিব, গুরু, কর্তা ইত্যাদি। আর master (verb) অর্থ দক্ষতা অর্জন করা, মালিক হওয়া, জয় করা, কর্তৃত্ব করা ইত্যাদি।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর এয়ারোড্রম কর্মকর্তা/ ইঞ্জিনিয়ার/ সহকারী জনরল কর্মকর্তা/ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী নিরীক্ষা অফিসার ২০২১
উত্তর : খ

13. The prefix 'over' can be added to—
ⓚ space ⓛ work ⓜ culture ⓝ information
Hints : *'Over' prefix-টি প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুধু work শব্দটির পূর্বেই বসে অর্থপূর্ণ শব্দ তৈরি করতে পারে। Overwork অর্থ অত্যধিক পরিশ্রম করা।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা ২০২১
উত্তর : খ

14. The verb form of the word 'friend' is—
ⓚ befriend ⓛ enfriend ⓜ defriend ⓝ friendly
Hints : Noun → Verb → Noun → Adj
Friend befriend friendship friendly

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মেডিকেল অফিসার/ এরোড্রাম সহকারী ২০২১
উত্তর : ক

15. Which one of the following words can be used as a verb?
ⓚ green ⓛ orange ⓜ red ⓝ blue
Hints : *উপরের অপশনগুলোর মধ্যে শুধু green-ই verb হিসেবে ব্যবহৃত হতে পারে। সেক্ষেত্রে 'green' দুটো অর্থ প্রদান করে। (১) শহরে সবুজায়ন/ বনায়ন করা, (২) পরিবেশ সম্বন্ধীয় কোনো ব্যাপারে কাউকে সচেতন করা।*

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মেডিকেল অফিসার/ এরোড্রাম সহকারী ২০২১
উত্তর : ক

16. What is the noun form of the word 'defer'?
ⓚ Defer ⓛ Deferment ⓜ Defference ⓝ Different
Hints : *Defer (মুলতবি রাখা, স্থগিত করা) হলো verb form। এটির noun form হবে deferment (মুলতবি, স্থগিত)।*

NSI-এর সহকারী পরিচালক, রিসার্চ অফিসার ও সহকারী প্রোগ্রামার ২০২১
উত্তর : খ

17. Verb of the word false is—
ⓜ falsify ⓛ falsely ⓜ falsity ⓝ falsehood
Hints : *False (মিথ্যা)-এর verb form falsify (জাল করা, মিথ্যা বর্ণনা করা)। অন্যদিকে, falsely adverb; falsity এবং falsehood শব্দ দুটি noun।*

NSI-এর কমপিউটার টেকনিশিয়ান, ড্রাফটিং টেকনিশিয়ান, ওয়্যারলেস অপারেটর, হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার ২০২১; বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ২০২০
উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

18. The verb form of 'money' is—
(ক) Monetise (খ) Monetary (গ) Demonetisation (ঘ) Fiscal
Hints : *Money (মুদ্রা, টাকা)-এর verb form হবে monetise (মুদ্রারূপে চালু করা)।*

জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী ২০২১
উত্তর : ক

19. Noun of the word 'poor' is—
(ক) poorify (খ) poority (গ) poorness (ঘ) poverty
Hints : *'Poor' হচ্ছে adjective, যার noun form হচ্ছে poverty (দারিদ্র্য/দরিদ্রতা)।*

কারিগরি শিক্ষা অধিদপ্তরে হিসাব সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০২১; প্রাথমিক অধিদপ্তরে ডিএফএ/এফএ (এইচ)/কম্পিউটার/সেন্ট্রি টেকনিশিয়ান ২০১৯
উত্তর : খ

20. What is the noun form of 'propose'?
(ক) Proposition (খ) Proposal
(গ) Proposed (ঘ) Proposing
Hints : *Proposition —ব্যবসা সংক্রান্ত কার্য পরিকল্পনা, proposal —প্রস্তাব, proposed —প্রস্তাবকৃত বা প্রস্তাবিত, যা adjective, proposing—propose verb-এর participle form।*

Hints : *Concrete proof অর্থ বাস্তব বা সুনির্দিষ্ট প্রমাণ যা clear evidence দ্বারা প্রকাশ পায়। Clear evidence বাক্যে বসিয়ে বাক্যটির বাংলা : যদি আমরা concrete proof চাই তাহলে আমরা clear evidence খুঁজছি।*

Govt. & Private Bank Questions

01. The rebel spies were charged with — and put on trial.

Bangladesh Bank Assistant Director 2021
উত্তর : ক

ক sedition খ attrition গ interaction ঘ reiteration

Hints : *The rebel spies মানে হলো এমন ব্যক্তিবর্গ যারা রাষ্ট্রের প্রথাগত নিয়মের বিরুদ্ধে জনগণকে উসকে দেয়। এমন ধরনের কাজকে sedition বলে। প্রদত্ত বাক্যটির অর্থ হলো 'বিদ্রোহী গুপ্তচরেরা জনগণকে সরকারের বিরুদ্ধে উসকে দেয়ার দায়ে অভিযুক্ত এবং বিচারের মুখোমুখি'। তাই অপশন (ক) সঠিক। তাছাড়া attrition, interaction, reiteration-এর অর্থ যথাক্রমে ক্ষয়, মিথস্ক্রিয়া এবং পুনরাবৃত্তি।*

02. The expression, 'Time after twilight and before night', can be substituted by the word.

Probashi Kallyan Bank Officer (Cash) 2021
উত্তর : গ

ক evening খ dawn গ dusk ঘ eclipse

Hints : *Evening– সন্ধ্যা, প্রদোষ; dawn– ভোর, প্রাতঃকাল; dusk– আবছা অন্ধকার; eclipse– অন্ধকার, গ্রাস, নিষ্প্রভতা।*

03. In English grammar, — deals with formation of sentences.

Probashi Kallyan Bank Officer (Cash) 2021
উত্তর : খ

ক morphology খ syntax গ etymology ঘ semantics

Hints : *Morphology– ভাষাতত্ত্বের যে শাখায় শব্দের গঠন নিয়ে আলোচনা করা হয়। Syntax– বাক্য গঠনে শব্দ ও শব্দগুচ্ছসমূহের যথাযথ ব্যবহার নিয়ে পাঠ ও আলোচনা করে। Etymology শব্দের উৎস ও ইতিহাস এবং তাদের অর্থ নিয়ে আলোচনা করে।*

Scanned with CamScanner CamScanner

04. **Give me to drink, — I shall die of thirst.** Probashi Kallyan Bank Officer (Cash) 2021
ⓚ lest ⓛ else ⓜ unless ⓝ if
উত্তর : খ
Hints : *'lest'-এর পরের বাক্যে should/might বসে বা থাকতে হয়। বাক্যের অর্থের দিকে তাকালে বুঝা যায়– শূন্যস্থানে 'অন্যথায়/না হলে' এর সমার্থক ইংরেজি শব্দ বসবে। Unless' এবং 'if' বাক্যের অর্থের সাথে সঙ্গতিপূর্ণ নয়।*

05. **I don't like horror films, and you? — I can't sleep after seeing such films. I like fantastic films. — I've got some at home.** Probashi Kallyan Bank Officer (Cash) 2021
উত্তর : গ
ⓚ Yes, do/It don't like them ⓛ No, don't/Like it
ⓜ Neither do I/So do I ⓝ So do I/Neither do I
Hints : *Negative statement-এর পরে আবারও negative ভাব প্রকাশ করলে Neither + positive auxiliary or be + subject/subject + negative auxiliary or be + either বসে।*

06. **In a child, curiosity normally sugests intelligence and is welcomed : but an — adult is best avoided.** Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : ক
ⓚ inquisitive ⓛ indulgent ⓜ indecisive ⓝ impartial
Hints : *But conjunction দ্বারা যুক্ত করার ফলে inquisitive—অনুসন্ধিৎসু বা সন্ধানী বসালে বাক্যটি অর্থপূর্ণ হবে।*

07. **He devised an — scheme whereby the rate of unemployment in the country could be brought down sharply.** Probashi Kallyan Bank Senior Officer (General) 2021
উত্তর : গ
ⓚ irrelevant ⓛ unstable ⓜ ingenious ⓝ unfamed
Hints : *প্রদত্ত অপশনগুলোর অর্থ irrelevant—অপ্রাসঙ্গিক, unstable—অস্থিতিশীল, ingenious— প্রতিভাশালী, unfamed—অখ্যাত। বাক্যটি অর্থপূর্ণ করার জন্য ingenious হবে সঠিক এর ফলে বাক্যটির অর্থ— তিনি একটি বিচক্ষণ পরিকল্পনা উদ্ভাবন করেছেন যার মাধ্যমে প্রবলভাবে দেশের বেকারত্বের হার কমিয়ে আনা যাবে।*

08. **Would you like — to eat?** BSC 5 Govt. Banks Officer (Cash) 2021
উত্তর : ক
ⓚ something ⓛ anything ⓜ nothing ⓝ everything
Hints : *কাউকে নির্দিষ্ট না করে কোনো কিছু offer করা বুঝালে something বসে।*

09. **Some people— themselves into believing that they are the only honest and dedicated in the company.** Bangladesh Gas Field Ltd. Asst. Manager (General) 2021
উত্তর : গ
ⓚ keep ⓛ fool ⓜ delude ⓝ force
ⓞ none of these
Hints : *শূন্যস্থানের পরে reflexive pronoun-এর পরে 'into' preposition থাকায় অপশনসমূহের মধ্য থেকে শব্দ বাছাইয়ে সতর্ক হতে হবে। keep-এর পরে into সংযোগে অর্থবোধক কিছু আসে না। Fool-এর পরে somebody into doing something দ্বারা অন্যকে এমন কোনো কিছুতে বিশ্বাস করানো বোঝায়, যা সে ব্যক্তি বা বস্তুটি নয়। (Delude somebody (+self)/yourself into doing something অর্থ নিজেকে বা অন্যকে অসত্য কোনো কিছুতে বিশ্বাস করানো অথবা এক ধরনের অলীক কল্পনায় নিজেকে ডুবিয়ে রাখা কিংবা নিজেকে অন্যের চেয়ে অধিক গুরুত্বপূর্ণ ভাবা, যা বাস্তবে সত্য নয়। Force-এর পরে into বসে শুধু passive-এর ক্ষেত্রে; Be forced into doing something যার অর্থ কাউকে কোনো কিছু করতে বাধ্য করা। সুতরাং অর্থগত দিক বিবেচনায় অপশন (গ) সঠিক। শূন্যস্থানে delude বসালে বাক্যের অর্থ দাঁড়ায় কিছু লোকজন নিজেদেরকে অলীক বিশ্বাসে ডুবিয়ে রাখে যে তারাই কোম্পানিতে একমাত্র সৎ ও নিবেদিত কর্মী।*

Scanned with CamScanner

10. **The truck met with an accident and was— the traffic in Dhanmondi, so he had a hard time driving through the area.**
Bangladesh Gas Field Ltd. Asst. Manager (General) 2021
ⓚ eliminating ⓚ obstructing ⓖ obviating ⓖ hiding
ⓚ None of these
উত্তর : খ
Hints : *Eliminate (something) অর্থ কোনো কিছু দূর করা বা সরানো অথবা কোনো কিছু থেকে মুক্ত হওয়া। Obstruct (something) অর্থ কোনো রাস্তা, প্রবেশপথ আটকে ফেলা যার ফলে কোনো কিছু ঢুকতে বা বেরোতে না পারে। Obviate অর্থ কোনো সমস্যা বা ঝামেলা দূর করা। Hide অর্থ কোনো কিছু লুকানো। শূন্যস্থানে obstructing বসালে বাক্যটির অর্থ দাঁড়ায়— ট্রাকটি দুর্ঘটনায় পড়েছিল এবং ধানমন্ডিতে যানবাহন আটকে পড়েছিল, তাই সে ঐ এলাকায় গাড়ি চালাতে হিমশিম খেয়েছিল।*

11. **Plastic bags are— symbols of consumer society; they are found wherever you travel.**
Bangladesh Gas Field Ltd. Asst. Manager (General) 2021
ⓚ rare ⓚ ephemeral ⓖ ubiquitous ⓖ fleeting
ⓚ None of these
উত্তর : গ
Hints : *Rare অর্থ বিরল। Ephemeral অর্থ ক্ষণস্থায়ী। Ubiquitous অর্থ সর্বব্যাপী, যত্রতত্র, বহুল প্রাপ্ত। Fleeting অর্থ ক্ষণস্থায়ী। শূন্যস্থানে ubiquitous বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। বাক্যটির অর্থ দাঁড়ায়— প্লাস্টিকের ব্যাগ হলো ভোক্তা সমাজের বহুল ব্যবহার্য প্রতীক; তুমি যেখানেই যাও এদের পাওয়া যায়।*

12. **After sitting in the sink for several days, the dirty food encrusted dishes became —.**
Uttara Bank Ltd. Probationary Officer 2021
ⓚ malodorous ⓚ prevalent
ⓖ imposing ⓖ perforated
উত্তর : ক
Hints : *প্রদত্ত বাক্যটির অর্থ হলো 'নোংরা খাবার লেগে থাকা' পাত্রটি বেশ কিছুদিন ডোবার মধ্যে ডুবে থাকার কারণে— হয়ে গেছে।' অপশন (ক) তে থাকা malodorous (দুর্গন্ধযুক্ত) বসালে বাক্যটি পূর্ণতা পায়। তাছাড়া prevalent (প্রভাবশালী, বিজয়ী), imposing (মনোরম), perforated (সচ্ছিদ্র) শব্দগুলোর প্রাসঙ্গিক নয়।*

13. **Giulia soon discovered the source of the — smell in the room; a week old tuna sandwich, that one of the children had hidden in the closet.**
Uttara Bank Ltd. Probationary Officer 2021
ⓚ quaint ⓚ fastidious
ⓖ clandestine ⓖ fetid
উত্তর : ঘ
Hints : *প্রশ্নে প্রদত্ত বাক্যটির অর্থ হলো এক সপ্তাহ আগে একজন শিশুর ঘরের এককোণে লুকানো একটি টুনা-স্যান্ডউইচ এর টুকরো থেকে আসা — গন্ধ Giulia (একটি মেয়ে) খুব দ্রুতই আবিষ্কার করল।' অপশন (ঘ)তে fetid (ভ্যাপসা – দুর্গন্ধময়) শব্দটি বসালে বাক্যটি অর্থপূর্ণ হবে। অন্যদিকে, quaint অর্থ উদ্ভট, খেয়ালি, fastidious অর্থ খুঁতখুঁতে, এবং clandestine অর্থ চোরাগোপ্তা, গোপন।*

14. **After making — remarks to the President, the reporter was not invited to return to the. White House pressroom.**
Uttara Bank Ltd. Probationary Officer 2021
ⓚ hospitable ⓚ itinerant
ⓖ enterprising ⓖ irreverent
উত্তর : ঘ
Hints : *বাক্যটিতে বলা হচ্ছে যে, প্রেসিডেন্টের প্রতি— মন্তব্যের কারণে, রিপোর্টারকে হোয়াইট হাউজ সংবাদ সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়নি। অর্থাৎ irreverent (অসম্মানজনক, অশ্রদ্ধ) বসালে পূর্ণতা পায়। অন্যদিকে hospitable অর্থ অতিথিপরায়ণ, itinerant অর্থ ভ্রমণকারী এবং enterprising অর্থ উদ্যমী, তৎপরতা ইত্যাদি।*

Scanned with CamScanner CamScanner

15. **With her— eyesight, Krystyna spotted a trio of deer on the hillside and she reduced the speed of her car.**
Uttara Bank Ltd. Probationary Officer 2021
ক inferior খ keen গ impressionable ঘ ductile
উত্তর : খ
Hints : *Keen eyesight (তীক্ষ্ণদৃষ্টি) যোগে প্রদত্ত বাক্যটির অর্থ হবে 'ক্রিস্টিনা পাহাড়ের পাদদেশে তার তীক্ষ্ণদৃষ্টি দ্বারা তিনটি হরিণ দেখল এবং তার গাড়ির গতি কমিয়ে দিল।' অপশন (খ) সঠিক। তাছাড়া, inferior অর্থ অধস্তন, impressionable অর্থ অনুভূতিপ্রবণ এবং ductile অর্থ নমনীয়।*

16. **Johan argued, "If you know about a crime but don't report it, you are— in that crime because you allowed it to happen."**
Uttara Bank Ltd. Probationary Officer 2021
ক acquitted খ steadfast গ tenuous ঘ complicit
উত্তর : ঘ
Hints : *Complicit (অবৈধ কাজের সহযোগী) যোগে প্রদত্ত বাক্যটির অর্থ হবে 'জোহান যুক্তি দেখাল যে, তুমি যদি একটি অপরাধ সম্পর্কে জানো এবং তা সম্পর্কে রিপোর্ট না করো তাহলে তুমিও সেই অপরাধের দোসর। কারণ তুমি অপরাধটি ঘটতে অনুমতি দিয়েছো।' তাছাড়া, acquited অর্থ খালাসী, মুক্ত, steadfast অর্থ অবিচল, অটল এবং tenuous অর্থ পাতলা, কৃশ, ভঙ্গুর ইত্যাদি।*

17. **Louis XIV was the — of — elegance because he wore a different outfit for practically every hour of the day.**
Dhaka Bank Ltd. Trainee Officer (TO) 2021
ক epitome, sartorial খ paragon, tawdry
গ acme, gourmet ঘ architect, gastronomic
উত্তর : ক
Hints : *বাক্যের শূন্যস্থানে epitome (গুণাবলির প্রতীক) এবং sartorial (পোশাক সম্বন্ধীয়) বসবে। অন্যদিকে paragon অর্থ পরমোৎকর্ষের মূর্তপ্রতীক, tawdry অর্থ চটকদার, acme অর্থ চূড়া, gourmet অর্থ পান ও ভোজনরসিক ব্যক্তি, architect অর্থ স্থপতি, gastronomic অর্থ সুভোজনবিদ্যা সংক্রান্ত।*

18. **Joan was abrasive and curt with her clients : as a result, her supervisor put a letter in her file citing her —— and ——.**
Dhaka Bank Ltd. Trainee Officer (TO) 2021
ক enthusiasm, impertinence খ lethargy, stamina
গ diligence, acumen ঘ rudeness, abrasiveness
উত্তর : ঘ
Hints : *প্রদত্ত শূন্যস্থানে rudeness (রূঢ়তা) এবং abrasiveness (রুক্ষতা) বসবে। অন্যদিকে enthusiasm অর্থ উৎসাহ, impertinence অর্থ অপ্রাসঙ্গিকতা, lethargy অর্থ উদাসীনতা, অলসতা, stamina অর্থ শক্তি, diligence অর্থ পরিশ্রম, acumen অর্থ তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন।*

19. **The ship was in a(n) — position, having lost its rudder; therefore, it was subject to the — of the prevailing winds.**
Dhaka Bank Ltd. Trainee Officer (TO) 2021
ক inexcusable, direction খ unintended, riptides
গ dangerous, breezes ঘ untenable, vagaries
উত্তর : ঘ
Hints : *প্রদত্ত শূন্যস্থানে untenable (রক্ষার অযোগ্য) এবং vagaries (খেয়াল) বসবে। অন্যদিকে inexcusable অর্থ অমার্জনীয়, direction অর্থ দিক, unintended অর্থ অনিচ্ছাকৃত, riptides অর্থ প্রবল স্রোত, dangerous অর্থ বিপজ্জনক, breezes অর্থ বাতাস।*

20. **A good trial lawyer will argue only what is central to an issue, eliminating — information or anything else that might — the client.**
Dhaka Bank Ltd. Trainee Asst. Officer (TAO) 2021
ক seminal, amuse খ erratic, enhance
গ extraneous, jeopardize ঘ prodigious, extol
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

Hints : *স্বাভাবিকভাবেই একজন ভাল আইনজীবী তার মক্কেলের পক্ষে কথা বলবেন এবং extraneous (অসংশ্লিষ্ট) তথ্য যা মক্কেলকে jeopardize (বিপদে ফেলা) করতে পারে, তা বাদ দিবেন। অন্যদিকে seminal অর্থ পরবর্তী বিকাশের ভিত্তিস্বরূপ, amuse অর্থ বিনোদিত করা, erratic অর্থ কথাবার্তায় অসাবধানী, enhance অর্থ বাড়ানো, prodigious অর্থ বিপুল এবং extol অর্থ প্রশংসা করা।*

21. We waited patiently for the storm to slacken, but it — refused to —.

Dhaka Bank Ltd. Trainee Asst. Officer (TAO) 2021

ⓚ persistently, strengthen ⓚ stoutly, abate
ⓖ consistently, perambulate ⓖ wanly, sublimate

উত্তর : খ

Hints : *বাক্যটিতে but থাকায় দুটি clause এর অর্থ বিপরীতার্থক হবে। তাই সঠিক উত্তর (খ) stoutly (দৃঢ়ভাবে), abate (প্রশমিত হওয়া), অন্যদিকে persistently অর্থ অনঢ়ভাবে, strengthen অর্থ শক্তিশালী করা, consistently অর্থ সঙ্গতিপূর্ণভাবে, perambulate অর্থ ইতস্তত চলাফেরা করা, wanly অর্থ দুর্বলভাবে, sublimate অর্থ উর্ধ্বগামী করা।*

22. Giving preference to his brother's son for that office smacks of — to me!

Dhaka Bank Ltd. Trainee Asst. Officer (TAO) 2021

ⓚ nepotism ⓚ chauvinism ⓖ sycophancy ⓖ pleonasm

উত্তর : ক

Hints : *যেহেতু প্রদত্ত বাক্যে ভাতিজাকে অফিসে অগ্রাধিকার দেয়া হচ্ছে সেহেতু তা একটি nepotism (স্বজনপ্রীতি)। অন্যদিকে chauvinism অর্থ উগ্র স্বদেশপ্রেম, sycophancy অর্থ চাটুকারিতা, pleonasm অর্থ অধিক শব্দের ব্যবহার।*

23. Arts still does not make news,— the story has political—.

Social Islami Bank Ltd. Probationary Officer 2021

ⓚ unless, ramifications ⓚ until, bickering
ⓖ without, angle ⓖ given, ending

উত্তর : ক

Hints : *অপশনের ramification অর্থ কোনো নেটওয়ার্কের শাখা-বিভাগ, bickering অর্থ ঝগড়া সংক্রান্ত। Bickering একটি adjective। তাই অর্থানুসারে সঠিক উত্তর (ক)।*

24. The citizenry had become so — by the presidents — that the latest financial scandal did not even make the front page of the newspapers.

Social Islami Bank Ltd. Probationary Officer 2021

ⓚ fascinated, impropriety ⓚ disgusted, peccadilloes
ⓖ jaded, indiscretions ⓖ regretful, personification

উত্তর : গ

Hints : *Jaded (অর্থ বিরক্ত) এবং indiscretion (অর্থ অসাবধান কার্যকলাপ) বসিয়ে বাক্যটি অর্থপূর্ণ হয়। অন্যদিকে fascinated অর্থ মুগ্ধ, impropriety– অনৌচিত্য, disgusted– বিরক্ত, peccadillo– সামান্য দোষ, regretful– অনুতপ্ত, personification– ব্যক্তিরূপে প্রকাশ।*

25. His imperturbability in the face of evidence indicating his deliberate fraud failed to reassure supporters of his essential —, instead, it suggested a talent for — that they had never suspected.

Social Islami Bank Ltd. Probationary Officer 2021

ⓚ culpability, intrigue ⓚ probity, guile
ⓖ remorse, loquacity ⓖ wisdom, reproof

উত্তর : খ

Hints : *বাক্যে instead থাকায় শূন্যস্থান দুটিতে বিপরীতার্থক শব্দ বসবে। Probity (সততা) ও guile (প্রতারণা) তাই সঠিক উত্তর।*

26. Business forecasts usually prove reasonably accurate when the assumption that the future will be much like the past is — in times of major — in the business environment, however, forecasts can be dangerously wrong.

Social Islami Bank Ltd. Probationary Officer 2021

ⓚ spaecified, discontinuities ⓚ questioned, surges
ⓖ contradicted, improvements ⓖ satisfied, shifts

উত্তর : ঘ

Scanned with CamScanner CamScanner

Hints : অনুমান ঠিকঠাক মতো হলে অর্থাৎ পরিতুষ্ট (satisfied) হলে ব্যবসায়িক ভবিষ্যদ্বাণী সঠিক হয়। আর ব্যবসায়িক পরিবেশের পরিবর্তন (shifts) হলে ভবিষ্যদ্বাণী ভুল হয়। তাই সঠিক উত্তর (ঘ)।

27. Country X will never stabilize its economy if it does not — its disastrous inflationary spending practices. First Security Islami Bank Ltd. Probationary Officer 2021

ক exacerbate খ curtail গ strengthen ঘ maximize

উত্তর : খ

Hints : অপশনে প্রদত্ত exacerbate (উত্তেজিত করা), strengthen (শক্তিশালী করা) এবং maximize (সর্বোচ্চ পরিমাণে বাড়ানো) প্রায় synonymous শব্দ; যা প্রদত্ত শূন্যস্থানে বসালে বাক্যটি অর্থপূর্ণ হবে না। কেননা মুদ্রাস্ফীতি কমাতে (curtail) পারলেই অর্থনীতি স্থিতিশীল হবে।

28. A slight — of the soil's settling rate caused the building's foundation to —, which led to the building being deemed unusable. First Security Islami Bank Ltd. Probationary Officer 2021

ক estimation, settle খ deviation, bulge

গ miscalculation, shift ঘ permutation, stabilize

উত্তর : গ

Hints : যেহেতু বাক্যটির শেষে negative শব্দ unusable আছে তাই শুরুতেও ত্রুটি বোঝায় এমন শব্দ বসবে। শুধু (খ)-তে এমন শব্দ deviation (চ্যুতি) আছে কিন্তু সাথে bulge (ফোলানো) থাকায় তা হবে না এবং (গ)-তে miscalculation (ভুল হিসাব) ও shift (স্থানান্তরিত করা) আছে, যা শূন্যস্থানে বসালে বাক্য অর্থপূর্ণ হয়।

29. The more she learnt — the American civil war, the more fascinated with it she became. First Security Islami Bank Ltd. Probationary Officer 2021

ক of খ in গ at ঘ with

উত্তর : ক

Hints : Learn (জ্ঞাত হওয়া বা জানা)-এর পর of/about বসে।

30. Wordsworth introduced the readers— a new kind of poetry. First Security Islami Bank Ltd. Probationary Officer 2021

ক for খ about গ in ঘ to

উত্তর : ঘ

Hints : Introduce (পরিচয় করিয়ে দেওয়া)-এর পর to বসে (গঠন : introduce A to B)।

31. In the test, we will — your work and then give you detailed feedback. Global Islami Bank Ltd. Probationary Officer 2021

ক assess খ judge গ measure ঘ check

উত্তর : ক

Hints : এখানে assess অর্থ মূল্য যাচাই করা, measure অর্থ পরিমাপ করা, check অর্থ পরীক্ষা করে দেখা। এ শব্দগুলোর কোনোটিই প্রশ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। কেননা কাজ পরিমাপ নয় বরং বিচার বা বিবেচনা করতে হয়। সুতরাং option (ক) assess সঠিক উত্তর।

32. If he is not interested, we will — the proposal. Global Islami Bank Ltd. Probationary Officer 2021

ক vacant খ abandon গ impulse ঘ remove

উত্তর : খ

Hints : এখানে, vacant– খালি, abandon– ত্যাগ করা, ছেড়ে দেয়া, impulse– উদ্বুদ্ধ বা প্রবৃত্ত করা, remove– সরিয়ে নেয়া। উপরের চারটি option-এর মধ্যে option (খ) অর্থাৎ proposal বাতিল করে দিতে abandon ব্যবহৃত হবে। অতএব, সঠিক উত্তর option (খ)।

33. It was a bungled effort to restore order. 'Bungled' here means? Global Islami Bank Ltd. Probationary Officer 2021

ক United খ Unsuccessful

গ Unprecedented ঘ Fatal

উত্তর : খ

Hints : এখানে প্রদত্ত optionগুলোর অর্থ : united– একত্রিত, unsuccessful– অকার্যকর, unprecedented– অভূতপূর্ব, fatal– মারাত্মক। কিন্তু sentenceটিতে bungled অর্থ হচ্ছে অকার্যকর। সুতরাং option (খ) সঠিক উত্তর।

Scanned with CamScanner CamScanner

34. Unlike some serious walkers, she said she — isotonic sports drinks and nergy bars to rcfuel her body during walks. — instand to drink water and murch ruls.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : খ

ক brushes off, ignoring খ shuns, preferring
গ surrenders to accommodating ঘ swallows, adopting

Hints : *Brush off অর্থ পলিশ বা মুছে কোনো কিছু দূর করা; ignore অর্থ অবহেলা করা; shun অর্থ পরিত্যাগ করা; perfer অর্থ প্রাধান্য দেওয়া; surrender to— আত্মসমার্পন করা; accommodate অথ থাকার ব্যবস্থা করা; swallow গিলে ফেলা; adopt অর্থ দত্তক নেওয়া বা অবলম্বন করা। প্রদত্ত বাক্যটিতে some serious walkers-এর কথা বলা আছে এবং আরেকজরে তথ্য বলা হয়েছে যে ঐ সকল serious walkers- দের মতো নয়। কাজেই serious walkers-রা যা করে সে তা করে না। সুতরাং অর্তগত দিক থেকে অপশন (খ) shuns preferring সঠিক উত্তর।*

35. We can coax physical nature into — many of our wishes but we cannot authority over it or make it change its ways one jot.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : ক

ক satisfying, exercise খ stifulating, axerclse
গ granting, empoer ঘ satiating, dispaly
ঙ none of these

Hints : *Satisfy অর্থ সন্তুষ্ট বা পরিতৃপ্ত করা; exercise অর্থ অনুশীলন করা বা প্রয়োগ করা; stimlate অর্থ উদ্দীপিত করা; grant অর্থ মঞ্জুর করা; empower অর্থ ক্ষমতা প্রদান করা বা ক্ষমতায়ন করা; satiate—পরিতৃপ্ত করা; display অর্থ প্রদর্শন করা। আমাদের ইচ্ছা-আকাঙ্ক্ষাসমূহ পূরণ করা বুঝাতে satisfy our wish বসে এবং কর্তৃত্ব খাটানো বুঝাতে exercise authority over বসে।*

36. The quality of — between individuals and the organization for which they work can be — to the benefit of both pates.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : ঘ

ক service, evaluated খ sophistication, developed
গ life, conceptualized ঘ interaction, evolved
ঙ haughty, trversed

Hints : *Service অর্থ সেবা; evaluated অর্থ মূল্যায়নকৃত; sophistication অর্থ জটিলতা/সূক্ষ্মতা; developed অর্থ উন্নত/বিকশিত; lie অর্থ জীবন; conceptualized অর্থ কল্পনাপ্রসূত; interaction অর্থ মিথস্ক্রিয়া; improved অর্থ উন্নত। প্রদত্ত বাক্যে between individual-এর পূর্বে শূন্যস্থানে interaction হবে কারণ ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে ineraction বা মিথস্ক্রিয়া ঘটলে উভয়েই লাভবান হবে।*

37. Although Joa was once a — and reserved young man, he has now — into quite an extrovert.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : খ

ক cheerful, transforme খ diffident, metamorphosed
গ unassuming, vanquished ঘ gregarious, evolved

Hints : *Cheerful অর্থ প্রফুল্ল; transformed অর্থ রূপান্তরিত; diffident অর্থ সহশয়ী বা আত্মপ্রত্যয়হীন; metamorphosed অর্থ সম্পূর্ণরূপে রপান্তরিত; unassuming অর্থ নিরহংকার; vanquished অর্থ পরাস্ত বা পরাজিত; gregarious অর্থ সঙ্গলিপ্সু; evolved অর্থ বিকশিত; haughty অর্থ উদ্ধত; traversed অর্থ মাঝ দিয়ে অতিক্রান্ত। প্রদত্ত বাক্যটিতে Joe সম্পর্কে বলা হচ্ছে যে, সে একসময় আত্মপ্রত্যয়হীন ও চাপা স্বভাবের ছিল কিন্তু বর্তমানে সম্পূর্ণরূপে রূপান্তরিত হয়ে সে প্রাণবন্ত ও হাসিখুশি ব্যক্তিতে পরিণত হয়েছে।*

Scanned with CamScanner CamScanner

38. **Identify the sentence(s) in which the underlined word is used INCORRECTLY.** United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : গ

i. The redolant inmates my be denied privileges.
ii. The radolent aroma of the pie tempted everyone.
iii. The redolent lecture of the professor repeated the lesson in the text.

(ক) I only (খ) in ony (গ) I and III (ঘ) I and II
(ঙ) No error

Hints : *Redolent অর্থ সুরভিত বা সুগন্ধময়। (i)-এ inmates-এর পূর্বে ও (iii)-এ lecture-এর পূর্বে redolent-এর ব্যবহার অসঙ্গতিপূর্ণ। (ii)-এ aroma-এর পূর্বে redolent এর ব্যবহার অর্থপূর্ণ।*

39. **Identify the sentence(s) in which the underlined word is used INCORRECTLY.** United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : গ

i. The teacher's public reprimand abased the girl.
ii. The insscure supervisor, after failling to achieve his own life-long goels, abased his employees whenever they failed.
iii. His vacation to Japan was abased when he acquired an ilness treatable only in the Urited States.

(ক) i. only (খ) ii. only (গ) iii only (ঘ) ii and iii
(ঙ) No error

Hints : *Abuse অর্থ অপদস্থ করা ও abased অর্থ অপদস্থ। (i)-এ teacher-এর তিরস্কারে বালিকাটির অপমানিত হওয়া ও (ii)-এ supervisor কর্তৃক তার employee-দের অপদস্ত করার ব্যাপার সঙ্গতিপূর্ণ। (iii)-এ His vacation to Japan-এর পরে abased বসলেও বাক্যটি অর্থপূর্ণ হয়নি।*

40. **Identify the sentence(s) in which the underlined word is used INCORRECTLY.** United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : খ

i. she became alarmed when she was coqnizant of the man following her.
ii. If he couldn't make a cognizant speech, how could he run for officer?
iii. It was critical to establish whether the defendant was cognizant of his rights,

(ক) i only (খ) ii only (গ) i and ii (ঘ) i and iii
(ঙ) No error

Hints : *Cognizant (of) অর্থ অবগত বা জ্ঞাত। (i) ও (iii) তে cognizant-এর ব্যবহার অর্থপূর্ণ। (ii)-এ speech-এর পূর্বে cognizant-এর ব্যবহার অর্থপূর্ণ হয়নি।*

41. **Identify the sentence(s) in which the underlined word is used INCORRECTLY.** United Commerical Bank Ltd. Probationary Officer 2021
উত্তর : ক

i. A trained singer knows how to mordant her voice to the desired pitohes.
ii. He was very mordant over the death of his pet.
iii. Her mordant remark made me feel unquelified and useless.

(ক) i and ii (খ) i i and iii (গ) iii only (ঘ) i only
(ঙ) No error

Hints : *Mordant অর্থ তীক্ষ্ণ বা শানিত। (i)-এ how to-এর পরে বসেছে mordant, যেটি অর্থের সাথে ও ব্যাকরণের সাথে সঙ্গতিপূর্ণ নয়। how to-এর পরে verb বসবে কিন্তু mordant শব্দটি একটি adjective। (ii)-এ his pet-এর পূর্বে mordant বসেছে কিন্তু যৌক্তিক কোনো অর্থ প্রকাশ করে না।*

Scanned with CamScanner CamScanner

42. Identify the sentence(s) in which the underlined word is used INCORRECTLY.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021

i. The medication will help palliate the pain.
ii. The palliate lawyer attempted to blow down the offense to the jury.
ii. On a flight that had included a sudden 5.000-foot drop, the passengers palliated relief upon landing.

ⓚ i only ⓛ iii only ⓜ ii and iii ⓝ i and ii
ⓞ No error

উত্তর : ক

Hints : *Palliate অর্থ (রোগ, বেদনা) প্রশমন করা; কিংবা কোনো difficult situation-কে কোনো action বা decision দ্বারা better situation-এ রূপান্তরিত করা।*
i. -এ medication-এর মাধ্যমে pain থেকে মুক্তি দেওয়া ও (iii)-এ হঠাৎ 5000-feet drop-এর কারণে তৈরি হওয়া ভীতি landing-এর কারণে দূর হওয়াতে উভয় sentence-এ flight palliate-এর ব্যবহার বাক্যদ্বয়ের অর্থের সাথে সঙ্গতিপূর্ণ। (ii)-এ palliate-এর ব্যবহার বাক্যের অর্থের সাথে সঙ্গতিপূর্ণ নয়।

43. My hair stood off ends when I saw the horrible sight.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021

ⓚ stood at ends ⓛ stood on ends ⓜ stood at ends ⓝ stands on ends
ⓞ no correction required

উত্তর : খ

Hints : *Make somebody's hair stand on end phrase-টির অর্থ কাউকে ভয় বা আতংকগ্রস্ত করা; ভাবার্থ: ভয়ে গায়ের লোম খাড়া হয়ে ওঠা। সুতরাং underlined phrase-টির সঠিক phrase হবে (খ) stood on ends।*

44. Although the country is self-sufficient in defense equipment, it is want of peace and security.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021

ⓚ it wants to have peace and security ⓛ it possesses peace and security
ⓜ it is lacking in peace and security ⓝ it wans to be in peace and security
ⓞ no correction requied

উত্তর : ঙ

Hints : *প্রদত্ত sentence-টির ১ম clause although দিয়ে শুরু হওয়ায় ২য় clause-টি বিপরীত অর্থ প্রকাশক হবে। এটি দেশ প্রতিরক্ষা সরঞ্জামে স্বয়ংসম্পূর্ণ হলে, সেই দেশটির শান্তি ও নিরাপত্তার সুরক্ষিত থাকবার কথা; কিন্তু প্রদত্ত বাক্যটিতে although থাকায় বিপরীত ব্যাপার ঘটেছে। Underlined অংশটি grammatically সঠিক রয়েছে। সুতরাং কোনো পরিবর্তনের দরকার নেই।*

45. Millions of people in the western countries are affected by eating disorders, more than 90% of those afflicted are adolescents or young women.

United Commerical Bank Ltd. Probationary Officer 2021

ⓚ disorders, of which more than 90% ⓛ disorders. Ninety percent more
ⓜ disorders, more then 90% ⓝ disorders; more than 90%
ⓞ disorders, over 90%

উত্তর : খ

Hints : *Underlined phrase-টি সঠিক রয়েছে: কোনো পরিবর্তন হবে না। কোনো complicated sentence বা items-এর অংশবিশেষ আলাদা করতে সেমিকোলন (;) ব্যবহৃত হয়। সুতরাং অপশন (ঘ) সঠিক উত্তর।*

46. Although he never learns to read, his exceptional memory and enquiring mind eventually made him a very— man.

Sonali and Janata Bank Ltd. Officer (IT) 2020

ⓚ dedicated ⓛ erudite ⓜ pragmatic ⓝ benevolent

উত্তর : খ

Scanned with CamScanner

Hints : অপশনে dedicated অর্থ—নিবেদিত। erudite অর্থ— পান্ডিত্যপূর্ণ, pragmatic অর্থ—প্রয়োগবাদী, benevolent অর্থ—হিতৈষী। প্রদত্ত বাক্য erudite শব্দটি দ্বারা অর্থপূর্ণ হয়। কারণ লেখাপড়া না জেনে, অসাধারণ স্মৃতিশক্তি এবং অনুসন্ধিৎসু মানসিকতার জন্য জ্ঞানী হওয়া সম্ভব।

47. Man is still a — in the labour market.

Janata Bank Ltd. Officer (Cash) 2020

ক glut খ possibility গ commodity ঘ provision

উত্তর : গ

Hints : প্রদত্ত বাক্যে 'still' দ্বারা আগেও ছিল এখনও আছে এমন কিছুকে বোঝাচ্ছে। শ্রমবাজারে আগের মত এখনও মানুষকে পণ্য (commodity) হিসেবে দেখা হয়। অন্যদিকে অনেক দেশেই শ্রমবাজারে মানুষের এখনও স্বল্পতা আছে তাই glut (অধিক) হবে না। Possibility (সম্ভাবনা) এবং provision (সরবরাহ) এ বাক্যের সাথে সঙ্গতিপূর্ণ নয়। তাই সঠিক উত্তর (গ)।

48. The miscreants must be found and tried as this has gone beyond the usual— that can happen in school.

Janata Bank Ltd. Officer (Cash) 2020

ক Shenanigans খ Wreckage গ Vandalism ঘ Sabotage

উত্তর : ক

Hints : বাক্যে ব্যবহৃত key phrase হলো beyond the usual (স্বাভাবিকের উর্ধ্বে), যা দ্বারা বোঝায় এমন কোনো কাজ যা স্বাভাবিক মাত্রায় গ্রহণযোগ্য কিন্তু সীমা লঙ্ঘন বা মাত্রাতিরিক্ত হলে বিচারের আওতায় আনতে হয়। Option-এ প্রদত্ত shenanigans (দুষ্টুমি) ছাড়া বাকি wreckage (ধ্বংসস্তূপ), vandalism (ধ্বংসোন্মাদনা), sabotage (নাশকতা বা অন্তর্ঘাত) সর্ব অবস্থায় বিচারযোগ্য ও শাস্তিযোগ্য। তাই সঠিক উত্তর (ক)।

49. The show this weekend promises to attract— than the last one.

Janata Bank Ltd. Officer (Cash) 2020

ক an even greater amount of people

খ an ever larger amount of people

গ an even greater number of people

ঘ a number of people even larger

উত্তর : গ

Hints : Even একটি adverb। Comparative degree-এর বাক্যে even ব্যবহার করার structure-টি হলো : (a/an) even + adj/adv. (comparative degree)+ noun। Option (ক) তে সংখ্যা বোঝাতে 'amount' ব্যবহৃত হয়েছে যা হওয়া উচিত ছিল 'number'। কারণ এখানে countable noun 'people' ব্যবহৃত হয়েছে। পরিমাণ বোঝাতে 'amount' ব্যবহৃত হয় non countable noun-এর সাথে। তাই সঠিক উত্তর (গ)।

50. It comes as no surprise that societies have codes of behavior, the character of the codes, on the other hand, can often be .....

Rupali Bank Ltd. Senior Officer (Financial Analyst) 2020

ক predictable খ unexpected গ admirable ঘ explicit

উত্তর : খ

Hints : প্রদত্ত বাক্যটিতে Connector হিসেবে On the other hand থাকায় প্রথম অংশের সাথে দ্বিতীয় অংশের অর্থ বিপরীত হবে। প্রথম অংশে 'no surprise' থাকায় দ্বিতীয় অংশে আচরণের রীতি অপ্রত্যাশিত হতে পারে অর্থে unexpected সঠিক উত্তর।

51. The two countries have begun talks on a landmark investment agreement, a positive move — between the two sides.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

ক through lingering trade tension খ amid lingering trade tensions

গ sparking lingering trade tensions ঘ accentuating lingering trade tensions

ঙ None

উত্তর : খ

Hints : মধ্যে বা মাঝখানে বোঝাতে 'amid' preposition টি ব্যবহৃত হয়। বাক্যটিতে amid lingering trade tensions বসালে বাক্যটি সঠিক হবে।

Scanned with CamScanner CamScanner

52. — the *Ready Made Garment* industry back from the drastic fall shortly after the global economic downturn were innovative product design and very low cost of production.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

উত্তর : ঘ

ⓚ What was brought ⓛ Bringing
ⓜ The thing that brought ⓝ What brought
ⓞ None

Hints : প্রদত্ত বাক্যের verb were plural হওয়ায় singular sub বসানো যাবে না আর what + verb + extension নিয়মটি follow করতে হবে। সুতরাং বাক্যের জন্য সঠিক উত্তর হলো অপশন (ঘ) what brought।

53. — is a belief that all beliefs can be proven false, thus, to avoid the frustration of being wrong, it is best to believe nothing.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

উত্তর : গ

ⓚ Satisfaction ⓛ Confidence ⓜ Skepticism ⓝ Penetration
ⓞ None

Hints : বাক্যের অর্থ অনুসারে শূন্যস্থানে skepticism (সন্দেহবাদ; সংশয়বাদ) বসালে বাক্যটি সঠিক হবে। অন্যদিকে satisfaction অর্থ সন্তুষ্টি, confidence অর্থ আস্থা আর penetration অর্থ প্রবেশ।

54. It is commonly thought that a tree standing alone is more frequently struck, though in some forest areas, lightning — can be seen on almost every tree.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

উত্তর : ঘ

ⓚ Deliberately ⓛ Astonishingly
ⓜ Predictably ⓝ Scars
ⓞ None

Hints : *Lightning scars* অর্থ বজ্রের কারণে সৃষ্ট ক্ষতচিহ্ন। সুতরাং বাক্যটিকে সঠিক অর্থ প্রদানের জন্য scars বসাতে হবে।

55. Great earthquakes usually begin with slight tremors but rapidly take the form of one or more violent shocks, and end in vibrations of gradually — force called aftershocks.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

উত্তর : খ

ⓚ Desperately ⓛ Diminishing
ⓜ Abundantly ⓝ Considerately
ⓞ None

Hints : বড় বড় ভূমিকম্পের দিকে তাকালে দেখা যায় প্রথমে কম্পন কম থাকে, তারপর দ্রুত কম্পনটা বাড়তে থাকে এবং 'ছোট কম্পন' নামে ধীরে ধীরে শক্তি কম হওয়া কম্পনের মাধ্যমে এটার সমাপ্তি ঘটে। সুতরাং বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য বাক্যে diminishing (হ্রাস পাচ্ছে এমন) বসবে।

56. The vast majority of Namibia's inhabitants live in the Rodent valley and delta, and the rest of the country is — populated.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020

উত্তর : ক

ⓚ Sparsely ⓛ Remarkably
ⓜ Exclusively ⓝ Considerately
ⓞ None

Hints : *And* পূর্ববর্তী clause-এ 'vast majority' থাকায় and পরবর্তী 'the rest' clause টিতে বিপরীত ধারণাযুক্ত word প্রয়োজন। তাই sparsely (পাতলাভাবে ছড়ানো; বিরলভাবে) শব্দটি বসালে বাক্যটি সঠিক হবে। অন্যদিকে, remarkably অর্থ–উল্লেখযোগ্যভাবে, exclusively অর্থ-একচেটিয়াভাবে, considerably অর্থ সুবিবেচিত ভাবে।

Scanned with CamScanner CamScanner

57. **Although it — often buy, sell and operate subsidiaries outside of their home locations, it is important to try to understand how industries — particular localities.**

Exim Bank Ltd. Trainee Officer 2020
উত্তর : ঘ

ⓚ is also true that firms, function within ⓛ is true that firms, function at
ⓜ is true that firms, functions within ⓝ is true that firms, function within
ⓞ none of these

Hints : *Though/although থাকলে বাক্যের প্রথম অংশের সাথে দ্বিতীয় অংশ বৈপরীত্য প্রকাশ করে। এখানে অপশন (ক) সঠিক হতো যদি also না থাকত। Also এখানে পূর্বের কোনো প্রেক্ষাপট নির্দেশ করে। অপশন (খ)-তে preposition-এর ব্যবহার অর্থের সাথে খাপ খায় না। অপশন (গ) হবে না, কারণ subject plural হওয়াতে verb টি function হবে। অপশন (ঘ) dependent clause-এ outside দ্বারা কোনোকিছুর বাইরে বুঝায়, তাই independent clause-এ ভিতরে প্রকাশ করতে within হবে। তাই এটি সঠিক।*

58. **Although the leader's life was both — and painful, it was not without —, for he had accomplished many of his goals.**

Exim Bank Ltd. Trainee Officer 2020
উত্তর : ঘ

ⓚ magnificent, success ⓛ thrilling, ambition
ⓜ happy, frustration ⓝ arduous, satisfaction
ⓞ good, damage

Hints : *Though/although থাকলে বৈপরীত্য প্রকাশ করে। প্রশ্নোক্ত sentence টির অর্থ– 'যদিও একজন নেতার জীবন শ্রমসাধ্য এবং কষ্টের, তবুও তার অনেকগুলো লক্ষ পূরণ হওয়ায় তা তৃপ্তিহীন নয়।' অপশন (ঘ)-এর শব্দগুলো যথার্থ অর্থ প্রদান করে।*

59. **Since the lady's face was free of — there was no way to — if she appreciated what had happened.**

Exim Bank Ltd. Trainee Officer 2020
উত্তর : গ

ⓚ scars, understand ⓛ emotion, diagnose
ⓜ expression, ascertain ⓝ make-up, realize
ⓞ None of these

Hints : *যেহেতু মহিলাটির চেহারায় কোনো অভিব্যক্তি ছিল না, তাই যা ঘটেছিল সে ব্যাপারে তার মনোভাব অনুধাবন করার উপায় ছিল না। বাক্যটি এরূপ অর্থ প্রদান করে। তাই অপশন (গ) এর শব্দগুলো যথার্থ।*

60. **Sakib's — background has made him so docile.**

Exim Bank Ltd. Trainee Officer 2020
উত্তর : ক

ⓚ humble ⓛ rich ⓜ advanced ⓝ lucrative
ⓞ sound

Hints : *উত্তর হবে humble background। কেননা এটি একটি collocation অর্থাৎ দুই বা ততোধিক শব্দের natural combination যা ভাষাকে শ্রুতিমধুর করে। এখানে humble অর্থ হলো বিনয়ী, নম্র। সাকিবের humble background তাকে শান্ত বা অনুগত করেছে। আর বাকি অপশনগুলো Collocation নয়।*

61. **— my insistence to the contrary, Samrin — pursued her preferred line of action.**

Exim Bank Ltd. Trainee Officer 2020
উত্তর : ক

ⓚ Despite, doggedly ⓛ According to, obligingly
ⓜ Following, otherwise ⓝ In spite, nonetheless
ⓞ None of these

Hints : *'আমার জিদের সত্ত্বেও সামরিন জিদ করল'–বাক্যটি এভাবে হবে। তাই Despite (সত্ত্বেও) এবং doggedly (জিদের সাথে) শব্দ দুটি অর্থপূর্ণ হয়। এছাড়া অপশন (খ) ও (গ) অর্থপূর্ণ নয়। আর অপশন (ঘ)-তে Inspite-এর পরে of নেই।*

Scanned with CamScanner CamScanner

62. Four independent — testified to seeing him at the scene of the crime.
ⓚ Person ⓛ Witnesses ⓜ Spectator ⓝ Attestant
Hints : অপরাধ সংঘটিত হওয়ার সময়ে অন্য কেউ যদি তা দেখে ফেলে এবং সবকিছু জেনে ফেলে তবে তাকে সাক্ষী বা প্রত্যক্ষদর্শী বলা হয়। তাই অপরাধ প্রমাণ করার জন্য প্রত্যক্ষদর্শী বা সাক্ষীর প্রয়োজন হয়।
Premier Bank Ltd. trainee junior Officer (general) 2020
উত্তর : ঘ

63. I will write a letter to you tentatively — the dates of the program.
ⓚ Involving ⓛ Urging ⓜ Guiding ⓝ Indicating
Hints : এখানে সময় নির্দেশ বা ইঙ্গিত করতে indicating শব্দটি ব্যবহার করতে হবে।
Premier Bank Ltd. trainee junior Officer (general) 2020
উত্তর : ঘ

64. The family looked for a double bedroom— for three days.
ⓚ soot ⓛ suit
ⓜ suite ⓝ sweet
Hints : Double bedroom suite অর্থ দ্বিশয়নকক্ষ বিশিষ্ট কক্ষসমষ্টি। সুতরাং শূন্যস্থানে suite বসবে।
BSC (6 Govt. Banks) Senior Officer 2019
উত্তর : গ

65. We had to face a lot of— due to their— act.
ⓚ Problems, desirable ⓛ Consequences, Immeasurable
ⓜ Worries, kind ⓝ humiliation, disgraceful
Hints : Humiliation (অবমাননা) আর disgraceful (লজ্জাকর) শব্দদ্বয় বসালে বাক্যটি সঠিক হবে। শব্দদ্বয় বসিয়ে বাক্যটির বাংলা : তাদের লজ্জাকর কর্মকাণ্ডের জন্য আমাদের অনেক অবমাননার মুখোমুখি হতে হয়েছিল।
ICB Capital Management Ltd. Asst. Programmer 2019
উত্তর : ঘ

66. It's not easy to change people's— toward a certain problem.
ⓚ idea ⓛ opinion
ⓜ attitude ⓝ thinking
Hints : Attitude-এর অর্থ-মনোভঙ্গি, মনোভাব। বাক্যকে যথাযথ অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে attitude বসবে। বাক্যের বাংলা : কোনো নির্দিষ্ট সমস্যার ক্ষেত্রে মানুষের মনোভাব পরিবর্তন করা সহজ নয়।
Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019
উত্তর : গ

67. AIDS is not a disease that can be— through the air or by insects.
ⓚ circulated ⓛ transferred
ⓜ transmitted ⓝ disseminated
Hints : ভাইরাস বা রোগ সঞ্চালিত হওয়া অর্থে transmit শব্দ ব্যবহৃত হয়। Transmitted যোগে বাক্যটির বাংলা : এইডস এমন রোগ নয় যা বাতাস বা পতঙ্গ দ্বারা সঞ্চালিত হতে পারে।
Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019
উত্তর : গ

68. Someone who is— is hopeful about the future or the success of something in particular.
ⓚ powerful ⓛ pessimistic
ⓜ stagnant ⓝ optimistic
Hints : শূন্যস্থানে Optimistic (শুভবাদী বা আশাবাদী ব্যক্তি) বসবে কেননা optimistic হলো এমন একজন ব্যক্তি যিনি সবকিছুর শেষে অশুভকে পরাজিত করে শুভ জয়ী হবে এমন ভাবে বা যার ভালো দিক দেখার প্রবণতা রয়েছে বা সাফল্যে আস্থা রয়েছে।
Sonali Bank Ltd. Officer [Freedom Fighter] 2019
উত্তর : ঘ

69. It is necessary to— standards are maintained.
ⓚ insure ⓛ influence
ⓜ ensure ⓝ control
BCS (2 Govt. Banks) Officer (IT) 2019
উত্তর : গ

Scanned with CamScanner CamScanner

Hints : *Ensure* অর্থ নিশ্চিত করা। বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য *ensure* শূন্যস্থানে বসবে। বাক্যটির বাংলা : মানদণ্ড রক্ষিত হচ্ছে এটা নিশ্চিত করা প্রয়োজন।

70. It is not— for a man to be confined to the pursuit of wealth.

BCS (2 Govt. Banks) Officer (IT) 2019
উত্তর : খ

ক easy খ healthy
গ possible ঘ common

Hints : *Healthy* অর্থ স্বাস্থ্যপ্রদ; শারীরিক অথবা মানসিক অবস্থার জন্য ভালো। বাক্যটিকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে *healthy* শব্দটি ব্যবহৃত হবে।

71. The investment proposal appears very promising—.

Islami Bank Ltd. Probationary Officer 2019; Southeast Bank Ltd. Trainee Officer 2018
উত্তর : গ

ক prima facie খ at first blush
গ apparently ঘ ultimately

Hints : *Apparently* অর্থ বাহ্যত বা আপাতদৃষ্টিতে প্রতীয়মান। *Apparently* শব্দটি বসিয়ে বাক্যটির বাংলা : বিনিয়োগ প্রস্তাবটি আপাত দৃষ্টিতে বা বাহ্যত প্রতিশ্রুতিময়/সম্ভাবনাময়/প্রতিশ্রুতিপূর্ণ মনে হয়। অন্যদিকে *prima facie* অর্থ প্রথম লব্ধ ধারণার ভিত্তিতে, *at first blush* অর্থ প্রথম দর্শনে আর *ultimately* অর্থ অবশেষে, শেষ পর্যন্ত।

72. Savior is always better than the—

BB Officer 2018
উত্তর : ক

ক destroyer খ redeemer
গ executioner ঘ torturer

Hints : *Savior (পরিত্রাতা; ত্রাণকর্তা; বিপদ থেকে উদ্ধারকারী ব্যক্তি)* সর্বদা *destroyer (যে ব্যক্তি বা বস্তু ধ্বংস/বিনাস করে)* এর থেকে ভালো। অন্য *word* গুলো শূন্যস্থানের জন্য যথাযথ না। *Redeemer* অর্থ ত্রাণকর্তা, *executioner* অর্থ সরকারি ঘাতক বা জল্লাদ আর *torturer* অর্থ অত্যাচারী।

73. After the football match the crowd— out of the stadium into the nearest cafes and restaurants.—

BSC Officer (5 Banks) 2018
উত্তর : গ

ক dripped খ poured
গ trickled ঘ leaked

Hints : *Trickle out of somewhere* অর্থ কোনো স্থান থেকে অল্প অল্প করে বের হওয়া। *Trickled* যোগে বাক্যটির বাংলা : ফুটবল খেলা শেষ হওয়ার পর, লোকজন স্টেডিয়াম থেকে অল্প অল্প করে বের হয়ে নিকটতম ক্যাফে ও রেস্টুরেন্টে গেল। তাছাড়া *drip* অর্থ ফোঁটা ফোঁটা হয়ে পড়া, *pour* অর্থ পাত্রে ঢালা আর *leak* অর্থ ছিদ্র দিয়ে তরল বা গ্যাস বেরিয়ে আসা।

74. The word 'skedaddle' is not related to—

BSC Officer (5 Banks) 2018
উত্তর : ঘ

ক toddle খ dash
গ scamper ঘ shroud

Hints : *'Skedaddle' (দ্রুত স্থান ত্যাগ করা)*-এর সাথে সম্পর্কিত শব্দ নয় এমন শব্দ হলো *shroud*, যার অর্থ কাফন; শবাচ্ছাদনবস্ত্র। অন্যদিকে *toddle* অর্থ ছোট ছোট পদক্ষেপে হাঁটা, *dash* অর্থ দ্রুত হাঁটা, আর *scamper* অর্থ ছোট ও দ্রুত পদক্ষেপে দৌড় দেয়া যা *skedaddle*-এর সাথে সম্পর্কিত।

75. Adding narratives and details to the basic content serves to— the book by producing a fuller account.

BSC Senior Officer (IT/ICT) 2018
উত্তর : ঘ

ক invalidate খ objectify
গ celebrate ঘ enrich

Hints : *Enrich the book* অর্থ বই সমৃদ্ধ করা বা মানোন্নয়ন করা। তাছাড়া *invalidate* অর্থ অকার্যকর করা, *objectify* অর্থ রূপ দেওয়া আর *celebrate* অর্থ উদযাপন করা।

Scanned with CamScanner CamScanner

76. The educated tribal young man's radical ideas were frowned on by most of his elders, who found them too— for their conservative values.

ⓚ heretical ⓛ meticulous ⓜ precise ⓝ incoherent

Hints : *Incoherent (অসংলগ্ন) শব্দটি বাক্যে বসবে আর বাক্যটির বাংলা হবে : শিক্ষিত উপজাতি যুবকের প্রগতিবাদী ধারণাগুলোকে অধিকাংশ বয়স্ক ব্যক্তিদের কর্তৃক ভ্রুকুটি করা হলো যারা তাদের রক্ষণশীল দৃষ্টিভঙ্গির কারণে এসব ধারণাকে অসংলগ্ন বলে মনে করল। তাছাড়া heretical অর্থ নব্যতান্ত্রিক; meticulous অর্থ অতি সতর্ক ও যথাযথ আর precise অর্থ যথাযথ।*

BSC Senior Officer (IT/ICT) 2018
উত্তর : ঘ

77. 'Approval' may be expressed by the following interjection :

ⓚ Ha ! ⓛ Hush !
ⓜ Bravo ! ⓝ Hurrah !

Hints : *Approval (অনুমোদন; সমর্থন) যে interjection দ্বারা প্রকাশ পায় সেটি হলো– Bravo যার অর্থ (উৎসাহ দিতে) সাবাস! চমৎকার!*

Sonali Bank Ltd. Senior Officer 2018
উত্তর : গ

78. The environmental damage caused by the oil spill will likely last —

ⓚ to several year ⓛ severally years
ⓜ for several years ⓝ year several

Hints : *Last for a particular period of time অর্থ স্থায়ী হওয়া বা চলতে থাকা। সুতরাং শূন্যস্থানে for several years বসবে আর বাক্যটির অর্থ হবে তেল নির্গমনের ফলে পরিবেশগত বিপর্যয় সম্ভবত কয়েক বছর স্থায়ী হবে।*

Sonali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : গ

79. The man was in — health that the family began to consider whether he could continue to live in his home.

ⓚ so bad ⓛ such worse
ⓜ so badly ⓝ such bad

Hints : *In such + adjective + noun হলো সঠিক sequence। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক শব্দসমষ্টি such bad।*

Sonali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : ঘ

80. This method is not wrong; but there may be a more—

ⓚ suitable ⓛ effective
ⓜ right ⓝ working

Hints : *Effective method অর্থ ফলপ্রসূ পদ্ধতি, কার্যকর পদ্ধতি। বাক্যের শূন্যস্থানে effective বসিয়ে বাক্যটির বাংলা : এই পদ্ধতিটা ভুল নয় কিন্তু এই পদ্ধতির চেয়ে আরো অধিক কার্যকরী/ফলপ্রসূ পদ্ধতি থাকতে পারে।*

Rupali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : খ

81. Tagore's birthday was— with songs and recitation.

ⓚ completed ⓛ maintained ⓜ celebrated ⓝ enjoyed

Hints : *Tagore's birthday উদ্‌যাপন করা হয় গান ও আবৃত্তি দ্বারা। সুতরাং শূন্যস্থানে celebrated বসিয়ে বাক্যটির বাংলা : রবীন্দ্রনাথের জন্মদিন গান ও আবৃত্তি দ্বারা উদ্‌যাপন করা হলো।*

Rupali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : গ

82. Spray cans produce an aerosol, which is — .

ⓚ spraying of very fine ⓛ a spray very fine
ⓜ very a fine spray ⓝ a very fine spray

Hints : *Article + adverb + adjective + noun হলো be verb-এর সঠিক sequence। সুতরাং সঠিক উত্তর a very fine spary।*

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018
উত্তর : ঘ

Scanned with CamScanner CamScanner

University & Medical Questions

01. **Which one is correct?** জাবি 'সি' ইউনিট ২০২১-২২
ক The report comprises ten sections. উত্তর : ক
খ The report is comprised of ten section.
গ The report is composed of ten sections.
ঘ The report is composed with ten sections.

02. **Select the appropriate use of 'reconciliation'.** জাবি 'বি' ইউনিট ২০২১-২২
ক When and how were the steps toward reconciliation taken? উত্তর : খ
খ Reconciliation, after long years of brutality, is always hard.
গ The ground is not exactly fertile for reconliliation to take root.
ঘ All the above.

03. **Chose the most appropriate expression. We're in a bit trouble. Our profits are—.** জাবি 'সি' ইউনিট ২০২১-২২ উত্তর : গ
ক inside out খ stuck-up গ falling off ঘ toping it all off

04. **Several soldiers of the squad were taken — by the enemy forces.** জাবি 'সি' ইউনিট ২০২১-২২ উত্তর : খ
ক capture খ hostage গ kidnap ঘ torture

05. **Liza, your friend is waiting for you — in the car.** জাবি 'সি' ইউনিট ২০২১-২২ উত্তর : ঘ
ক outside খ around গ above ঘ upfront

06. **— his alert and vigilant presence, all predatory animals were said to have been kept within bounds.** ঢাবি ইউনিট ক ২০২০-২১ উত্তর : ঘ
ক Hence খ However গ In addition to ঘ Because of
Hints : *কোনো কারণ বুঝালে 'because of' ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যটির প্রথম অংশে সতর্ক অবস্থানের কথা বলা হয়েছে এবং যার ফলে ২য় অংশে সকল শিকারী প্রাণিদের আবদ্ধ রাখায় কথা বলা হয়েছে। সুতরাং অর্থপূর্ণ বাক্য তৈরির জন্য because of সঠিক।*

07. **Bangladesh is— huge inland open water resources.** ঢাবি ইউনিট ক ২০২০-২১ উত্তর : ঘ
ক equipped with খ submerged by গ blessed by ঘ blessed with
Hints : *Blessed with এর অর্থ সৌভাগ্যশালী। অর্থগত দিক বিবেচনায় (ঘ) blessed with সঠিক উত্তর। অপশনের quipped with, submerged by এবং blessed by-এর অর্থ যথাক্রমে দিয়ে সজ্জিত, দ্বারা নিমজ্জিত এবং দ্বারা আশীর্বাদ প্রাপ্ত।*

08. **Whose book is that?** ঢাবি ইউনিট ক ২০২০-২১ উত্তর : গ
ক It's of Mita's. খ It's Mitas'. গ It's Mita's. ঘ Its Mita's.
Hints : *অর্থগত দিক বিবেচনায় 'গ' সঠিক উত্তর। এবং অর্থ 'এটি মিতার'। যার short 'it's' = it is যেখানে is contracted form এ ব্যবহৃত হয়েছে।*

09. **The peace movement tends to oppose the— of dangerous technologies and weapons of mass destruction.** ঢাবি ইউনিট খ (সেট-২) ২০২০-২১ উত্তর : গ
ক extermination খ smuggling গ minimization ঘ proliferation
Hints : *অর্থগত দিক বিবেচনায় (গ) minimization হবে সঠিক এবং এর ফলে বাক্যটির অর্থ-শান্তি তৎপরতার প্রবণতা হলো ধ্বংসাত্মক অস্ত্র এবং প্রযুক্তিকে কমিয়ে আনা। অন্যদিকে extermination, smuggling ও proliferation-এর অর্থ যথাক্রমে বিধ্বংস, চোরাচালান এবং বিস্তার।*

Scanned with CamScanner CamScanner

10. The idiom which is not related to the concept : 'a positive attitude'.

ঢাবি
ইউনিট খ (সেট-২) ২০২০-২১
উত্তর : ক

ⓚ sour grapes ⓛ get up and go
ⓜ shot in the arm ⓝ rose-tinted glasses

Hints : *A positive attitude (আশাবাদী) এর concept এর সাথে sour grapes (আশাহত) এর concept মিলে না। সুতরাং সঠিক উত্তর (ক)।*

11. The early 20th century Bangladeshi Diaspora in Britain was chiefly a— phenomenon.

ঢাবি
ইউনিট খ (সেট-২) ২০২০-২১
উত্তর : গ

ⓚ non-professional ⓛ specific regionbased
ⓜ predominant ⓝ well planned

Hints : *Predominant অর্থ প্রধান, উদীয়মান। শূন্যস্থানে predominant বসালে বাক্যটি অর্থপূর্ণ হয় এবং এর অর্থ বিংশ শতাব্দির শুরুর দিকে ব্রিটেনে বাংলাদেশী অভিবাসীরা ছিল প্রধান বিষয়।*

12. The struggle this time is a struggle for freedom— the struggle this time is a struggle of emancipation.' – is a very famous quote from—

ঢাবি
ইউনিট 'চ' ২০২০-২১
উত্তর : ঘ

ⓚ Abraham Lincoln ⓛ Nelson Mandela
ⓜ Netaji Subhash Chandra Bose ⓝ Bangabandhu Sheikh Mujibur Rahman

Hints : *প্রশ্নের উক্তিটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ থেকে নেয়া।*

13. My friend failed in the examination because his answers were not— to the questions asked.

ঢাবি
ইউনিট ঘ ২০২০-২১
উত্তর : খ

ⓚ inherent ⓛ pertinent ⓜ allusive ⓝ inclusive

Hints : *Inherent অর্থ স্বাভাবিক, allusive অর্থ পরোক্ষ উল্লেখ সংবলিত, pertinent অর্থ প্রাসঙ্গিক এবং inclusive অর্থ সমেত বা অন্তর্ভুক্তিমূলক। এখানে (খ) pertinent বসালে বাক্যটির অর্থ 'আমার বন্ধু অকৃতকার্য হয়েছিল কারণ তার উত্তর প্রশ্নের সাথে প্রাসঙ্গিক ছিল না' হয় যা সঠিক।*

14. The Wright brothers interest in aeronautics led to

GST অন্তর্ভুক্ত বিশ্ব.
ইউনিট A; (বিজ্ঞান শাখা) ২০২০-২১
উত্তর : খ

ⓚ a foolish thought ⓛ an invention
ⓜ a failure ⓝ a university degree for each

Hints : *Aeronautics এর প্রতি interest-ই Wright ভাতৃদ্বয়কে invention করতে সহায়তা করে।*

15. 'Everyone has the right to a nationality.' Here nationality means—

GST অন্তর্ভুক্ত বিশ্ব.
ইউনিট B (মানবিক) ২০২০-২১
উত্তর : গ

ⓚ nationalism ⓛ race
ⓜ the status of belonging to a particular nation
ⓝ diaspora

Hints : *জাতীয়তা সবার অধিকার। Nationality (জাতীয়তা) হলো নাগরিকের পরিচয়। সুতরাং সঠিক উত্তর (গ)।*

16. Intra-personal conflict occurs—

GST অন্তর্ভুক্ত বিশ্ব.
ইউনিট B (মানবিক) ২০২০-২১
উত্তর : গ

ⓚ between colleagues ⓛ between friends
ⓜ within an individual ⓝ between countries

Hints : *'Intra-personal conflict. সাধারণ দুই অথবা তার অধিক লোকের সাথে হয় না। অপশনের colleagues, friends এবং Country-এর মধ্যে এই conflict হয় না বরং individuals ক্ষেত্রে হয়। সুতরাং (গ) সঠিক।*

17. The hypocrite— feeling which s/he feels s/he should display.

জাবি
ইউনিট B ২০২০-২১
উত্তর : Note

ⓚ shows/apprehend ⓛ depicts/prossess
ⓜ decrise/hold ⓝ simulates/admire

Scanned with CamScanner CamScanner

[**Note :** প্রদত্ত প্রশ্নে 'The hypocrite— feeling'-এর পরে which s/he does not— but which s/he should display" এই পুরো অংশটি দেওয়া থাকলে উ উত্তর হতো অপশন (খ)। এখানে sentence টি simple present tense এ রয়েছে এবং sentence-এর ভাবার্থে বলা হয়েছে ভণ্ড ব্যক্তি (hypocrite) যা দেখায় বা চিত্রিত করে (depict), তা আসলে ধারণ (possess) করে না।]

18. Arrange the followings in sequence (Dictionary Form) :
i. dehumidifies
ii. dehumidified
iii. dehumidifier
iv. dehumanising
